

# সতুর মা



# "দময়স্তীকথা" রচয়ির্ক্তা শ্রীমতী চারুবালা সরস্বতী প্রণীত।


কলিকাতা

. > 9.8

#### (9) of 140

শ্রীজন।খনাথ মুখোপাধ্যার নং ১১, ক্লাইজ রো, কলিকাতা।

> শ্রীগোরাঙ্গ প্রেস, প্রেণ্টার—শ্রীগুরেণচক্র মন্ত্রুদার, ৭১০১ মির্জাপুর ষ্কীট, কলিকাতা।



### ভূমিকা

এই গরগুচ্ছের লেখিকার সহিত সামন্ত্রিক পত্রের পাঠিক-পাঠিকাগণের কিছু কিছু পরিচয় আছে।\* তাঁহার লেখার ভিতর এরূপ লক্ষণ সকল আছে যাহা দেখিয়া মনে হন, এই বল্প পরিচয় ক্রমে বিস্তৃতি লাভ করিয়া খ্যাতিতে পরিণত হইবে।

আজকালকার ছোটগল্পলেথকগণের মধ্যে অনেকেই উচ্ছৃত্যলতার চিত্র আঁকিতেই সিদ্ধান্ত । কিন্তু উপস্থিত গ্রন্থক্তরী সংঘদের
চিত্র আঁকিতেই ভালবাসেন, এবং অন্ধনেও নিপুশতা আছে।
গল্পভালি পড়িলেই বুঝা বাইবে তাঁহার উদ্দেশ্য সাধু। আমাদের
অন্তঃপুরের মা লন্ধীরা যদি নির্কিশেষে সকল রক্ষমের গল্লই
গলাধাকরণ না করিয়া এই শ্রেণীর গল্পের পক্ষপাতিনী হয়েন
তাহা হইলে দেশের মঙ্গল হইবে এবং গল্পমাহিত্যের বিপণগামিনী
গতিও ক্রমে স্থপথে ফিরিবে। ইংরাজী বাঙ্গালা অনেক গল্প
পড়িলাছি, কোন কোন স্থলে চক্ষের জলও ফেলিতে হইলাছে,
পরস্ত "সতুর মা" পাঠ করিতে বসিয়া স্থানে স্থানে বিশেষ শেষকালে
যে ভাবে অশ্রু বিদর্জন করিতে হইল তাহা এক নৃতন ধরণের।
সাধারণ ভাবের ঘটনাবলী অবলম্বন করিয়া ক্ষ্রনার সাহায়ে
সাধ্যমত সাজাইয়া আজকাল অনেকেই গল্প ক্ষিথিতেছেন, কিন্তু

<sup>\*</sup> ইতোপুর্বে লেধিকার গর ও প্রবন্ধ এব: আইচার প্রথম পৃত্তক
"প্ররাগ প্রবাসিনী" এই ছন্ম নামে প্রকাশিত হইরাজিন। লেধকলেধিকাগণের ছন্মনামে সাহিত্যক্ষেত্রে অবতরণ করার প্রথা দূতন স্বাহে।—— চ. সেন।

সতুর মা'র জীবন গ্রন্থ কে প্রণালীতে লেখা হইরাছে তাহার অভিনবৰ অতি উপাদেয়। "সতুর মা'কে বা "বীণার বিবাহ"\* বে তুলিতে আঁকা হইরাছে সে তুলি নিপুণতার সহিত ব্যবহার করা বে-সে চিত্রকরের কাজ নয়। শেষকালে যে রংটুকু ফলান হইরাছে তাহা অতি ফ্লের, অতি উজ্জ্বল এবং করুণরসাল্লক হইরাও অতীব মধুর। ঐ তুলিতে পূষ্পাচন্দন ব্যবিত হউক। অভ্যারগুর্লিও বেশ স্থাপাঠা।

"স্তুশ্ব মা" পড়িয়া যে টুকু আনন্দ ও উন্নতি লাভ করিলাম, তিছিনিমরে লেখিকাকে আমি কি দিতে পারি জানিনা; তিনি আমার ক্লাস্থানীয়া; আশীর্কাদ করি তাঁহার প্রশস্ত হৃদয়খানি আরও প্রশস্ত হৃটয়া বিশ্বপ্রেমে পরিপ্লুত হউক—দীর্ঘ জীবন লাভ করতঃ আজন ধর্ম্মে উন্নত হৃটয়। তিনি সমাজের কল্যাণ সাধনে যতু করিতে থাকুন।

कनिकांठ। ७ता गार्क २२२৮।

শ্রীচক্রশেখর সেন।

\* "বাণার বিবাহ" ১৩১৬ সালের "স্থেজাত" পত্রিকার একাশিত ইইয়াছিল। ুন বৎসরের "বঙ্গ সাহিত্যের বিবরণ" লেগক মহাশন্ধ বজীয় সাহিত্য পরিবৎ পত্রিকার লিখিয়াছিলেন বে, এ বংসরের মধ্যে বতগুলি ছোট গল বাহির ইইয়াছে তল্পটো এই গলটিই সর্কোৎক্রই।—প্রকাশক।

H	ति
أم	71

	- \		
विषय -			পৃষ্ঠা
সভুর মা (কুশদহ)	•••	•••	>
বিশেশর দর্শনে (কুশদহ)	•••	•••	92
वक्क ( कूंभनर )	•••	•••	<b>৯</b> २
অলকণা ( স্থাভাত )		•••	<b>১</b> २৮
হ্যালির ধুমকেতু ( কুশদহ )	•••	•••	>68
মিশন ( কুশদহ )	•••	•••	466
বীণার বিবাহ ( স্থপ্রভাত )	•••	•••	366



## সতুর মা

#### প্রথম পরিচেছদ।

ত্রশ্বায়সম্বলহীনা অনাথা নবছুগার ভুরদুই বধন তাহাকে মজুমদার গৃহে কর্ম লইতে বাধ্য করে, মজুমদার-গৃহিণী গঙ্কজিনী তখন একটি পুত্র কামনার হতাশ হইরা নিতান্ত মনোতুঃখে কালবাপন করিতেছিলেন। একটি সন্তানের অভাব, তাঁহার জীবনটাকে একবারে লক্ষ্যহীন অবসাদগ্রন্ত করিয়ছিল। তাঁহার বিহর বৈভব সমস্তই বেন ব্যর্থ হইয়া গিয়ছিল। লিশুর হাম্য কোলাহলশৃষ্ট নির্জ্ঞন প্রবাসগৃহ ক্রমে তাঁহার বাসের অবোগ্য বলিয়া মনে হইতেছিল।

নবচুর্গা কর্ম আরম্ভ করিয়া অরাদিকের মধ্যেই বুবিল, এত তুখ সোভাগ্যের মধ্যেও তাহার কর্মীঠাকুরাণীর মনের গুঃখটা কি ? স্নেহ প্রেমে গঠিত তুর্ক্ত্বোমল নারীজনরে বেদনাটা তাঁহার কোন্ধানে ? নবতুর্গার কোলে স্বৃত্তখন নিভাস্ত শিশু; তখনও তাহার কচিমুখে কথা ফুটে নাই, তুর্বল চরণ তুখানি দেহ-ভার বহনে সমর্থ হয় নাই। সে শুধু তখন ভাহার ইন্দু-নিভাননের স্থধাহাস্থে জননী-হৃদয়ের শোক ভাপ দূর করিতে, শত্রু মিত্রের অন্তর সমভাবে আনন্দাপ্লুত করিতে শিখিয়াছে মাত্র।

বড় যত্ত্বের—বড় আদরের সতুকে, নবতুর্গা তখন আবশ্যক মত তথ্য যোগাইতে পারে না, ইচ্ছামুরূপ শ্যা পরিচ্ছদাদি দিতে, তুইদণ্ড কোলে লইয়া স্থির হইয়া বসিতে সময় পায় না, দিনরাত যাহাকে বক্ষে রাখিতে সাধ, সে সোনার যাতুকে মাটিতে কেলিয়া, তাহাকে নূতন কাজ বজায় রাখিতে হয়।

আশ্রুষ্য বিধির বিধান! একই সময়ে পক্ষজনী যথন
স্থলর স্থাজ্জিত প্রকোষ্ঠে পুষ্পা-কোমল শ্যায় শয়ন
করিয়া, তাঁহার সমস্ত বিষয় বৈতত্ব তাঁহার জীবনে সকল
সাধ আহ্মাদ একটি সন্তানের অভাবে ব্যর্থ হইল ভাবিয়া
দীর্ঘাস ফেলেন, ছঃখিনী নবছুর্গা তখন তাঁহারই গৃহ
প্রাঙ্গনে কঠিন ভূমিশ্যায় তাহার ননির পুতলি সভুকে
শোয়াইয়া ধনী গৃহের আবর্জ্জনারাশি পরিকার করিতে
করিতে—অর্থাভাবে ছুগ্ধপোষ্য শিশু ছুগ্ধ যোগাইতে

পারিতেছে না বলিয়া গভীর বিষাদে অঞ্চলে অশ্রুমার্চ্জন ' করে।

मार्टिए পড়িয়া সদানন্দ শিশু মনের আনন্দে হাত পা নাডিয়া খেলা করে আর হাসে। মায়ের প্রাণ তাহাতে काॅमिया छेर्छे. किस्त शककिनीत छाथ छाटा इटेट कितिएड চায় না। কি কোমল তা'র অঙ্গ প্রভাঙ্গ, ফুলের পাপড়ির মত ঠোঁট তুটীতে কি স্থন্দর হাসিই ফুটিয়া উঠে! শিশুর দৃষ্টি কি মধুর! পঙ্কজিনী যতই দেখেন, ততই তাঁহার ভাল লাগে--ভতই ছেলেটাকে কোলে তুলিয়া লইতে ইচ্ছা হয়। কিন্ত কি জানি কি ভাবেন, মনে মনে বলেন—"পরের ছেলের প্রতি আর মায়া বাডাব না"। স্বর্গের শিশু সে, কি জানে আপন আর পর ? সভু তাহার তুঃখিনী মায়ের প্রতি চাহিয়া যেমন মিফ হাসি হাসে, যেমন বুকে উঠিবার জ্বন্য মোমের মত কোমল হাতত্বটী বাড়াইয়া দেয়, রাজার রাণী পক্ষজিনীকে দেখিয়াও ভেমনি মধুর হাসে, আর তেমনি করিয়া হাত বাড়াইয়া দেয় ৷ কি माग्रावी (इटल ! পद्धकिनीत कांक नाइ के कान शर्माकरू নাই, তথাপি, কোন না কোন ছুভায় শিক্কার নিকট দিয়া চলিয়া যায়, আর সেই সময় একবার তাঁহার প্রতি লুক पृष्टि रक्तिया यात्र।

124 এক মাস যায় তুমাস যায়, সভুকে দেখিয়া দেখিয়া পঙ্কজিনীর আর আশা মিটে না। পঙ্কজিনী এখন মধ্যে মধ্যে শিশুর উপর ঝুঁকিয়া পড়িয়া তাহার গণ্ডবয় ও চিবুকটী দ্বটী আঙ্গুলে ধরিকা একট নাড়া দিয়া যান, কখন তাহার ক্লেট ছোট হাত দুখানি নিজের তুই করতলে ধরিয়া দোল দিয়া যান, আর বলেন "কি শান্ত ছেলে, মায়ের সঙ্গে কোম খোঁজ নেই, পেটটীও পড়ে গেছে, তবু দেখ কেমন হাছ পা নেড়ে খেলা কচ্ছে, কাঁদতে যেন জানে ना !" धीरत धीरत थे कृष्ट याठूकत शक्किनीत कानग्र मन আকর্ষণ করিতে লাগিল। মন্ত্রমুগ্ধা পক্ষজিনী আজ কাল নির্জ্জন কল্পে শয়ন করিয়া ভাবেন—"ঝীয়ের ছেলে সতু —আমার ত কেউ নয়, কিন্তু, আমি তাকে একদিন না দেখ লে. একবার কোলে না নিলে থাক্তে পারি না কেন ? তবে কি সূতুর উপর আমার মায়া পড়েছে" ? আবার ভাবেন "আছিছা সতুর যদি অস্তথ হয় ? না না ও সব মিছে ভাবি কেয় ? আচ্ছা যদিই হয়, তা হোকু না সতু খীয়ের ছেলে, অন্তথ হলে কি আর আমি ফেলে রাথব 🤊 ---আচ্ছা ৰাক্, নবতুৰ্গা যদি আর এখানে কাজ না করে ? সভুকেও জ তাহলে নিয়ে যাবে!" পক্ষজনী শিহরিয়া উঠিলেন। কিন্তু পরক্ষণেই তাঁহার কত কথাই মনে হইল।

নবদুৰ্গাকে অহাত্ৰ বাইতে দিতে পদ্ধজনীর মন কোন মতেই চাহিল না। তিনি মনে মনে সম্ভব অসম্ভব কড মতলবই আঁটিলেন। যেমন করিয়াই হউক সভুকে তিনি আপনার করিয়া লইবেন। একদিন সকলের অলক্ষ্যে সভুকে বুকে চাপিয়া ধরিয়া পঙ্কজিনীর মনে নবচুর্গার কোল হইতে তাহাকে ছিনাইয়া লইতে ইচ্ছা হইল। শিশুর মাতার মৃত্যুকামনাও তাঁহার হৃদয়ের নিভূত কোণে স্থান পাইতে চাহিল। পক্ষজিনা আবার শিহরিয়া উঠিলেন। মুগ্ধা আপনাকে ভিরস্কার করিলেন। বিবেক বলিল "ছিছি পক্ষজিনী তুমি এতই স্বার্থপর !" পক্ষজিনীর তুই নয়ন প্রান্ত হইতে তুই কোঁটা জল সতুর মাথার গড়াইরা পড়িল। শিশুকে বুক হইতে নামাইয়া পঙ্কজিনী ধীর গন্তীর পদক্ষেপে চিন্তাকুল হৃদয়ে আপনার কক্ষে যাইয়া শয়ন कवित्सम ।

পঞ্চজিনীর স্থামা বথন গৃহে প্রবেশ করিলেন, তথন বালিশে মাথা রাখিয়া পক্ষজিনী শ্যায়ে উঠিয়া বিসিয়া আছেন। মজুমদার মহাশয় অতি যতে ইই হাত দিয়া মাথাটী তুলিয়া ধরিলেন; দেখিলেন বালিশী চোখের জলে । ভিজিয়া গিয়াছে! তিনি সকল কথা বনিলেন, কিস্তু ভাগানীকৈ তাহার হৃদ্যের ধন, নয়ের মণি হইতে े ৰঞ্জিত করিয়া নিজে শ্বখী হইতে কোন মতেই সম্মতহইলেন না। কিন্তু প্রক্রজিনীর চোখের জল তাঁহার
নীতিকঠোর হাদয় গলাইয়া দিল। ক্রমে পঙ্কজিনীর মন
শিশুর প্রতি যতই আকৃষ্ট হইতে লাগিল ততই তাঁহার
নির্মাল হাদয় ধীরে ধীরে সার্থপদ্ধিল হইতে লাগিল। উভযেরই বিবেক অজ্ঞাতসারে মলিন হইয়া আসিল।

অবশেষে পক্ষজিনী অর্থের ঘারা নবতুর্গাকে বশীভূত করিয়া সন্তানটিকে লইবার সকল্প করিলেন। স্বামীর নিকট তিনি আগন অভিপ্রায় জ্ঞাপন করিলে এবার তিনিও সম্মতি দিলেন। নবতুর্গা ভদ্রঘরের মেয়ে দারিদ্রাত্যুংথে পড়িয়া অলের কাঙাল হইয়াই না আজ তাহার গৃহে দাসীরতি করিতে আসিয়াছে, তাহার ছেলে লইতে দোষ কি ? লইতে দোষ নাই, কিন্তু দের কে ? উভয়ের মনে প্রশ্ন উঠিল, নবতুর্গা কি সন্থ চাড়িয়া সন্তানটিকে তাঁহাদের দিতে পারিবে ? স্বামী জ্রীর মনে নব আশা জাগিল, পক্ষজিনীর অন্ত চিন্তা দূরে গেল, নিশিদিন ঐ এক চিন্তাতেই তিনি বিভোর ইইয়া রহিলেন; সতুকে অবলম্বন করিয়া কত আনক্ষপ্রেদ কল্পনা তাঁহার অন্তর ব্যাপিয়া রহিল।

কল্পনা ক্রমে সভ্যে পরিণত হইল। তুঃখিনীর সন্তান সৌভাগ্যবন্ধীর অঙ্কে স্থান পাইল। বহু চেন্টার ফলে পঞ্চজিনী নবদুর্গার সম্ভানটিকে "আমার" বলিবার অধিকার পাইলেন। তাঁহার মাতৃত্মেহপূর্ণ হাদর জগতের সকল স্থপ দুঃখ বিশ্বত হইরা একটি শিশুসন্তানকে বক্ষে পাইবার জন্ম নিশিদিন আকুলা বিকুলী করিতেছিল, আজ সতুকে পাইরা পঞ্চজিনার সে অশান্ত হাদর শান্ত হইল।

নবত্নগা অর্থের বিনিময়ে সম্ভান দিল না, কিন্তু স্বৰ্গীয়-ভাবে পূর্ণ হইয়া সন্তানহীনার অভাব মোচনের জ্বস্থই সে তাহার ধল্লাধরা কামনা-করা পুত্ররত্নটিকে অসময়ের আত্রয়-দাত্রী প্রভূপত্নীকে দান করিল। তঃখিনীর এই মহাদান কেহ জানিল না—দেখিল না। নিভান্ত গোপনে, লোক-লোচনের অর্গোচরে মজুমদার-দম্পতি ইহা গ্রহণ করিলেন।

সাক্ষী রহিলেন সর্ববদশী ভগবান্। আর জগতবাসীর
মধ্যে সাক্ষী রহিলেন মজুমদার মহাশয়ের আয়ব্যয়ের হিসাব
রক্ষক নীলমণি গাঙ্গুলি। মজুমদার-দম্পতি তাঁহাকেও
প্রতিজ্ঞাবদ্ধ করিলেন,—প্রাণান্তেও তিনি একথা কাহারও
নিকট প্রকাশ করিবেন না।

সাভীফলাভে হৃষ্ট মজুমদার-দম্পত্তি এইবার এম্বান ত্যাগ করিবার জন্ম নিতান্ত উৎস্ক্রক ইইলেন, বিশেষ চেফায় কিছুদিনের মধ্যে এ আশাও তাঁছারা পূর্ণ করিতে পারিলেন।

#### সভুর মা

বদলির দরখাস্ত মঞ্চুর হইতেই নব আশা—মবীন আমনে উৎফুল পছজিনী স্বামীর সহিত নৃতন স্থানে আসিলেন। পুরাতন পাচক পরিচারকগণের সকলে বেধানকার লোক সেথাবেই রহিল, সঙ্গে থাকিলেন কেবল গাঙ্গুলি সহাশয়, আর থাকিল নবহুর্গা; তাহাকে ইহারা ছাড়িতে রাহিলেও সে কোনমতে ইহানের সঙ্গ ছাড়িল না। কেবল সে যখন বুঝিল পছজিনী তাহার সর্ববস্থন হাতে পাইয়া এখন তাহাকে এড়াইতে পারিলেই স্বচ্ছন্দ হন, তখন তাহার সাদা প্রাণে আঁচড় পড়িল, ব্যথার পরে ব্যথা বাজিল।

অর্থপার্টন তুইট করিয়া নবতুর্গাকে বিদায় করিতে পারিলেই পদ্ধজনী নির্ভাবনা হইতেন, কিন্তু তাহা হইল মা। নবতুর্গা প্রভূপত্মীর প্রদত্ত অর্থ ও স্থপরামর্শের প্রভিক্তিমাত্র আগ্রহ প্রদর্শন না করিয়া তাঁহাদের অনুমতির অপেক্ষায় না থাকিয়া, কোনক্রমে এই গৃহে একটু স্থান করিয়া লইষ্টা চিরস্থায়ী হইল। পদ্ধজিনী আর বাধা দিতে পারিলেন মা।

নবদুর্গার জীবনের আর এক অঙ্কের আরম্ভ হইল। ভক্রগৃহস্থ-ক্ষু নবদুর্গা অবস্থা বিপর্যায়ে পড়িয়া যে সভূকে কোলে লইয়া জগতে মাতৃত্বের অধিকার পাইয়াছি ভাবিয়া নিঃশক্ষচিত্তে পরের দাসত্ব বাঁকার করিতে পারিয়াছিল—
দরিত্র স্বামীর মৃত্যুর পর ডাক্তার কবিরাজের ঋণ পরিশোধে
কপর্দকশৃষ্ম হইরাও নিজেকে অমূল্য সম্পত্তির অধিকারিণী
বোধে শত তঃখু দৈন্মেও নিশ্চিন্ত ছিল, তাহার অমূল্য
সম্পত্তি সেই সতুধন আজ অন্মের হইল, সতুর উপর তাহার
দাবি দাওরা কিছুই রহিল না, নিজের অবশিক্ত সম্বল
পরহন্তে তুলিয়া দিয়া আজ দীনা কাঙ্গালিনী নবহুর্গা কর্ত্তা
গৃহিণীর ইচ্ছার বিরুদ্ধে নিতান্ত সঙ্কুচিতভাবে মজুমদার
ভবনের একপ্রান্তে রন্ধন গৃহের পার্বে ক্ষুদ্র একশ্বানি টিনের
ঘর অধিকার করিয়া রহিল।

যদিও নবছুর্গা বুঝিয়াছিল তাহার সতু এখন হইতে
মজুমদার-দম্পতিরই নিজস্ব হইল, তাহার আর সন্তানের
উপর কোন দাবি-দাওয়া রহিল না, এমন কি, তাহাকে
'আমার' বলিবার অধিকারটুকু পর্যান্ত সে হারাইল, তবু
সতু যে তাহার নয়ন সম্মুখেই রহিল, নিঃসন্তান ধনী দম্পতির
সেহরাজ্যে একাধিপত্য লাভ করিয়া অতুল সোহাগে, অসীম
যত্নে প্রতিপালিত হওয়ায় এক সময়ে সতুর সে সুকুমার দেহ
উপযুক্ত তুয়া ও শব্যা বসনাদির অভাইব শীর্ণ মলিন
হইতেছিল এখন দিনে দিনে মাসে মাসে কেই দেহে অপূর্বন
লাবণ্যের বিকাশ হইতে লাগিল, তাহাতেই নবছুর্গার মনে

কোভ আর স্থান পাইল না, হরং আপন অধিকারচ্যত হইয়াও সতুর সহিত একই গুহুঁহ বাস করিতে পাওয়ায় তাহার আশা হইল সতুকে কোলে লইয়া—তাহার মুখে অমিয় হাসি দেখিয়া জীবনের তুঃৰ শোক ভুলিতে পারিবে, এমন কি নিজের অন্তরের আশা আদর্শ দিয়া ভাহার শিশু-হৃদয়টি গঠিত ক্রিয়া তুলিতে পারাও হয়ত অসম্ভব হইবে না। কিন্তু, গ্র আশা তাহার ফলবতী হইল না। সতুর মুখে অমিয়মাখা মা বুলি ফুটিবার পূর্বেবই পক্ষজিনী তাহার সে ভুল ভাঙ্গিলেন ৷ ত্র:খিনীকে আশাহত করিয়া কর্ত্রী-ঠাকুরাণা যে নৃতন ছকুম জারি করিলেন, তাহাতে নবহুর্গার বুৰিতে বিলম্ব হইল না যে, সতুর নিকট হইতে ভাষাকে সর্ববদা দূরে রাখাই কত্রীর এই নৃতন আদেশের উদ্দেশ্য। প্রাণপণ-বলে নবন্তুর্গা তাহার উচ্ছু সিত অশ্রুবেগ সম্বরণ कतिया नीतरव कर्जीत रम निष्ठत जारमण भिरवाशार्याः कतिल।

দিনের পর দিন সত্র দেহে লাবণ্য বেন উছলিয়া পড়িতে লাগিল। সতু দোলনা ছাড়িয়া "হাঁটি-হাঁটি-পা-পা" করিতে শিখিল, মুখে মধুর আধবুলি ফুটিল, শিশু-স্বভাব স্থলত হর্ষ-চাঞ্চল্য প্রকাশ পাইল, তাহার সরল তরল স্থধাহাতে সোহাগ-ক্রন্দনে প্রক্রিনীর নীরব কক্ষ 'মুখরিত হইল। সতু মজুমদার-দম্পতিকে মা বাবা বলিয়া চিনিতে ও ডাকিতে শিখিল। উভয়ের অন্তর ছাপাইয়া আনন্দের স্রোভ বহিল, চোখে মুখে অপূর্বব পুলকদীপ্তি প্রকাশ,পাইল। নিঃসন্তান দম্পতির বৈচিত্র্য-विश्रोन विशापंभग्न जीवतन कुछ निक शीरत शीरत जावात আশা আনন্দ ও উৎসাহ জাগাইল। সভুর "সভু" নাম লুপ্ত হইল, তাহার নাম হইল "রাজেন্দ্র"! পিভামাতার কাছে সতু রাজেন্দ্র ও তাঁহাদের আশ্রিত কর্মচারী দাস দাসী প্রভৃতির নিকট "রাজাবাব্" নামে অভিহিত হইতে লাগিল। ভ্ৰমক্ৰমেও কোন দন "সতু" নাম মুখ হইতে উচ্চারিত না হয়, নবতুর্গাকে এ বিষয়ে বিশেষ ভাবে সভর্ক করিয়া দেওয়া হইল। নবচুর্গার প্রাণে আঘাতের পর আঘাত পড়িল, বড় জোরে একটা নিখাস অনেকখানি ভতাশের সহিত অন্তর ভেদ করিয়া বাহির **ছ**ইয়া গেল। নবছুর্গা নীরবে এ প্রস্তাবেও সম্মত হইল। সেলাইয়ের कलिं (यमन চालरकत शक वा इन्छ जाज़त्न)वाधा इरेत्रा স্থুন্দর কোমল রেসমী রুমালখানির কিনারা সূচীবিদ্ধ করিয়া প্লিচের পর প্লিচ্ ফেলিয়া বায়, নবতুর্গাও ধর্মাবৃদ্ধির তাড়নায় বাধ্য হইয়া তেমনি আপন দীন বেদনাঞ্চুর হাদয়-খানার প্রতি লক্ষ্য মাত্র না রাখিয়া নীরবে নিয়মিতরূপে

নিজের কর্ত্তব্যগুলি পালন করিয়া বাইতে লাগিল। কিন্তু, শত চেষ্টাতেও নবতুর্গা চিত্তের তুর্বলভা সম্পূর্ণ-রূপে গোপন দ্বাখিতে পারিল না। কর্ত্তব্য সম্পাদনেও তাহার প্রতিপদে ভুল ভ্রান্তি দেখা যাইতে লাগিল। নৈমি-ত্তিক কর্ম্ম কাজের মধ্যে সময়ে সময়ে সহসা নবতুর্গার মনের অবস্থা এখনি দাঁড়ায়, যখন সে কত্রীঠাকুরাণীর সকল विधि निरुध मूईएर्खेत जन्म जुलिया यात्र। मजूत मा, ना ৰলিয়া ভাহাকে নবতুৰ্গা বলিয়া ডাকিলে ভাহার চোখে কল আসে। সভুর হাস্ত ক্রন্দনে আকৃষ্টা হইয়া, যে স্থানে ষাওয়া নিষেধ, অভ্যমনস্ক ভাবে সে স্থানে সে গিয়া পড়ে। লোকলোচনের অন্তরালে মুহূর্বের জন্মও সভূকে একা পাইলে সকল ভূলিয়া সাদরে বক্ষে ভূলিয়া লইয়া শত স্লেহ চুম্বনে তাহার কোমল কপোলে রক্তকমল ফুটায়, অবোধ শিশু সে স্নেহচুৰ্বনে সোহাগে গলিয়া হাসিয়া লুটাইয়া পড়ে—বাৎসল্যরসাপ্ল জননীর স্তন হইতে অমৃত ক্ষরিতে थार्क. अन्तर श्रुकंक-विश्वल. नरान मिललार्ज हरा। किन्न সে কভক্ষণ ? নিমিষের স্থখ নিমিষে ফুরায়! সহসাগতা পদ্ধজনীর তীক্ষ বাণের মত ভ ৎস্নাসূচক দৃষ্টি, তাহাকে ব্যাকুল, ব্যথিত, ত্রাসিত করিয়া অবিলম্বে স্বকর্ত্তব্য সম্পা-ন্সনে বাধ্য করে। ফু:খিনীর বাক্ফুর্ত্তি হয় না। মর্শ্মভেদী

'দীর্ঘাস বাডাসে মিশে, অশ্রেবিন্দু নয়নেই অদৃশ্য হর,
ঝরিয়া পড়িবার তুঃসাহস তাহারা রাখে না।

লোভ বড ভয়ানক! লোভের স্থায় শক্র মামুষের आत नारे: आतुरुहे मठर्क ना रहेरल मर्वनाम ! हेरात দায় এড়ান বঁঠিন। নবতুৰ্গা সৰ ছাড়িয়া সভুকে মজুমদার দম্পতিকে দান করিতে পারিল, ভবিষ্যতে তাহাকে অবলম্বন করিয়া লুপ্ত-সংসার পুনঃ প্রতিষ্ঠিত করিবার, ভাহারই কল্যাণে স্থখ সৌভাগ্য ও স্বাধীনতা লাভ করিবার वामनाटक शामियुर्थ विमर्ब्छन निग्ना চित्रनांमीक श्रीकात করিতে পারিল, কিন্তু স্থােগ পাইলেই সভুকে কোলে লইবার, তাহার সর্বাঙ্গে স্লেহহস্ত বুলাইতে বুলাইতে সভয় চকিত দৃষ্টিতে চতুর্দ্দিক নিরীক্ষণ করিতে করিতে, দিনাস্থে একটিবার ভাহাকে স্তম্মপান করাইবার লোভটুকু ভাহার সম্বরণ করা চরহ হইল ৷ নবচুর্গা অতি লোভ অতি সহজেই সম্বরণ করিল, কিন্তু, তুচ্ছ লোভ তাহার অসম্বরণীয় হইয়া উঠিল! ক্রমে পকজিনীর দৃষ্টি এড়াইয়া সভুর সান্নিধ্য লাভের স্থযোগ অবৈষণ, তাহার নৈমিক্তিক কর্ম্মের गर्धा এक है। अधान कार्या इहेन।

সতর্কতা সত্ত্বেও কিন্তু নবচুর্গা বেশী দিন কত্রী ক্লাক্রাণীর বৃষ্টি এড়াইতে পারিল না, চতুরা পক্ষজনী কৌশলে নবতুর্গাকে তাঁহার সম্ভানের নিকট হইতে দূরে সরাইয়া দিলেন। ভবনের যে যে আইশে রাজেন্দ্রের গতিবিধির সম্ভাবনা কম, সেই সেই অংশে ছাহার কর্ম্ম নির্দেশ করিয়া দিলেন। নবতুর্গা সেই সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যে থাকিয়া বিরাম-হীন কর্ম্মে আগনার সমস্ত সময় ও শক্তি ব্যয় করিয়া কর্ত্রীর প্রসম্মতা দাভ করিবার যত্ন করিতে লাগিল; কিন্তু দুর্ভগা সে, তাহাকে প্রসম্ম করিবার একমাত্র উপায় ছিল —নবতুর্গার টিরদিনের জন্ম এ ভবন ত্যাগ করিয়া অন্যত্র গমন। নবতুর্গা কিন্তু তাহা পারিল না।

রাজেন্দ্রের বয়স যত বৃদ্ধি পাইতে লাগিল, বৃদ্ধিবৃত্তির ফুরণ হইতে লাগিল—তাহার সর্ববেতামুখী প্রতিভা ভবিষ্যতে তাহাকে উন্ধতির উচ্চ সোপানে উন্ধাত করিবার আশা দিতে লাগিল, পদ্ধজিনী সভ্য অন্তরে ততই নবছুর্গাকে তাহার দৃষ্টি হইতে দূরে রাখিবার জন্ম প্রাণ-পণে চেন্টা করিতে লাগিলেন। ভাবনা—পাছে নবছুর্গা সন্তানপ্রীতি-বদে প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া তাহার কোল হইতে এত সাধের রাজেনকে কাড়িয়া লয়। ভয়—নবছুর্গার অসাবধানে পাছে কোন অশুভ মুহুর্ত্তে সত্য কথাটা রাজেন্দ্রের নিকট প্রকাশ হইয়া পড়ে। শেষে পদ্ধজিনীর অত্যন্ত সাবধান্তায়, সহুকে কোলে লওয়া আদর যত্ন

করা ত দূরের কথা দিনাস্তে একবার সত্র দশন লাভেও
নবতুর্গা বঞ্চিতা হইল। সে স্পায় অমুভব করিতে লাগিল
—আর সে সস্তানের জননী নয়,—স্বামার পত্নী নয়,
পিতামাতার কলা নয়, আতার ভগ্না নয়; ভদ্র পরিবারের
বধু নয়, নিশ্মম অকৃতজ্ঞ ধনী দম্পতির তুর্ভগা পরিচারিকা
সে,—প্রাণহীনা ক্রীতদাসা সে,—তুচ্ছ সে,—ধরণীর ধূলা
সে;—তাহার হাস্ত-ক্রন্দনে, হর্ষ-বিধাদে কাহারও কিছু
আসে যায় না।

# দ্বিতীয় পরিচের্ছদ।

পোযের শেষ। সেদিন জয়ানক শীত-আকাশ মেঘাচ্ছন। বেলা আটটা বাজিয়া গিয়াছে, তখনও রৌদ্রের মুখ কেহ দেখিতে পায় নাই। বাগানের গাছ-পালা হইতে রাত্রির শিশির তখনও অবিরাম ঝারতেছে, ফুল-গুলি হিমে মুশড়িয়া আছে। কন্কনে হাওয়ায় মানুষের পঞ্জর যেন থসিয়া শাইবার উপক্রম হইতেছে, পশুপক্ষিগুলা পর্যাম্ভ শীতে আডম্ট হইয়া গিয়াছে। নিঃসন্দেহ এই শীতে গঙ্গাসাগরের যাত্রীরা পৌষসংক্রান্তিতে প্রাতঃস্থান করিয়া মহাপুণ্য সঞ্চয় করিতে পারিবে, আর দেশের যত থুখরে বুড়ে: বুড়ি, পুরাতন রোগী কেউ কোথাও থাকিবে না, जाशामा खबलीला मान्न कवित्व बहात-এই मस्रवा প্রকাশ করিতে করিতে বামুন ঠাকরুণ দো-পাকা উনানে ডাল চক্ষড়ি চড়াইয়া ভাতের ফেন গালিভেছেন, আর নব-·দুৰ্গা স্নান-শেষে একখানা আধময়লা কাপড় বেড় দিয়া পরিয়া শীতে হি ছি করিতে করিতে রামাঘরের দালানে বসিয়া তরকারি কুটিভেছেন—শোনা গেল উপরে ডাক্তার বাবু আসিয়াছেন ৷ পদ-শব্দে বোধ হইল ডাক্তারবাবু

. কর্ত্তাবাবুর শয়নকক্ষে যাইবার জন্ম ত্রিতলের সিঁড়িতে উঠিতেছেন।

বামুনঠাকরুণ রশ্ধনে ব্যস্ত, এ শব্দ তাঁহার কর্ণে প্রবেশ করিল না, কিন্তু নবতুর্গা হঠাৎ ডাক্তারবাবুর আগমনের কারণ না বুঝিয়া উৎকণ্ঠিতা হইয়া উঠিল। "ডাক্তার আসিয়াছেন, অবশাই কাহারও অস্তথ : কিন্তু, কাহার অস্তথ প বাডীতে লোক অনেক কিন্তু আজকালের মধ্যে কাহারও অস্তুখ হইয়াছে বলিয়া ত সে শুনে নাই ? কর্তাবাবু, দিদি-ঠাকরুণ—তাঁরাও ত ভাল আছেন: রাত্রে গিল্লি আমার সামনেই বামুনঠাকরুণকে সকালের জন্ম ভাঁড়ার বা'র করে দিয়ে গেলেন: কই তাঁর ত অস্থাখের কোন লক্ষণ দেখলুম না ? অন্ত দিন যেমন কালও তেমনি, কিন্তু হাঁ! মনে পড়চে বটে. অন্ত দিনের চেয়ে কাল দেখলুম একটু বেশী ভাড়া-তাডি উপরে উঠে গেলেন, কারও সঙ্গে কথা কইলেন না: কারও ভাল মন্দ কাজ দেখে শুনেও কিছু রল্লেন না: মনটার যেন বড় ঠিক নেই, চিন্তিত অন্যমনক। হাঁ হাঁ মুখ-थाना । विषक्ष-मा (तर्थिक नूम मान राक्ष ! अमन (कन. হ'ল ?"—ভাবিতে ভাবিতে নবতুর্গার সভুর ছুথা মনে হইল। "হাঁ ভাইত কই সতুকে ত কাল স্থলে যেন্ধে, বাগানে খেলতে যেতে দেখিনি ? আজ এখন পর্যান্ত একটাও কথার

আওয়াজ পাইনি কেন ? সতুর কি তবে কোন অস্তখ হয়েচে ? সে কি আজ বিছানা থেকে উঠতে পারেনি ?"

সতুর কথা ভাবিতে ভাবিতে নবতুর্গা কপিতে ফালা
দিতে গিয়া নিজের আঙুলে ফালা দিয়া বসিল; কপির
ধব্ধবে সাদা ফুলটী রক্তে লাল হইয়া গেল। রামাঘর
হইতে বামুনঠাকরুণ হাঁকিলেন, "ঝোলের কুট্নো. মাছের
ঝোলের কুটনো এখনও দিয়ে গেলে না, আটটা বেজে গেল,
ঝোল চড়াতে পারলুম না; শীতের বেলা দেক্তে দেক্তে
বেড়ে যাবে, কর্ত্তাবাবুকে আপিষের ভাত দেব কখন গো ?"
এমন সময় দালানের দিকে ফিরিভেই বামুনঠাকরুণের দৃষ্টি
পড়িল রক্তমাখা কপিটা আর নবতুর্গার কাটা আঙুলটার
দিকে। নবতুর্গা ভখন যত জলে ডুবাইয়া আঙুলটার রক্ত
বন্ধ করিয়া তাড়াতাড়ি বামুনঠাকুরুণের হুকুম তামিল
করিবার চেন্টা করিতেছিল, ততই নূতন রক্ত আনাজ
ভরকারি খালা বাটি আর জলকে রঙাইয়া তুলিতেছিল।

বামুনঠাকরুণ বিরক্ত হইয়া বলিলেন,—"ওকি ! আঙুল শকেটে বস্লে নাক্ষি ? ভাল জালা যাহোক, দিন দিন বেন ভোমার কাজ কর্মা কি হয়ে যাচেচ, এখন যাও সরে বস, আমি নিজেই কুটে নিই। ভোমার কি ? ভূমি এখন হাত কেটে বসে রইলে আমায় ত রাঁধতে হবে, সময়ে আপিষের ভাত না দিতে পাল্লে জবাব ত আমাকেই দিতে হবে ?" আপনার মনে গজ গজ করিতে করিতে কিপ্রশ্নে বামুনঠাকরুণ আলু কপি কুটিতে লাগিলেন। নবচুর্গার কানে গেল কর্ত্তাবাবু বলিতেছেন—"অস্থ্য কি বড় শক্ত বোধ হল ? "একদিনেই এতটা বেড়ে গেল!" ডাক্তার বাবু বলিলেন—"একদিন, একদিন ত বেশী সময়, এক বেলায় রোগ বেড়ে যায়! যাহোক ভাববেন না, অর্ধ ছটো শীদ্র আনিয়ে নিন্ আর যেমন যেমন বলে গেলুম ঠিক ঠিক করতে বলবেন ওবেলা আবার আমি দেখে যাব।" তারপর ছজনের পদশব্দ শুনা গেল। নবছুর্গা বুবিল বাহিরের দিকের সিঁড়া দিয়া ডাক্তারের সঙ্গে কর্ত্তাবাবু নীচে নামিয়া গেলেন।

চারিদিক নিস্তর্ধ আর কোন সাড়া শব্দ নবহুর্গার কানে গেলনা, কেবল রায়াঘরের ভিতর হইতে কর্কশ কণ্ঠে বামুনঠাকরুণ বলিয়া উঠিলেন—"কিগে! আকাট হয়ে দাঁড়িয়ে রইলে কেন ? হাত কি কারও কাটে না ? একটুখানি আঙুল কেটেচে বলে কাজ কর্মাছেছে সভিটেই বসে ধাকবে নাকি ?" তাড়াতাড়ি কড়াইশুটিগুলো চাড়া-ইয়া দিতে বলিয়া নবহুর্গার প্রতি বিরক্তিপ্রকাশ করিতে করিতে বামুনঠাকুরুণ আবার রায়াঘরে প্রবেশ করিলেন।

#### সতুর মা

বামুনঠাকুরুণের সকল কথা নবছগার কানে গেল না।
তাহার মাথা বন্ বন্ করিয়া ঘুরিতে লাগিল, সর্বব শরীর
বিম্ বিম্ করিতে লাগিল, তাহার অন্তরে কেবল প্রতিধ্বনি
উঠিতে লাগিল—শক্ত, রোগটা শক্ত, বেড়ে যায়—এক
বেলায় বাড়ে!

"ঐ ত সি'ড়ী"—নবহুৰ্গা ভাবিল—"ঐ ত সিঁড়ী, উঠি না কেন ?" সাহস করিয়া চুটি সিঁড়ী পার হইতে পারিলেই ত্রিতলে সতুর শক্ষনকক্ষ। ঘরের মধ্যে সম্মুখের পালক্ষে সতু তাহার জননীর কাছে শয়ন করিয়া আছে. না জানি কি অসুখ, কি অবস্থায় সে এখন আছে! নবদুৰ্গার ইচ্ছা হইতে লাগিল একবার সে ছটিয়া গিয়া মুহুর্ত্তের জন্যও সতুকে দেখিয়া আসে। এক এক পা করিয়া সিঁড়ীর দিকে অগ্রসর হইল, তুই এক সিঁড়া উঠিল—কর্ত্তা গৃহিণীর গোপন আদেশ নব্তুর্গার স্মরণ হইল, স্মরণ হইল, চির-দিনের জন্ম এ ভবৰ ত্যাগ করিয়া অন্মত্র গমন সে আদেশ লজ্বনের শান্তি!ুনবতুর্গা শিহরিল, তাহার সাহসে কুলা-.ইল না. সে ধারে ধারে পুর্ববস্থানে ফিরিয়া আসিয়া কডাই-শুটী ছাড়াইবার ছেফা করিল। ঠিক সেই সময়ে গুহিণীর প্রধানা পরিচারিকা বিন্দু একটা দম্কা বাতাসের মত বেগে রামা ঘরে প্রবেশ করিয়া ছরিত বচনে বলিল-

"ওগো ও বামুনঠাকুরুণ তোমার ও সব রায়া বায়া কেলে রাখ, গরম জল চড়াও গরম জল—কোমেণ্টো হবে কোমেণ্টো, খোকাবাবুর বড় ব্যামো—এখনি ডাক্তার এয়ে-ছিলেন, ভূমি জল চড়াও, খুব ফুটন্ত জল চাই। আমি বাইরে নিখেকে বলে আসি, একটা লোরার উত্ন আর কাট করলা আমায় ভেডলায় দিয়ে আসে।"

রামুনঠাকরুণ বলিলেন—"বড় ব্যামে। কার ? কি
ব্যামে। ? ওলো বিন্দা কি ব্যামে। ভাল করে বলে যা"—
বলিতে বলিতে বিন্দুর পশ্চাৎ পশ্চাৎ ছুটিলেন, বিন্দু আর
থামিল না, বামুনঠাকরুণের কথার উত্তর দিতে দিতেই
ফ্রেডপদে বাহিরে গেল। ফোমেণ্টের জল গরম হইতে যে
সময়টুকু লাগিবে, সেই সময়ের মধ্যে স্থিরভাবে সকল কথা
বলা এবং নিধেকে উনান ও কাঠ কয়লা আনিতে ছকুম
করা অসম্ভব না হইলেও গৃহিণীর প্রধানা পরিচারিকা বিন্দুবাসিনী যে খোকা বাবুর বাায়রামে নিতান্তই চিন্তিত হইয়া
পড়িয়াছে, সেই কথাটা বাড়ীর সকলকে জানানই, আলস্থের
বাদসা বিন্দুদাসীর এই হাঁকডাক ও বাস্তভার কারণ।

বিন্দু বলিল—"খোকাবাবুর, খোকাবাবুর—আমাদের রাজাবাবুর ব্যামো। নিমনিয়ে—আর ঐ হে কি বল্লেন ডাক্তারবাবু ব্যাক্ষকাইটি না কি ? আহা পর । সকালেও

#### সতুর মা

বাছা ভাল ছিল গো, দেক্তে :দেক্তে রোগটা হয়ে পড়ল !"

নবহুর্গা উৎকর্ণ হইয়াছিল, দূর হইলেও কথাগুলা স্পাই শুনিতে পাইল, তাহার মুখ বিনর্গ হইয়া গেল, দেহের সর্ববস্থানের রক্ত ষেদ বক্ষে আসিয়া জমাট বাঁখিল। হায় হায়! ঠিক এমনি দিনে, কাল পৌষ মাসের ঠিক এমনি শীতে ঐ কাল নিউমনিয়া রোগই ত তাহার স্বামীকে লইয়াছে! আবার, আবার সেই!—নবহুর্গার জিহ্বা ওপ্ত শুক্ষ হইল, নিশাস ক্লন্ধপ্রায় হইল। উদ্ধে দৃষ্টি করিয়া অস্পাই জড়িতস্বরে নবহুর্গা ডাকিল—"ভগবান!"

গৃহের বাহিরে আসিতেই মনে হইল, অন্ধকারে কে বেন সরিয়া গেল। পক্ষজনী বিন্দুকে ডাকিয়া বলিলেন—
"বিন্দা ও বিন্দী! দেখ তো ওপরে কে এয়েচে, মনে হ'ল কে যেন সরে গেল ?" বিন্দুবাসিনীর নয়নে নিদ্রাদেবী তখন অচলা হইয়া বসিয়াছেন, পাঁচ সাত ডাকেও তাহার সাড়া মিলিল না, সে যেশ্বন ছিল—বৃহৎ লেপের তলে তেমনি আপাদমন্তক আবৃত হইয়া পড়িয়া রহিল; কত্রীঠাকুরাণীর ডাকাডাকি ঠেলাঠেলিতেও তাহার ঘুম ভাঙ্গিল না। বাসিকা-ধ্বনি না থাজিলে, সে জাবিত কি মৃত তাহাও বুকি জানিবার উপায় ছিল না!

বিন্দু যখন উঠিল না, পক্ষজিনী নিজেই সাহসে ভর করিয়া আলো হাতে লইয়া ঘর ও বাহিরের চ হুদ্দিকে একবার দেখিয়া লইলেন, কাহাকেও দেখিতে পাইলেন না; কাহারও কুথার শব্দ শুনিলেন না। কেবল যেদিকে যান তাহার 'বিপরাত দিকে যেন পদশব্দ,—শেষে মনে হইল দে শব্দ সিঁড়ির দিকে গেল। কে যেন ক্রত অথচ সতর্কতার সহিত সিঁড়ি দিয়া নামিয়া গেল। পক্ষজিনা একা বিতলে নামিতে সাহস না করিয়া ঘরে করিয়া ঘার বন্ধ করিয়া দিলেন। কেমন একট্ ভর ভয় করিতে লাগিল।

পরদিন ঠিক ঐরপ মনে হইল, কিন্তু লোক দেখিতে পাওয়া গেল না। প্রভাতে সকলকে ডাকিয়া জিচ্ছাসা করা হইল, কেহই কিছু বলিতে পারিল না। রাত্রিতে বিন্দুকে ডাকিয়া পক্ষজিনী বলিয়াদিলেন—"আজ একটু সজাগ থাক্বি, ডাক্লে উঠে আমার সঙ্গে চারিদিক্ দেখবি, এক্লা আমার ভয় করে।" বিন্দু উত্তর ক্রিল—"কেন মা আমি তো সজাগই থাকি, তুমি ডাক্লেই উঠি, চুপি চুপি ডাকলে কি ঘুমস্ত মামুষ শুনতে পায় •ৄ"

পকজিনা অপেক্ষাকৃত কৃষ্টস্বরে বলিলেন—"চুপি চুপি ডাকি বৈকি ? ওকে বলে সজাগ ঘুম ! পোড়ারমুখী যেন মরে ঘুমোর !" বিন্দু বলিল—"না বো না, আজ খুব সজাগ থাকবো, একটু জোরে ডেকো ।" পঙ্কজিনী বলিলেন— "শুধু জোরে ডাকা নয়, ঘুম না ভাঙ্লে আজ ডোর পিটে ঠেঙা লাঠি ভেঙে ওঠাবো ।"

বিন্দু সেদিন সঞ্চাগ হইয়া রহিল। গৃহিণী নিদ্রাহীনচক্ষে উৎকর্ণ হইয়া রহিলেন, কিন্তু সে রাত্রিতে কোনো
শব্দ পাওয়া গেল মা। ত্রিতলের কোনও স্থানে কাহারও
আগমন অনুভূত হইল না। পরদিনও সেইরূপ একবার
একটু সন্দেহ হইয়াছিল কিন্তু সে কিছু নয়। আলো
হাতে চারিদিকে ঘ্রিয়া ফিরিয়া বিন্দু বিরক্ত হইয়া
স্বস্থানে আসিয়া শয়ন করিল।

তুই একদিন ছাড়া প্রায় প্রত্যইই এইরূপ মনে হইতে লাগিল, কিন্তু অনুসন্ধানে কোনো ফল হইল না! গৃহিণার কথা অনুসারে বিন্দু তুই চারিদিন তাঁহার সহিত জাগিয়া ব্যিয়া রাত কাটাইল, তারপর আর বড় ও বিষয়ে মন দিল না। স্বয়ং কর্ত্তা অবিশাসের হাসি হাসিয়া বলিলেন—"ও কিছু নয় গো কিছু নয়, তা নইলে কেউ কিছু দেখে না শোনে না, তুমিই কেবল শব্দ পাও ? রাত জেগে জেগে ভোমার ও একটা বাই হয়েছে। বল্লুম পারবে না, তোমার অত কফ্ট সহা হবে না, একজন

্নার্স রেখে দিই, তাও তো দিলে না, ছেলের শুশ্রাবার ভার আর কারও হাতে দিয়েও তো বিখাস নেই!"

গৃহিণী বলিলেন,—"না গো না ঠাট্টা নয়, সত্যিই শুন্তে পাই। কাকেও দেখতে পাই নে, কিন্তু মাঝে মাঝে পায়ের শব্দ পাই, কে যেন সরে গেল মনে হয়। আচ্ছা বেশ, তুমিই এই ঘরে খেকে।—আমার যখন সন্দেহ হবে ভোমাকেও শোনাব।" কঠা একটু অবিশাসের হাসি হাসিয়া নীরব রহিলেন, পক্ষজিনী চিন্তিত মনে ছেলের শুক্রমা করিতে লাগিলেন।

## তৃতীয় পরিচ্ছে।

পূর্ণিমার রাত্রি-গভীর নিশীথ। ঘর ঘার ছাদ প্রাক্তন বিমল জ্যোৎসায় উদ্তাসিত,—ধীরে ধীরে শীতের শীতল বায় প্রবাহিত,—কৃর্হৎ মজুমদার-ভবন নীরব নিস্তব্ধ,— অন্দর-বাহিরে সকলে গভীর নিদ্রায় অচেতন। ছাদের: সম্মুথে রারান্দার দিকের বড় ঘরে পালক্ষের উপর স্থকোমল শ্যাায় রোগক্লিফ রাজেন শায়িত, দূরে বাতি-দানে বাতি জ্বলিতেছে, চারি কোণে চারিখানি টেবিল, রোগীর ঔষধ পথ্য ও নানা আবশ্যকীয় দ্রব্যে পূর্ণ। পালক্ষের নিকটে টিপায়ে ফুটস্ত ফুলের তুইটি গুচ্ছ. তাহাতে नाना काजीय शानारभव स्थारक होर्भिन् निनिरमन्हे প্রভৃতির গন্ধের ভীব্রতা হ্রাস করিতেছে। অল্লকণ বিশ্রামের জন্ম পুত্রের নিকট দাসীকে বসাইয়া রাজেন্দ্রের জননী পালক হইতে একটু দূরে একখানা আরাম-ু কেদারায় শয়নমাত্র নিদ্রিত হইয়া পড়িয়াছেন। দাসী রাজেন্দ্রের মস্তবের ধীরে ধীরে বাতাস করিবার উপদেশ পাইয়া পাখা-হক্তে মস্তকের নিকট বসিয়া ঢুলিতে ঢুলিতে অবশেষে ভূমিশষ্যায় পড়িয়া ঘুমাইয়াছে, চতু-

দিকের গভীর নিস্তব্ধতা ভঙ্গ করিয়া ব্র্যাকেটের উপর ক্লকটা কেবল টিক্ টিক্ শব্দে অবিরাম চলিতেছে।

অতি ধীরে, অত্যন্ত সর্কতার সহিত পশ্চাতে বারাল্পার দিকের ক্ষুদ্র ভারটি খুলিয়া নবচুর্গা শ্যার উপর
রাজেন্দ্রের পার্শে আসিয়া বসিল। বাতির আলোকে
উজ্জ্বল গৃহে মশারি ও লেপ বালিশের অন্তরালে বসিয়া
অঞ্চল হইতে দেবতার নির্ম্মাল্য খুলিয়া রাজেন্দ্রের
ললাটে স্পর্শ করাইয়া উদ্ধ্যুথে যুক্তকরে নীরবে কি
প্রার্থনা করিল, তারপর আত্মগোপন চেফায় বাত্তির
আলো যথাসন্তব অনুজ্জ্বল করিয়া সেই স্বল্লালোকে
তাহার জীবন-সর্ববিদ্ব সতুর মুখের প্রতি দৃষ্টি স্থির রাখিয়া
অতি ধীরে অতি সাবধানে বাতাস করিতে করিতে তাহার
ক্ষরতপ্ত দেহের উপর জননী-হৃদ্যের অনস্ত শুভ ইচ্ছার
সহিত স্মেহহস্ত বুলাইতে লাগিল।

রোগের ঘোরে চাঞ্চল্য প্রকাশ করিয়া রাজেন ডাকিল
— 'মা'— 'মা'। সে ধ্বনি নিদ্রিত পঙ্কজিনীর নিদ্রাভঙ্গ
করিবার পূর্বেবই ত্রন্তে-ব্যক্তে পীড়িতের মুখের কাচে
অবনতা হইয়া:নবহুগা জিজ্ঞাসা করিল, "কেন বাবা •়"

মুদ্রিতনয়নে রাজেন্দ্র উত্তর করিল—"জল, মা— বড় কফ্ট"—নবতুর্গা অতি সাবধানে উঠিয়া টেবিলের উপর হইতে সোডার জল আনিয়া খাওয়াইন, রোগী তৃপ্তিবোধ করিয়া বলিল—"আঃ।"

নবহুর্গার স্বত্ন শুশ্রাষায় রেছগের কন্টের মধ্যেও রাজেন্দ্র ঘুমাইতে শাগিল। দিবারাত্রি একা অনবরত পীড়িত পুত্রের শুশ্রাষ্য ক্লান্ত পঙ্কজিনা, আঁর প্রভূপত্নীর মনোরঞ্জন-হেতু প্রভূ-পুত্রের প্রতি মমতা প্রদর্শন-তৎপরা পরিচারিকা উভয়েরই কিছুক্ষণ নিদ্রার ব্যাঘাত হইল না।

রাজেন্দ্র হাতটি মাড়ে, পাটি সরায়, মাঝে মাঝে উঃ আঃ
করে, আর নবহুর্গা শিহরিয়া উঠে—ঐ বুঝি পকজিনীর
ঘুম ভাঙ্গিয়া যায়, ঐ বুঝি আসিয়া পড়ে! নবহুর্গা আরো
প্রাণপণে তাহার সভুর রোগ-যাতনা দূর করিয়া তাহাকে
ঘুম পাড়াইবার চেফী করে, আর সর্ববান্তঃকরণে ঈশ্বরের
কাছে প্রার্থনা করে—হে দেব দয়াময়! সভুর সকল রোগ
বালাই, কফ্ট যন্ত্রণা আমায় দাও, সভুকে আমার মুস্থ কর,
নারোগ কর, বাঁচাও, রক্ষা কর!

প্রায় এক ঘণ্টা কাটিয়া গেল, নিস্তর গৃহ প্রতিধ্বনিত করিয়া ঘড়িতে তিনটা বাজিল, পঙ্কজিনীর নিদ্রার ব্যাঘাত হইল। তিনি চমকিত হইয়া উঠিয়া দাঁড়াইলেন— একি বাতিটা বে একেবারে নিবে যাবার মত হয়েচে! আঃ একট চোখ বুজিছি, মাগী এইটুকু সময় আর

রাজেনকে আমার দেখতে পারেনি, ঘুমিয়েচে! কর্তা আবার বলেন একজন নাস রেখে দিই, সে তোমার রাজেনের সেবা করবে, তারা তোমার চেয়ে আরও ভাল সেবা জানে। জানবে না কেন, মাইনে করা লোক জানে সুবই, ভাল করে করে কই ?

আলোটা উজ্জ্বল করিয়া দিয়া ফিরিয়াছেন, এমন সময় পঙ্কজিনীর মনে হইল বারান্দার দিকের দ্বারটা যেন একটু নড়িল! কেন? কেউ দ্বর থেকে বাহির হয়ে গেল নাকি? পঙ্কজিনীর মনে সঙ্ক্ষেহ জাগিল। দাসীর খুম ভাঙ্গাইয়া সঙ্গে লইবার দেরী সহিল না। গৃহের বাহিরে উজ্জ্বল জ্যোৎস্মালোক—ক্ষণমাত্র ইতস্ততঃ না করিয়া পঙ্কজিনী একাই দ্বরিতপদে গৃহের বাহিরে আসিলেন। উজ্বল জ্যোৎসায় তিনি স্পষ্ট দেখিলেন, কে একটি স্ত্রীলোক ক্রত ছাদ পার হইয়া সিঁড়ার দিকে যাইভেছে।

ন্ত্রীলোক ?—স্পট দেখিলেন—ন্ত্রীলোক ! তবে অন্যের সাহায্যের আবশ্যক কি ? রুদ্ধনিখাসে দৌড়িয়া গিয়া পৃস্কজিনী স্ত্রীলোকটির কাপড় টানিয়া তাহার হাত চাপিয়া ধরিলেন। নিরুপায় নবচুর্গা কম্পিতদেহে অঞ্চলে মুখ ঢাকিয়া কর্ত্রীর চরণ প্রান্তে বসিয়া পড়িল।

পন্ধজিনী গৰ্জ্জিয়া উঠিলেন—"কি ? নবহুৰ্গা তুই ?

তোর এই কাজ ? এত সাহস তোর ? শুধু আজ নর, তবে রোজই তুই চোরের মত আমার রাজেনের কাছে এসে বসে থাকিস্! তাই রোজ আমি পায়ের শব্দ শুনি! মিথাুক্, তোর এক কথা আর কাজ ! কি প্রতিজ্ঞা করেছিলি মনে নেই ?"

ধীর মন্থরগতি অশ্ব যেমন চালকের উপর্যুপরি কশাঘাতে উদ্ধত অসহিষ্ণু হইয়া লাফাইয়া উঠে, নবহুর্গা তেমনি অসহিষ্ণু ইইয়া সবেগে উঠিয়া দাঁড়াইল! ভাহার নয়নদ্বয় হইতে যেন অগ্নিস্ফুলিক্স বাহির হইতে লাগিল, ওপ্ত কম্পিত হইল, দৃঢ়স্বরে সতুর মা উত্তর করিল,—"হাঁ, আমি। দিনে দেখবার হুকুম পাই নে বলে রোজ রাত্রে লুকিয়ে চোরের মত এসে আমি আমার সতুকে দেখে ঠাকুরের মালা ভার কপালে ছুঁইয়ে যাই! দিদিঠাকরুণ, আর কেহ নয় আমিই সই তঃখিনী—যথার্থই এ অসীম জগতে এ বিপুল বিশ্বে আমি নিতান্তই ভাগ্যহীনা, তঃখিনী। তঃখিনী—কিন্তু শিণ্যাবাদী অবিশাসিনা নই।" ক্ষুনা মর্শ্মাহতা নবহুর্গার আর বাক্যক্ষুর্গ হইল না। মর্শ্মব্যুথা অঞ্চবিন্দুতে পরিশ্বত হইয়া মাটিতে মিশিল।

অপ্রতিভ হইয়। পদ্ধজিনী বলিলেন—"রাগ কোরো না সতুর মা, আমি বুঝতে পারি নি। দেখ, তোমার উপরে শাসায়, সতুর সঙ্গে কথা কওয়ায় আমার আর কোনো আপত্তি নেই, কেবল"—নিতাস্ত কোমল করুণকঠে পদ্ধজিনী বলিলেন—"তোমায় আর কি বোলবো নবতুর্গা সকলি তো তুমি জান ? আচ্ছা কাল থেকে যখন ইচ্ছা তুমি উপরে এসো সতুর সঙ্গে কথা বোলো, কেবল মনে রেখো, সতু যেন না জানতে পারে তুমি—"

পদ্ধজনীর কথায় বাধা দিয়া নবছুর্গা ধার গন্তীরস্বরে বলিল—"ভয় নেই দিদিঠাকরুণ, মনে সে ভয় সে ভাবনা রাখবেন না, এমন অধর্ম আমা হতে হবে না, যা প্রতিজ্ঞা করেছি প্রাণ দিয়ে তা পালন কোরবো। সতু আপনার, চিরদিন আপনারই থাকবে, আমি তার কাছ থেকে কোনো কিছুরই আশা রাখবো না, কেবল—।" নবছুর্গা সহসা পদ্ধজনীর পদবয় উভয় হস্তে বেইটন করিয়া অমুনয়ম্বরে বলিল—"আর কিছু নয় কেবল সভুকে সাধ মিটিয়ে দেখতে, তার কাছে থাকতে দেবেন, দয়া কয়ে আমায় সতুর কাছ থেকে কোনো দিন দূরে সরাবেন না; আর সভুকে যে নামই দিন আমার মরণ পর্যান্ত সকলে আমাকে সভুর মা বলেই ডাকবেন।"

নবছুর্গা নীরব হইল—অনাধার অশ্রুবারি নীরবে সোভাগ্যবতীর চরণ ধৌত করিতে লাগিল।

### সতুর মা

পরদিন হইতে নবতুর্গার তৃঃখ না যুচিলেও তাহার: জীবন-যাত্রার পথ অপেক্ষাকৃত স্থাস হইল। তাহার: গণ্ডী-ঘেরা কর্মক্ষেত্রটুকু বিস্তৃত আকার ধারণ করিল! তৃঃখিনার তুঃখের রাজে বুঝি সুখের জ্যোৎস্না উকি দিল।

ঈশবের আশীর্নাদে, দেবতার বরে ক্রমে সতু তাহার রোগমুক্ত স্থা সবল হইয়া উঠিল। দিনের পর দিন, মাস, বৎসর, দশ বৎসর কাটিল। ক্রমে সতু তাহার রূপে গুণে জ্ঞানে সম্মানে দেশপ্রসিদ্ধ হইয়া উঠিল। নবছুর্গার, মজুমদার-দম্পতির হৃদর আনন্দে পূর্ণ হইল! মজুমদার-দম্পতির সে আনন্দ, হাস্থে মুধর, গর্বের দীপ্ত, বাসনায় অতৃপ্ত! নবছুর্গার সে হর্ষ, অশ্রুতে স্লিগ্ধ, কৃতজ্ঞতায় নির্ম্মল, ভৃপ্তিতে মধুর!

ষথাসময়ে রাজেন্দ্রের বিবাহ হইল। পুত্রের অনুরূপ লাবণ্যময়ী নববধু আধুসিয়া মজুমদার-ভবন উজ্জ্বল করিল।

নবদম্পতি মজুমদার-গৃহিণীর চরণ বন্দনা করিয়।
শুভাশীর্বাদ মস্তকে লইয়া স্মিতমুখে গৃহে প্রবেশ করিল।
লারের পার্শ্বে পার্চিকা পরিচারিকা ও বাহিরের পাঁচজনের
সহিত দাঁড়াইয়া ববহুর্গা সে আনন্দ দৃশ্য দেখিয়া অন্তরে
অপূর্ব্ব পুলকস্পন্দন অনুভব করিল। জগদীখর-চরণে
জদয়ের কৃতজ্ঞতা নিবেদন করিয়া বার বার —শত

সতুর মা।

্সহস্রবার অনিমিষ অতৃপ্ত-নয়নৈ সে মুখ-ইন্দু নিরীক্ষণ করিল।

রাজেন্দ্রের ফায় বধুমাতা রতনবালাও নবহুর্গাকে একজন দাসী বলিয়াই চিনিয়া রাখিল।

# চতুর্থ পরিচেছদ।

রাজেন্দ্র এখন ডেপুটি ম্যাজিষ্টেট। ধনীর গৃহিণী—
ম্যাজিষ্টেটের জননী পঙ্কজিনী, তাঁহার অ্বধের সীমা—
ঐশর্যোর অবধি নহি। তাঁহার স্বাস্থ্য অটুট, স্থ্য নিরবচিছন্ন, গর্বব অক্ষুণ্ণ। সকল সোভাগ্য লাভ করিয়া মনের
সাধে পঙ্কজিনী সংসারে সকলের উপর প্রভুত্ব করিতে লাগিলেন। আর নবছুর্গা আত্মগোপন করিয়া নিতান্ত দীনভাবে
দাসী-মহলে দাসীরূপে দিনাতিপাত করিতে লাগিল!

কিন্তু হায়! পঙ্কজিনীর এত সাবধানতা সতর্কতা সকলি বৃথা হইল। এত সুথ বেশী দিন তাঁহার ভাগ্যে সহিল না! রাজেন্দ্রের বিবাহের তিন বৎসরের মধ্যে মজুমদার মহাশরের মৃত্যু হইল। পঙ্কজিনীর সকল আশা ভরসা আনন্দ যেন সেই সঙ্গেই অন্তর্হিত হইল। স্বামীর মৃত্যুর অন্তর্বহিত পরে শোকের তীত্রতার মধ্যেই পঙ্কজিনী আপন বর্ত্তমান অবস্থা ও নবহুগার প্রতি নিজের স্থামির কালের অনুষ্ঠিত আচরণ স্মারণ করিয়া মনে মনে শক্ষিত হইয়া উঠিলেন। এখন ? এখন যদি নবহুগা সেই চুর্ব্যবহারের প্রতিশোধ লয় ?

নবহুর্গার প্রতি কতদিনের কত নির্দ্মন ব্যবহার এক
সময় যাহা উচিত ভাবিয়াই করিয়াছিলেন আজ একে
একে সেই সকল স্মরণ করিয়া পঙ্কজিনী মর্ম্মে মর্ম্মে
শিহরিলেন! তাইড, এখন যে নবহুর্গার প্রতিশোধ
লইবার স্বর্ণ স্ক্র্যোগ! একটি—এখন একটি মাত্র গোপন কথা তাঁহার রাজেনকে—তাঁহার প্রাণের প্রাণ
নয়নের মণি আনন্দ আশা—তাঁহার ইহ জাবনের একমাত্র
সম্বল রাজেনকে যদি নবহুর্গা বলিয়া দেয়,—"পঙ্কজিনী
তোমার—পঙ্কজিনীর গর্ভে ভূমি—"

ওঃ! পদ্ধজিনী আর পারিলেন না। এ চিন্তা তাঁহার অসহনীয় হইল। ভাবিতে ভাবিতে তাঁহার নিশাস ক্লক্ষ্র হইল চৈতন্য বিলুপ্ত হইবার উপক্রম হইল। তাঁহার মনে হইল—"না দেরি নয়, এখনই এর উপায় করিতে না পারিলে সত্য প্রকাশ পাইবে, পুত্র আপম গর্ভ-ধারিণীকে চিনিয়া লইক্রে কাঙালিনা রাজ-জননা হইবে, পতি-পুত্রহীনা তুর্ভাগ্য আমি অসহ্য কন্টে নীরবে কর্ম্মফল ভোগ করিব! হায়, এই কি আমার নিয়তি! এই কি বিধিলিপি! না, কখনই না!" পদ্ধজিনী আর স্থির পাকিতে পারিলেন না—দিবসের নিরূপিত কর্ম্মগুলির অবসানে রামান্তরের পার্থে ক্ষুদ্র ঘরখানিতে, বেখানে নবস্ক্রা ভূমি-

শ্যায় বিশ্রাম করিতেছিল—ক্রতপট্ন দেখানে উপস্থিত হইয়া উন্মন্তার মত তাহার পদন্তয় উভয় হত্তে বেইটন করিয়া অশ্রুক্তন্ধ কর্ত্ব পদ্ধজিনী বলিলেন—"ক্রমা কর বোন্, আজ আমায় ক্রমা কর, আমার সকল অপরাধ সমস্ত তুর্বাবহার ভূলে যাও!"

নবতুর্গা এই আলম্ভাবিত ঘটনায় অতিমাত্র বিশ্মিতা হইয়া ত্রন্তে-ব্যন্তে উঠিয়া বসিয়া পদধূলি লইয়া জিজ্ঞাসা করিল—"একি! দিনিঠাকরুণ, একি! হয়েচে কি?" পদ্ধানী উত্তর দিবেন কি, আশকা উত্তেগ ও অমুতাপে আজ তাঁহার হৃদয় কাণায় কাণায় পূর্ণ! অশুবর্ষণ ভিন্ন হৃদয়ভাব প্রকাশ করিবার এখন আর তাঁহার সামর্থ্য কোথায় ?

নবত্নগাঁ আজ প্রায় পাঁচিশ বৎসরাধিক পদ্ধজিনীর সহিত একগৃহে বাস করিতেছে, কিন্তু, তাঁহার এ ভাব কখনও দেখে নাই। আজ সে তাহার ধনগর্বিতা কর্ত্রী ঠাকুরাণীর সহসা এই ভাবান্তর দেখিয়া উৎক্তিত হইয়া উঠিল। যার বেখানে ব্যথা তার সেখানে হাত—অসম্ভব হইলেও, নবত্নগার মনে হইল বুঝি বা তাহার সতুরই কোনো অমঙ্গল ঘটিয়াছে। ি কিছুক্ষণ নীরবে অশ্রুবর্ষণ করিয়া পক্ষজিনী যখন
নবত্ন্গার ব্যপ্র প্রশ্নের উত্তরে ধীরে ধীরে আপন মনোজাব
প্রকাশ করিয়া আবার ক্ষমা প্রার্থনার উপক্রম করিলেন,
নবত্ন্সা তখন প্রকৃতই ভগ্নীস্নেহে পক্ষজিনীকে আলিঙ্গনাবন্ধ করিয়া সানন্দচিতে সহাস্থ্যমুখে তাঁহাকে অভয় দিয়া
বলিল—"সতু আমার নয়—তোমার, চিরদিনই তোমার,
তুমিই সতুর মা, আমি কেবল তোমার দাসী মাত্র,
ভূসবানের কাছে প্রার্থনা করি তোমার বড় আশার, বড়
সাধের রাজেনকে নিয়ে তুমি স্থাইও; তোমার এক
বোউ-বেটা এক শো হোক্, নাতি নাতনীতে তোমার
স্থাধের সংসার পূর্ণ হোক। আর কিছুই আশা আকাজ্ঞা
আমার নেই, কেবল আশীর্বাদ কর যেন সতুর মুখ
দেখতে দেখতে মরতে পাই।"

আপনার প্রকৃতি দিয়া মানুষ অন্তের বিচার করে। অসম্পূর্ণ জ্ঞান লইয়া সে অন্তের হৃদয় চিনিবার ভ্রমে পড়ে, তাই এত বৎসর এক স্থানে এক সংসারে থাকিয়াও—পঙ্কজিনী নবচুর্গাকে চিনিতে পারেন নাই; তাহার অস্তুরের প্রকৃত পরিচয় পান নাই। তিনি নবচুর্গার প্রতি নিজের চুর্ব্যবহার স্মরণ করিয়া তাহার নিকট হইতে ভ্রমেও এ ব্যবহার আশা করেন নাই।

আজ বিশ্মিত স্তম্ভিত মুখনিতে নবছুগাঁক বাললেন—
"না দিদি না, দাসী নও তুমি আজ গৈকে আমার দিদি,
আমার বোন, আমি ছোমার ছোট বোন, রাজেন আমার
বড় বোনের স্নেহের দান। তোমার আশীর্বাদেই আজ
আমি রাজেনকে নিয়ে ছুখী, এ স্থাথ—এ স্থাথের সংসারে
তোমার আমার সমান অধিকার, রাজেনকে যেভাবে
দেখে শুনে যত্ন করে তৃত্তি পাও, তাই কর, কোনো বাধা
দেব না—ভয় ভাবনা রাখবো না। চল দিদি চল, আজ
থেকে এ ঘর ছেড়ে আমার তেতলার ঘরে থাকবে চল;
ছজনের যদি তুল্য অধিকার, তবে একজনের তেতলার
ঘরে রূপার পালকে মুখমলের বিছানায়, আর একজনের
একতলায় মাটির উপার মান্তর বিছিয়ে পড়ে থাকা মানায়
না।"

নবতুর্গার মুখে আরুদের হাস্যজ্যোতিঃ, নয়নে অশ্রুবিন্দু ফুটিয়া উঠিল! তাহার কৃতজ্ঞ অন্তর বিজুপাদপদ্মে নত হইয়া বলিল—"হে প্রভু, করুণাময়, তোমারই এ দান; তুঃখিনীর তুঃখমোচনে তোমারই এ কৌশল! ধন্ম পিতা, ধন্ম তুমি! তোমার মহিমা অনন্ত! করুণা অদীম!

পঙ্কজিনীর আগ্রন্ধ সত্ত্বেও নবতুর্গা তাহার বাস-গৃহখানি ত্যাগ করিয়া ত্রিভলে গমনের ব্যবস্থা করিল না। হঠাৎ এতটা বাড়াবাড়িতে অপর দাস-দাসীদের মনে, এমন কি
স্বয়ং রাজেন্দ্রের মনেও সন্দেহ জাগিতে পারে, এ কথা
পঙ্কজিনীকে বিশেষভাবে বুঝাইয়া দিলে তিনি নিরস্ত হইলেন; তবে রাজেন্দ্রকে দেখিবার তাহার নিকটে বাইবার,
সুস্থ বা অসুস্থ অবস্থায় তাহার যত্ন-শুশ্রাষা করিবার আর
কোনো বিধি নিষেধ রহিল না

নবতুর্গার হৃদয়ের ভার যেন একটু একটু করিয়া লঘু হইতে লাগিল! তাহার চিরবিষণ্ণ মুখ আনন্দের রেখাপাতে উক্ষল হইল, নয়নের কালিমা ঘুচিয়া একটা দীপ্তি প্রকা-শিত হইল! আনন্দ-উৎসাহে তাহার গত বিশ বৎসর পূর্বের সামর্থ্য আবার ধীরে ধারে ফিরিয়া আসিল। পতি-বিয়োগ-কাতরা নারীষয় পুত্রমুখ চাহিয়া শোক ভাপ ভূলিয়া সুখী হইল।

কিন্তু নিরন্তর স্থা ভোগ করিতে দেওরা বুঝি বিধাতার ইচ্ছা নয়! এক ভাবে একটানা স্রোতে সংসারতরণী বুঝি চলে না—চলিতে পারে না। পক্ষজিনী ভাবিয়াছিলেন, এমনি ভাবেই বুঝি তাঁহার দিন কাট্টিবে,—এ
স্থের এ জীবনের বুঝি শীঘ্র অবসান হইবে নাঃ। কিন্তু
তাহা হইল না! পরিপূর্ণ স্থের মাঝে সহসা ক্ষম্জেনীর
ভরা-ডুবি হইল। রাজেন্দ্রের বিতীয় পুত্র পূর্ণচন্ত্রের জন্মের

তিন সপ্তাহ পরে হঠাৎ প্লেগে ২৪ ঘণ্টার বধ্যে পক্ষজনীর মৃত্যু হইল। এত যত্নের—এত সাধের কংসারের কাছে একবার বিদায় লইবার পর্যান্ত অবসরও তাঁহার মিলিল না! বড় ভাড়াভাড়ি পক্ষজিনীকে যাইতে ইইল।

পদ্ধজনীর মৃত্যুর সময় রাজেন্দ্রের বড় থোকার বয়স পাঁচ বৎসর, কন্যাটির তিন:। তাহারা চুটি প্রাতা ভগিনী তাহাদের ঠাকুরমার সহসা অন্তর্জানে বড়ই কাতর হইয়া পড়িল। নবদুর্গা সম্লেতে রোরুভ্যমান শিশু চুটিকে আপন বক্ষে তুলিয়া লইল—আদর্ষে সোহাগে স্লেছে যত্নে তাহাদের ঠাকুরমার অভাব ভুলাইয়া দিল।

গুটিতে সতুর মায়ের অঞ্চলের দিধি হইল। আনৈশব
পিতা মাতার অত্যধিক সেহ-যত্নে প্রতিপালিত রাজেন্দ্র
জনক-জননীর অভাবে বড়ই তুঃখ অনুভব করিলেন। বধ্
জননীসমা শুদ্রার বিয়োগে মর্ন্মাইত ইইলেন। সে গভীর
শোকে নবহুর্গা উভয়কে সাহ্বনা দিল। আল্লে অল্লে তাঁহাদেরও যত্নের ভার সে নিজের হাতে লইল। নবহুর্গার
সেহ যত্নের মধ্যে মাতৃদ্ধেহের বিকাশ দেখিয়া উভয়ে
তৃত্তিবোধ করিলেন। সতুর মায়ের সেহ যত্নে—সতুর
শায়ের কর্ম্ম-দক্ষতার, সতুর মায়ের তৎপরতার অল্লে অল্লে
পক্ষজিনীর শৃশ্য স্থান জেন ক্রমে পূর্ণ হইয়া আসিতে

লাগিল। পকজিনীর স্মৃতি যেন-সত্র মায়ের মাঝে প্রাস্ত-দেহে আপ্রের লইল। পকজিনীর নাম লুপ্তপ্রায় হইল। সারা সংসারতি ব্যাপিয়া রহিল কেবল—সত্র মা। সংসারের সকল অস্তরগুলি ব্যাপিয়া রহিল কেবল—সত্র মায়ের অতুল সেহ। কিন্তু এ ভাবে বেশী দিন কাটিল না, নবহুর্গার ভাগ্যে হুদিনের হুখ হুদিনেই ফুরাইল। সতুর মা যে তিমিরে ছিল আবার সেই তিমিরেই আসিয়া পড়িল।

একবার প্রস্বের পর সূতিকাগৃহে বধ্মাতা রতনবালার
মরণাপন্ন পীড়ার সময়ে কন্সার যত্ন-শুশ্রমা করিতে আসিয়া
রাজেন্দ্রের শাশুড়ী সংসাবের কর্তৃত্ব এবং কন্সা জামাতা ও
নাতি নাতিনীগুলির যত্নের ভার নিজে লইয়া নবহুর্গাকে
অব্যাহতি দিলেন। সভুর মায়ের হন্ত হইতে একে একে
সকল অধিকার রাজেন্দ্রের শাশুড়ীর হন্তে গেল। ধীরে
ধীরে বৎসর কয়েকের মধ্যেই রাজেন্দ্রের শাশুড়ী এই
সংসাবের প্রকৃত গৃহিণী, যথার্থ শুভামুধ্যায়িনী হইয়া
উঠিলেন। আর সভুর মার হুরদৃষ্ট সভুর মাকে জাবার
তাহার সম্থানে কিরাইয়া আনিল। কেবল দার্যক্লালের
অধীনতার পর স্বাধীনতাটুকু পাইয়া তাহার অস্তজ্বের যে
মহা পরিবর্ত্তন সাধিত হইয়াছিল তাহা আর গেলান।

তাহার বছ আয়াসলক পূর্বব অভ্যাস আর ফিরিল না।
সত্র মা পদ্ধজিনীর নিকট যেমন পারিয়াছিল রাজেন্দ্রের
শাশুড়ীর নিকট ততটা অধীনতা স্বাকার করিতে পারিল
না। পদ্ধজিনীর আদেশ নিষেধ বিধি ব্যবস্থা যে ভাবে
মাত্য করিয়া চলিয়াছিল, রাজেন্দ্রের শাশুড়ীর নিষেধ আজ্ঞা
বিধি ব্যবস্থা সেরূপ ভাবে মানিয়া চলিতে পারিল না।
ছঃখ অভিমান ও আত্মসম্মান-বোধে জলাঞ্জলি দিয়া অত্যাত্য
দাস দাসীর অমুকরণে তোষামোদাদি দ্বারা নবগৃহিণীর প্রিয়
হইতে পারিল না। ফালে প্রথম হইতেই উভয়ের মধ্যে
অপ্রীতির ভাব বন্ধমূল হইয়া ক্রমে রাজেন্দ্রের শাশুড়ীর
রোষদৃষ্টি কুগ্রহের ত্যায় শত দিক্ হইতে শত প্রকারে সতুর
মায়ের অনিষ্ট সাধন করিয়া ফ্রিন্তে লাগিল।

সতুর মা শান্তি হারাইল, স্বাস্থ্য বিসর্জ্জন দিল, কিন্তু ভয়ে ভীত হইয়া আপন কর্ত্তব্য ভূলিল না, অসহিষ্ণু হইল না! ভগবৎ চরণে মতি স্থির রাখিয়া নীরবে সে তাহার কর্ত্তব্য পালন করিয়া যাইতে লাগিল। জননীর শিক্ষা-ক্রমে বধ্যাতার ব্যবহার অমহ্যপ্রায় হইলে অন্তের অলক্ষ্যে অশ্রুমার্জ্জনা করিয়া সতুর মা ভাবিল—"দোষ কারও নয় গো মা, আমি স্বধাত-স্বলিলে ভূবে মরি শ্রামা!"

অভাবের দিনে গ্রুর মায়ের স্লেহাশ্রয়, সংসার-পরি-

চালনায় সত্র মায়ের বিবেচনা বুদ্ধির সহায়তা, রাজেন্দ্র বধ্মাতা হইতে নব প্রসূত শিশুটির পর্যাস্ত আবস্থাক হইয়া-ছিল বটে কিন্তু সে অভাবের দিন কাটিয়াছে—সে প্রয়োজন ঘুচিয়াছে, স্থতরাং কিছুকাল পূর্বেব যেখানে সকলে সত্র মায়ের স্লেহাঁশ্রয় করিয়া শান্তি তৃত্তি ও আনন্দ প্রাপ্ত হইয়াছিল, আজ সেই ভবনে একটি বৃদ্ধ ও একটি বালিকা ব্যতীত সত্র মায়ের ব্যথার বাধী আর কেহ জুটিল না।

মজুমদার-পরিবারের চিরহিতাকাঞ্জনী রন্ধ গাঙ্গুলি
মহাশার ও রাজেন্দ্রের স্নেহময়ী বালিকা কন্সা সন্তোষিনী।
সতুর মাকে সকলেই ভুলিয়াছে, কেবল এই বালিকাই
ভুলে নাই, একমাত্র সে-ই সভুর মায়ের অগাধ স্নেছ
উপেক্ষা করিয়া 'দিদিমায়ের' অঞ্চলে বাঁধা থাকিতে পারে
নাই।

# **পঞ্চম পরিচেছদ।**

রাজেন্দ্রের কন্মার বিবাহ—বিপুল সন্ধারোহ—অসীম আনন্দ! একা নবছুর্গা আরু যেন দশভুজারূপে দশদিকের তত্ত্বাবধান করিয়া ফিরিতেছে । মুহূর্ত্ত তাহার কর্মের বিরাম नारे, खांखिरवारधत व्यवनत नारे, উৎসাर উল্লাসের व्यस নাই। পুঁটুরাণীর—তাহার আদরের সম্ভোষিণীর বিবাহ উৎসবে আজ্ব সে তাহার প্লকৃত অবস্থা ভূলিয়া গিয়াছে. তুঃথ অভিমান মন হইতে মুচিয়া ফেলিয়াছে। আজ যে তাহার জীবনের স্মরণীয় দিন, তাহার সতুর আনন্দের কাজ সত্র মেয়ের বিবাহ: সত্র মান সম্ভ্রম রক্ষা করা. নিমন্ত্রিতগণের আহ্বান আপ্যায়ণ, যতু পরিচর্য্যা করা আজ যে তাহারই কাজ। আপন কর্ত্তব্য ভূলিয়া সে কি আজ তাহার তৃচ্ছ বিবাদ বিধাদ মান অভিমান লইয়া বসিয়া থাকিতে পারে? বিবাহ বাড়ির কর্ম্ম সকল ভাহারই ইঙ্গিতে তাহারই পরামর্শে স্থাসম্পন্ন হইতেছে ;—মনে হইতেছে সেই বেন সংসারে কর্ত্রী, সেই আজ গৃহের প্রকৃত গৃহিণী, আর সকলে আহারই অধীনে তাহার হুকুম তামিল করিয়া ফিরিতেছে মাত্র। সামান্ত দাসীটি হইতে নধুমাতা রতনবালা পর্য্যস্ত আন্ধ তাহার আজ্ঞাধীনা, স্বয়ং রাজেন্দ্র তাহার সংপরামর্শের প্রার্থী। কর্ত্তন্যের দায়িত্ব-বোধের সহিত আনন্দের মন্ততায় সে আন্ধ বিভার; যেন কি এক যাত্রমন্ত্রে সকলে আন্ধ তাহার বশীভূত, তাহার ইন্সিতে পরিচালিত। এ আনন্দের দিনে শত্রুও আন্ধ তাহার মিত্রের আকার ধারণ করিয়াছে। সর্ববিষয়ে সর্ববিশ্বে আতার অভিজ্ঞতা ও তৎপরতা দর্শনে মনে মনে পরাভব স্বীকার করিয়া রাজেন্দ্রের শাশুড়ি অন্তরে ঈর্বাবিষে জর্জ্জিরিত হইলেও আন্ধ তাহারে হাসিমুখে সম্ভাবণ করিতেছেন—সম্ভ্রমসূচক দৃষ্টিতে তাহার প্রতি চাহিতেছেন।

সর্বোপরি সংশ্রেক্তি বৃদ্ধ গাঙ্গুলি মহাশার আজ চিরছখিনীকে হর্ষোৎফুল্ল দেখিয়া তাহাকে আনন্দ জ্ঞাপন ছলে
আশীর্বাদ করিয়াছেন। বিবাহ নাজে স্কুসজ্জিতা হইয়া
মাননীয়া মহিলামগুলীর মাঝে অবোধ বালিকা সম্ভোষিণী
আজ আশৈশবের প্রীতিবশে সর্বাত্যে তাহারই চরণধূলি
মস্তকে লইরাছে—মাতামহীর নিষেধসূচক ক্রকৃটি উপেক্ষা
করিয়া আনন্দাশ্রুস্থিয়া শুভদৃষ্টির আহ্বানে হাস্ট্যুম্থ
তাহারই স্কেহালিঙ্গনে ধরা দিয়াছে। এত স্থ্য এত আনন্দ
বৃষি তাহার অস্তরে ধরিতেছে না। তাহার আদরিণী
সস্তোধিনীকে শতবার শতরুপে দেখিয়াও বৃষি তাহার নয়ন

পরিতৃপ্ত হইতেছে না। সতুর মা কাজ এই বিপুল আনন্দ বহন করিয়া কর্ম হইতে কর্মীস্তরে গৃহ হইতে গৃহাস্তরে ফিরিতেছিল—আর গৃহস্থিত ও আমন্তিত্বর্গ এই প্রাচীনা দাসীটির কর্ত্ত কার্যাকুশনতা প্রশংসাসূচক দৃষ্টিতে দেখিতেছিল।

পুঁটুরাণীর বিবাহ—আনন্দের দিন, উচ্চতম কর্মচারী
হইতে নিম্নতম চাকর দাসাটিকে পর্য্যন্ত উপযুক্ত উপহার
বা বক্শিশ দেওয়া হইতেছে। সতুর মা কর্ত্তাবাবুর আমলের চিরবিশ্বস্তা রন্ধা পরিচারিকা, রাজেন্দ্র হইতে আরম্ভ
করিয়া রাজেন্দ্রের ছেলে মেয়েগুলিকে পর্যন্ত মেহ বত্র
দিয়া মামুষ করিয়াছে—ব্র্থে ছঃথে গৃহত্বের আপনার জনের
মত অমুক্ষণ সাথে সাথে আছে—সাধারণ দাস দাসী
অপেক্ষা তাহাকে কিছু বেশী দেওয়া উচিত। তাই তাহাকে
একছড়া সোনার হার ও একখানা উৎকৃষ্ট সাদা গরদ
দিবার হুকুম হইল।

বধুমাতা স্বহন্তে তাহাকে দিতে আসিলেন। শত চেক্টাতেও নবতুর্গা হাত পাতিয়া তাহা লইতে পারিল না, তাহার হর্ষরঞ্জিত হৃদয়খানার উপর কে বেন হঠাৎ কালি ঢালিয়া দিল; শত বৃশ্চিষ্ক যেন একসঙ্গে তাহাকে দংশন করিল! আহা সে যে ডেপুটি ম্যাজিপ্টেটের গর্ভধারিণী

ক্লননী! তাহাকে কি আজ সামাগ্য দাসদাসীর দলে মিশিয়া তাহাদের পাশে দাঁড়াইয়া নিজের নাতিনীর বিবাহে বক্-শিশ্ লইয়া একগাল হাসিয়া 'রাজাবাবুর জয় হোক' বলিতে হইবে ? হা অদৃষ্ট!

বিবাহের ° পরদিন প্রভাতে নব বরবধ্—নবতুর্গার সাধের নাতিনা নাতিনী-জামাই, বিদায়ের কালে সর্ববাত্রে তাহারই যে যৌতুক করিবার কথা।—নাতিনীর বিবাহে সকলকে যথাযোগ্য উপহার বক্শিশ দেওয়া যে আজ তাহারই কর্ত্বব্য। বধূ বিলম্বে বিরক্ত হইয়া বলিলেন "নাও না গো, হাতে করে দাঁড়িয়ে থাকব নাকি ?"

নবহুর্গা প্রকৃতিস্থ হইয়া বলিল—"না মা আমি আর ও নিয়ে কি করব, পুঁটুরাণী আমার বেঁচে থাক—স্থুখী হোক্—সিঁথের সিঁহুর—হাতে নোয়া বজায় থাক্ জামাই ডোমার অক্ষয় অমর হোক্—বিয়ে বলে আনন্দ করে ভূমি বে দিতে এয়েচ ওই আমার নেওয়া হয়েচে, আমার কাছে না রেখে, ভোমার কাছেই রেখে দাও।"

রাজেন্দ্র যথন শুনিলেন—সতুর মা বকশিশু নেয়নি, তথন তাঁহার মনে হইল পদন্দ হয় নাই বুৰি। মাগা লোক ভাল কিন্তু কিছুতেই মন ওঠে না, ভারী অহকারী যা হোক্। গরদের থান ও মূল্যবান্ হারের সহিত একগাছি অল্পামী সোনার অনস্ত দিয়া একটু মৃত্ ভৎসনার সহিত রাজেন্দ্র নিজ হাতে সত্র মাকে বক্শিশ্
দিলেন। সত্র-মা আর কথা কহিতে পারিল না, হাদর
মনের সমগ্র শক্তির ঘারা উচ্চুসিত জাশ্রুদবেগ সম্বরণ
করিয়া কোনমতে তাহাকে হাত পাতিতে হইল কিন্তু
শত চেফীতেও মনিবের কেওয়া গরদ পরিয়া গলায় হার
ও হাতে অনস্ত দিয়া, দাসী মহলে হাত তুলাইয়া বেড়াইতে
পারিল না।

বধ্ব কোন প্রিয়দাসী ইসারা ইঙ্গিতে জানাইল — সভুর
মাকে বা দেওয়া হয়েচে তা তার পছন্দ হয়নি, হারে পাথর
বসান নয়, আর এক গাছা অনস্ত বলে সে পরেনি। সকলে
রোষ প্রকাশ করিয়া বলিল—না হোকগে পছন্দ, ময়ক
গে—ছোট লোককে হাজার দাও মন ওঠে না। পুঁটুরাণীর
দিদিমা তাঁহার স্বভাবসিদ্ধ বিজ্ঞপপূর্ণ স্বরে বলিলেন—
"বল্গে না ভোদের বাবুক্কে—পুরণো চাকরাণী, মেয়ের
বিয়েয় বা চাইবে খুসী হয়ে তাই দেবে — চাই কি একটা
রাজত্ব আধ্থানা রাজক্ত্যাও দিতে পারে।"

নবদুর্গা সকলি শুনিল, এক এক জনের এক একটি বিজ্ঞাপ ভাহার অন্তরে শেলের মত বিঁধিতে লাগিল। একবার ভাহার এই হাটের মাঝে হাঁড়ি ভাঙ্গিতে ইচ্ছা হইল, কিন্তু তৎক্ষণাৎ ওই ঠাকুর ঘরে শালগ্রাম শিলার সম্মুখে তামা তুলদী গঙ্গাজল লইয়া শপথ করা তাহার মনে পড়িল, নবডুর্গা শিহরিয়া উঠিল। নিজের ঘরে ঘার রুদ্ধ করিয়া কর্যোড়ে ডাকিল—"হে নারায়ণ রক্ষা কর! মধুসূদন শক্তি দাও, সহু করবার শক্তি দাও, যেন প্রতিজ্ঞা-ভঙ্গ-পাপে না মজি।"

সন্থোষিণার বিবাহের পর কয়েক বৎসর অভিবাহিত হইয়াছে। যথাসময়ে একে একে সে তাহার বিবাহিত জীবনের স্থুখ, তুঃখ, আশা, আনন্দের কাহিনীগুলি শুনাইয়া,—তাহার—নবকুমারের কমলমুখের অমির হাসি দেখাইয়া,--সরল হৃদয়ের অনাবিল ভক্তি শ্রদ্ধা উপহার দিয়া, সতুর মায়ের সংসার-তাপ-তপ্ত অবসর দেহ মনে এখনও হর্ষ বিষাদ আশা আকাজ্ঞাকে সচেতন রাখিয়াছে। নতুবা, সম্ভোষিণীর বিবাহের পর হইতে দিনের পর দিন তাহার প্রতি গৃহন্তের, বিশেষতঃ কর্ত্রীঠাকুরাণীর অ্যথা অত্যাচার যেরূপ বৃদ্ধি পাইতেছিল, তাহাতে একেবারেই তাহাকে জীনমূত হইয়া থাকিতে হইত। সভুর মায়ের कीवत्नत्र व्यत्नक मिन कांग्रिया शिवाद्य, यांश दम्बिवात अवः ষাহা দেখিবার নয়, যাহা শুনিবার এবং যাহা শুনিবার নয়. এমন অনেক কিছুই সে তাহার জীবনে দেখিয়া শুনিয়া

#### সতুর মা

লইয়াছে। এখন তাহার শেষ সময়, বাৰ্দ্ধক্য আসিয়া তাহাকে ঘিরিয়াছে—তাহার দেহ খনের শক্তি হরণ করিয়াছে। জগতে অনেক আশা আকাজ্ফা লইয়া সে আসিয়াছিল, চাহিবার ভাহার অনেক ছিল, কিন্তু পাইবার দিনে সে চাহে নাই: ভোগের দিনে সে ত্যাগের পথ ধরিয়া চলিয়াছিল, আজ ত্যাগের দিনে সে ভোগের প্রত্যাশী হইয়া বসিয়াছে। জীবনের সংগ্রামে যুঝাযুঝি করিয়া. সে এখন ক্লান্ত অবসন্ন। তাই এখন সকলের নিকট,— চিরদিন যাহাদের সেবার প্রাণপাত করিয়াছে, তাহাদের নিকট হইতে একট সেবা যতু—একট আন্তরিক স্নেহ মমতা সে প্রত্যাশা করে। তাহার জীবনে হাদয়ভরা স্বেহ সে অ্যাচিত ভাবে অপ্র্যাপ্তরূপে দান করিয়া আসিয়া বিশ্ববাসীর দ্বারে আজ বিন্দু স্লেহের প্রার্থী! কিন্তু কিছ না. কিছু না,-সব শৃষ্ঠা, সব মিখ্যা! অজতা যাহার কাছে লাভ করিয়াছে, ভাহাকে বিন্দু দানে আজ বিশ্বজ্ঞন কাতর।

সত্র মা'র জীবনের দিন যতই সংক্ষিপ্ত হইয়া আসিতে ছিল, তাহার কর্ম্মের শক্তি যতই লোপ পাইতেছিল, ততই সে বুঝিতেছিল—পদ্মপত্রে জলের ভায় তাহার অধিকার এ সংসারে ক্রমেই অস্থায়ী হইয়া উঠিয়াছে।

যাহাকে নিকটে চাহে, কঠিন ধরার নিষ্ঠুর শাসনে সেই সতু তাহার নিকট হইতে দূরে পড়িতেচে,—যতই দুরে ষাইতেছে তত্তই সতুর মায়া তাহার অন্তরটাকে নিবিড ভাবে বেষ্টন করিয়া ধরিতেছে, কোপাও একট্ ফাঁক রাখিতেছে না। জগতে যেন আর সকলের অস্তিত্ব নব-তুর্গা ভুলিয়াছে; বুঝি এক সতু ভিন্ন আর কেহ বা কিছ তাহার চিন্তনীয় বা দর্শণীয় নাই। কিন্তু হায়। এই সতুই কি তাহার ? সতুর উপরই কি তাহার কোন দাবি দাওয়া, কি কোন জোর আছে ? না, কিছু না, কিছু না—তাহা যদি থাকিত, শক্তিহীন শ্রান্ত চরণতুটি ভাহাকে সত্র বক্ষ পর্যান্ত লইয়া যাইতে অসমর্থ হইলে, সে বধন তাহার সত্র গমনাগমন পথে প্রবল দর্শনাকাঞ্জা লইয়া বসিয়া থাকে, সতু তাহার দিকে লক্ষ্য মাত্র না করিয়া, আপন মনে, আপন কাজে চলিয়া যাইতে পারিত না। সতুর মা আর কেন দিনে দশবার তাঁহার শয়নকক্ষের দ্বারে আসিয়া দাঁড়ায় না ?—তাঁহার আহার স্থলে আসিয়া বুসে না—এ প্রশ্ন না করিয়া সে থাকিতেই পারিত না। কিন্ত সতুর মা আর সে পূর্বেরে সতুর মানাই, তাহার নিরালস কর্মনিপুণ হস্ত পদ এখন অলস অকর্মণ্য, সে এখন শক্তি, শ্মৃতি, বুদ্ধিবিবেচনা হীন, শত্রুর কৌশলে হতশ্রদ্ধ

### সতুর মা

অভাগী নবহুর্গা এখন রাজেন্দ্রের লক্ষের বাহিরে, সে স্বাস্থ্য বা অস্বাস্থ্য ভোগ করুক, জীবন বা মরণ লাভ করুক, পুলকপ্রফুল্ল বা অশুজ্জলে লুপ্তিত ইউক—মানে, সন্ত্রমে, জ্ঞানে, গরিমায় উন্নত ডেপুটীবাবুর তাহাতে কিছু আসে বায় না। তাঁহার সময় অমূল্য, কশ্ম অগাধ; কোন ছোটখাট খুটিনাটি বিষয়ে লক্ষ্য রাখিবার অবসর তাঁহার নাই। আগ্রিত লোকজনের স্থেসাচ্ছল্যের দিকে দৃষ্টি রাখিবার, রোগ-বালাইয়ের প্রতিকার করিবার ভার, ম্যানেজার গাঙ্গুলী মহাশয়, ছেলেদের দিদিমা স্বয়ং কর্ত্রী ঠাকুরাণী এবং পত্নী রতনবালার উপর শুস্ত করিয়া তিনি

এদিকে, ডেপুটিবারু যখন বাহিরের কাজে ব্যস্ত,—
ডেপুটিবাবুর শ্বশ্লচাকুরাণী তখন কল্যার সংসারে আপন
অধিকার ও দৃঢ়কত্বর অক্ষুপ্ত করিবার নিমিত্ত পুরাতন দাস
দাসী পাচক পাচিকাদের সকলকেই একে একে নিদায়
দিয়া, তৎস্থানে নূতন নিযুক্ত করিয়া,—তাঁহার সংসারে
প্রতিষ্ঠালাভের প্রতিঘন্দিনী সতুর মাকে বিদায় করিবার
বন্দোবস্তটা পাকা করিতেছিলেন। সতুর মা,—হোক
সে বৃদ্ধা, করুক সে রোগ ভোগ, থাকুক সে তাঁহার
অধীনে,—তবু পুরাতন লোক, তাঁহার অক্যায় অত্যাচার

অষথা প্রভূত্বের বিরুদ্ধে তাহারু অর্থপূর্ণ নীরব দৃষ্টির কষাঘাতে —ভাহার তীক্ষ সতর্ক দৃষ্টির সম্মুখে তিনি সরম-সঙ্কোচে কাতর; তাঁহার গর্বব ক্ষুপ্প, চেফা বার্থ, শক্তি পরাজিত। তৃচ্ছ একটা দীনহানা দাসীর কাছে নিশি দিন এ পরাত্তব অসহনীয়। স্থতরাং বছদিনের যুক্তি পরামর্শের পর নবতুর্গার এই শক্তিহীন অবস্থায় তাহাকে 'বিদায় করাই স্থির হইল। একবার কেবল কর্তার অনুমতির অপেকা। কিন্ত কঠা কি সহজে তাহাতে সম্মত হবেন ? সভুর মা'র দোষ ত তাঁ'র চোখে বড় পড়ে না ? তাতেই ত মাগী অত বেড়ে উঠেছে! যাহা হউক শঞ্জ-ঠাকুরাণীর প্রস্তাব অবিলম্বেই কর্তার কানে উঠিল। গৃহ-কর্ত্তা রাজেন্দ্র বাবু বলিলেন,—"এতকালের পুরোণ লোক, আমি যাও বলতে পারব না। তবে, ওর জন্মে নেহাত যদি তোমরা অস্ত্রবিধা বোধ কর, বল না হয় ছোট খুড়ীর কাছে কাশীতে ওকে পাঠিয়ে দিই। ছোট খুড়ী একলা মানুষ—তাঁর সামান্ত যা কিছু কাজ কর্ম্ম করবে, খাবে, থাকবে, এখান খেকে পেন্সনেম মত মাসে मारम छ हात होका शाहित्य एम खरा यात्व।" मतन मतन বিরক্ত হইয়া ভাবিলেন—রোজ রোজ আর এ ঝঞ্চাট রাখব না। আজ একথা কাল সেকথা আর শুলতেও পারি

### সতুর মা

না। কাশী পাঠানই ঠিক। তা'তে ছ্ব'দিকই রক্ষা হবে,
বুড়ীও খুসী হবে, বাড়ীর মেয়েরাও বাঁচবে। সতুর মাও যত
বুড়া হচেচ তত যেন বাড়িয়ে তুলেচে। পুরোণোই হোক
আর যাই হোক চাকরাণীত বটে? সত্যিইত! তোর
বাপু অত গিন্ধীপনা কেন্? তুমি বাপু যেমন বুড়ো
হয়েছ কাজকর্ম করতে পার না; খাওদাও থাক, কোন
কয়্ট পাবে না, তা নয় মাগীর সকল দিকে চোথ কান,
সকল কথায় কথা, সামাত্য একটা চাকরাণীর গৃহিণীর
উপর গৃহিনীপনা বাস্তবিক অসহ।

## वर्ष्ठ পরিচেছদ।

নবদুর্গা শুনিল তাহাকে কাশী পাঠাইবার ব্যবস্থা হইতেছে। ঝুমাতার প্রিয় দাসা বেশ গুছান কথায় বলিয়া গেল,—সভুর মা শিগ্গীর তোমার জ্বিনিস পত্তর গুডিয়ে নাও; বাবু তোমায় কাশী পাঠাবেন! পূণ্যের শরীর সভুর মা তোমার; তাই এই বুড়ো ব্যসে না চাইতে না যাচ্তে বাবু নিজেই তোমায় কাশীনাস কত্তে পাঠাচেন। সকলের আগে সে যে এ সুসংবাদটা দিতে আসিয়াছে, সেজন্য সভুর মায়ের কাছে সন্দেশ খাইবার প্রস্তাবটা করিতেও ভূলিল না।

হরি হরি ! একি আনন্দ সংবাদ ? সতুকে ছাড়িয়া, তাহাকে নয়নাস্তরালে রাখিয়া কাশীবাস করিতে হইবে, সতুর মায়ের পক্ষে কি এ শুভ সংবাদ ?

মুহূর্ত্তে নবতুর্গা অপ্ধকার দেখিল; সতুকে দূরে রাখিয়া, তাহাকে কাশীবাস করিতে হইবে ? হায়! হায়! ইহা অপেক্ষা যে তার মরণ ভাল ছিল। পৃথিবীতে এমন কোন স্থান তাহার আকাঞ্জিত নাই, যেখানে তাহার সর্ববিশ্বধন সতুর মুখ দেখিতে পাইবে না।

#### সতুর মা

নবহুর্গা বুঝিল। বুঝিল, তাহার প্রতি রাজেন্দ্রের অনাদর অবজ্ঞা এইবার চরমে উঠিয়াছে। তাহাকে পুণ্যার্থে কাশী পাঠান নয়, ইহা তাহার স্থথের সংসার হইতে হত-ভাগিনীকে নির্ববাসনের কৌশল। বহুক্ষণ চিন্তামগ্ন থাকিয়া নবহুর্গা উঠিল;—ইচ্ছা শ্লাজেন্দ্রের সঙ্গে কথাবার্তা কহিয়া কাশীঘাত্রা রহিত করা।

কৃষ্ণপক্ষের অন্ধকার,—আকাশের এক প্রান্তে জ্ঞমাট বাঁধা কাল মেঘ,—বাতাসটা এলোমেলো,—চতুদ্দিক্ নিস্তক্ষ গন্তার। নবছুর্গা কম্পিত-পদে ধীরে ধীরে সোপান বাহিয়া রাজেন্দ্রের শয়ন কক্ষ অভিমুখে অগ্রসর হইতে লাগিল। এলোমেলো বাতাসে তাহার হাতের আলোটা নিবিয়া গিয়াছিল, তুর্ভেভ অন্ধ-কারের মধ্য দিয়া, অভি সন্তর্পণে পদক্ষেপ করিতে করিতে, চিন্তিত মনে রাজেন্দ্রের শয়ন গৃহের দ্বারে আসিয়া, নবছুর্গা ডাকিল—"রাজেন্ ! রাজাবাব !"

ভিতর হইতে উত্তর আসিল—"কে ?"

"আমি। আমি সতুর মা,—একবার দরজাটা খুলবে ?"
গন্তীরস্বরে রাজেন্দ্র উত্তর কল্লিলেন "কি ? সতুর
মা তুমি ? ওঃ জিগেস করতে এসেচ বুঝি, কাল কখন
তোমায় বেতে হবে ? কাল সকাল দশটা পীয়তাল্লিশ

মিনিটে গাড়ী ছাড়বে, তুমি সাড়ে নয়টার আগে ঠিক ঠাক্
হয়ে থাকবে! ফটননে পৌছন চাই দশটার আগে,
বুড়োমামুষ নেহাত তাড়াতাড়ি পেরে উঠবে না, একটু
আগে থাকতে যাওয়া ভাল। যাও অনেক রাত হয়েচে
আজ ঘুমোওগৈ কাল গাড়ীতে ঘুমতে পারবে না।"

রাজেন্দ্রের শেষ কথাগুলার স্বর অপেক্ষাকৃত কোমল।
বুরার হৃদয় আশা নিরাশায় দ্রুত স্পন্দিত হইতে;
লাগিল; সে প্রাণপণে শক্তিসঞ্চয় করিয়া বলিল—
"কিন্তু একটা কথা, আমি তোমায় একটা কথা বলতে
এসে—"

নবহুর্গার কথায় বাধা দিয়া গৃহাভ্যন্তর হইতে রাজেন্দ্র বলিলেন—কথা-টভা এখন শুনতে পারব না, আজ আমার শরীর ভাল নেই, যা বলতে চাও কাল বোল, যাও। কাল ভোরে উঠে, কাশী যাবার জন্ম নিজের জিনিসপত্র গোইগাছ করে প্রস্তুত হয়ে থেক।"

রুদ্ধখারে ধীরে ধীরে করাঘাত করিয়া ব্যাকুলকঠে নবহুর্গা বলিল—"রাজেন্, বাবা, দরজাটা খুলে আগে আমার একটা কথা শুনে—"

তাহাকে কথা শেষ করিতে না দিয়া নিতান্ত বিরক্তির সহিত রাজেন্দ্র বলিয়া উঠিলেন,—"আঃ বড় বিরক্ত করলে

### সভুর মা

ত তুমি ? বল্চি আমার শরীর ভাল নয় এখন কোন কথা টথা শুনতে পারব না, তবু বার বার ওই—"

সঙ্গে বধুমাজাও রুফস্বরে বলিয়া উঠিলেন—
"তোমার বুদ্ধি-শুদ্ধি একেবারে লোপ পেয়ে গেছে নাকি?
শুনচ মানুষের অন্ত্র্থ করচে, কফ হচেচ, তবু এই ঘুমের
সময় স্থালাতন করচ কি বলে? যাও নীচে নেবে যাও।"

উভয়ে নীরব হইলেন।

নবহুর্গা বজ্রাহতের ন্থায় স্তম্ভিত ভাবে দ্বারে মস্তক রক্ষা করিয়া দাঁড়াইল; তাহার সমস্ত দেহমনের শক্তি যেন অন্তর্হিত হইল, চরণ দেহভার বহনে অসমর্থ হইল!

ক্ষণপূর্বের এলোমেলো বাতাস ক্রমে ভীষণ ঝড়ের আকার ধারণ করিয়া বিকট বোঁ বোঁ গোঁ গোঁ। শব্দে ক্রোধোমন্ত দৈত্যের মত দিখিদিকে ছুটিয়াছে, প্রাণী-মাত্রেরই ভীতি উৎপাদক বিরাট অন্ধকারে চহুদ্দিকে আচন্ন হইয়াছে। সেই বিশ্বব্যাপী অন্ধকারের মাঝে বাগানের গাছপালা গুলা মুহূর্ত্তে পতনভয়ে ভীত হইয়া হায় হায় করিয়া উঠিল; গৃহমধ্যে রাজেন্দ্রের শিশুকভা নিদ্রাভক্তে কাঁদিয়া উঠিল। সে স্বরে চমকিত হইয়া প্রাণপণে ঝড়ের সঙ্গে যুঝিতে যুঝিতে নবতুর্গা ক্রত অগ্রসর হইল, কিন্তু বুন্ধার পক্ষে অন্তর্ব বাহিরের সে

প্রবল ঝড়ের সহিত বেশীক্ষণ যুঝিতে পারা অসম্ভব! তাহার চেতনা বিলুপ্ত হইয়া আসিল, বেশীদূর অগ্রসর হইতে পারিল না, নবহুর্গা অবসন্ধ দেহে এক স্থানে বসিয়া পড়িল।

তুমুল ঝড়ের অবসানে তাহার মস্তকের উপর দিয়া এক পদলা বৃষ্টিও হইয়া গেল তথাপি নবতুর্গার হুঁদ নাই। গভীর চিন্তার মাঝে বুঝি বা দে তাহার বোধশক্তি হারাইয়াছিল!

বহুক্ষণ একভাবে থাকিয়া সহসা নবহুর্গার কম্প উপস্থিত হইল, তাহার মস্তিকের ভয়ানক একটা যন্ত্রণা অমুভূত হইল, পিপাসায় কণ্ঠ ওপ্ঠ শুক্ষ হইল। নবহুর্গার ম্মরণ হইল, এই ভাষণ ঝড় বৃষ্টি অন্ধকারের মাঝে একা সে তাহার গৃহের বাহিরে বসিয়া আছে, সভয়ে একবার সম্মুখে চাহিয়া অতি ক্ষেট কম্পিত পদে নবহুর্গা আপন কক্ষে ফিরিয়া আসিল, যথাসম্ভব শীঘ্র কাপড় বদলাইয়া অনেকটা শীতল জলে পিপাসা শান্ত করিয়া বিষণ্ণ মনে

কে কাশী যাইবে ? গাড়ীর সময় হ**ই**য়া আসিল, নবছুর্গার যাত্রার সময় নিকটতম হইল। কাশীতে তাহাকে পৌছিয়া দিয়া আসিবে যে দারবান, নিজের আহারাদি শেষ করিয়া, জিনিষপত্র গুছাইয়া যথাসময়ে আসিয়া হাজির, কিন্তু সতুর মা কই ? কোথায় ? সে ত যাত্রার কোন উল্যোগ করে নাই, এমনকি সে এখন তাহার দরের দার থুলিয়া বাহিরেও আবেস নাই।

সতুর মাকে বিদায় করিবার আগ্রহ যাঁহার অধিক তাঁহার আজ্ঞাক্রমে এক জন পরিচারিকা তাহার খবর লইতে গেল। কিন্তু দ্বার অর্গলহীন দেখিয়া ভিতরে গিয়া শ্যার উপরে সতুর মায়ের জ্বর-তপ্ত চেতনাবিহান-নিম্পন্দদেহ স্পর্শ করিয়া চমকিত হইল! "এ কি ? সতুর মা! সতুর মা! তোমার কি জ্বর হয়েচে,—তুমি উঠতে পাচ্চনা ? সতুর মা ?" সতুরমার সাড়া মিলিল না, সে নীরব নিম্পদ জ্ঞানশৃষ্য। দাসী এ সংবাদ লইয়া গৃহের বাহিরে আসিল।

রাজেন্দ্র শুনিলেন সতুর মায়ের জর হইয়াছে—জর ভাল হইলে তাহার যাওয়া হইবে।

সপ্তাহ পরে গাঙ্গুলি মহাশয়ের নিকট শুনিলেন, এখনও সতুর মা স্কৃষ্ক হয় নাই ব্যায়ারাম তাহার শক্ত, বিশেষ যত্ন ও চিকিৎসার আবশ্যক।

রাজেন্দ্র হুকুম দিলেন—"বাহা কিছু আবশ্যক দিও

স্মার যাতে যত্নের অভাব না হয় তুমিই তার বন্দোবস্ত কর।" জ্রীকে বলিলেন—"সতুর মাকে একটু দেখো, পুত্র কন্সা-হীনা অনাথা মামুষ, চিরদিন আমাদের সংসারে আছে মরণ-কালে যেন কোন কক্ট না পায় সেদিকে দৃষ্টি রেখ।"

ভাক্তার 'আসিলেন, রোগীর রোগ পরীক্ষা করিয়া ঔষধ দিলেন, গাঙ্গুলি মহাশয় যথাসম্ভব সতর্কতার সহিত সেবার স্থবন্দোবস্ত করিয়া দিলেন, কিন্তু নবছুগা স্থমিষ্ট বচনে স্বিনয়ে সে সকলের প্রত্যাখ্যান করিল। ঔষধ বিন্দুমাত্রও স্পর্শ করিল না; একটা প্রাণীরও সেবা গ্রহণ করিল না, গৃহ শ্ব্যা বসনাদির পরিবর্ত্তন করিল না, কাহাকেও কোন কফ বা মনোবেদনা দিল না, অথচ কৌশলে ধীরভাবে আপন কর্মা আপনি সম্পন্ন করিতে লাগিল—কাহাকেও জানিতে দিল না কতটা সে গ্রহণ করিল আর কি বা সে প্রত্যাখ্যান করিল।

নবহুর্গা নীরবে প্রসন্ধমুখে আপন রোগ যন্ত্রণা সহ্য করিতে করিতে একটি দিবসের প্রতীক্ষায় রহিল।

রাজেন্দ্র বাহির হইতে অন্তোর নিকট প্রত্যহই তাহার সংবাদ লয়েন কিন্তু নিজে বে দিন তাহার গৃহন্বারে আসিয়া, কোন দিন বা তাহার শয্যাপার্শ্বে দাঁড়াইয়া তাহাকে জিজ্ঞাসা করেন, সে দিন সে হৃদয়ে শত স্থর্গের সুখ

## সভুর মা

অনুভব করে, তাহার রোগ যাতনা আর্দ্ধেক উপশম হয়, জননী হৃদয়ের সমস্ত স্থেহ নয়নে পুঞ্চীভূত করিয়া স্থিম দৃষ্টিতে নির্ণিমেষে সে তাঁহার প্রতি চাহিয়া চাহিয়া শত শুভাশীর্বাদে তাঁহাকে অভিষিক্ত করে। অন্ধ রাজেন্দ্র সে দৃষ্টির মর্ম্ম বুঝে না বুঝিবার চেন্টাও করে না।

ক্রমে নবতুর্গা যখন বুঝিল যমের হাত হইতে এবার আর তাহার নিস্তার নাই, বৃদ্ধ গাঙ্গুলি মহাশয়কে অন্তরালে ডাকিয়া বলিল—"সকলি ও হইল, নারায়ণ সম্মুখে তামা তুলসা হাতে ল'য়ে যা প্রতিজ্ঞা করেছিলাম চিরজাবন প্রাণপণে তা পালন করেছি। এখন এ অন্তিমে সন্তান বর্তমান থাকতে বেড়া আগুণে ত পুড়তে পারব না;—প্রাণ থাকতে প্রকাশ করব না বলেছিলাম তাই হবে; তারপর মহাপ্রাণ যখন পঞ্চভূতে মিশবে তখন সতুকে আমার শত সহত্র আশীর্ববাদ জানিয়ে বলবেন, সতু যেন নিজে আমার মুখাগ্রি করে—আর বৈষ্ণব দিয়ে আমায় শ্মশানে না পাঠায়। জারও"—স্বর্গায় পতিদেবকে স্মরণ করিয়া সজল চক্ষে নবতুর্গা বলিল—"আরও একটা কথা বল্বে—সতুর পিতা বিঃসন্তান ছিলেন বলেই একট জল

পিও পাবার আশাতেই নিতান্ত বৃদ্ধবয়সে চতুর্থ পক্ষে
আমায় বিবাহ করেছিলেন কিন্তু এ পর্যান্ত সতু তার পিতৃপুরুষকে এক গণ্ডুব জল দিতে পারেনি; বলবেন এইবার
যেন সে পিতৃপুরুষকে এক গণ্ডুব জল দেয়। তাকে আর
আমার বলবার কিছু নেই। আর, আপনি! আপনাকে
আমি কি বলব, চিরদিন ধর্মপ্রাণ বড় ভাই যেমন হঃখিনা
বোনকে সর্ববদা রক্ষা করে, আপনি চিরজীবন তেমনি
আমায় শত বিপদ আপদে রক্ষা করে এসেছেন, মরণমুহুর্ত্তেও আপনার অসীম স্নেহের কাছে আমি ঋণা।
আপনার কাছে আমার শেষ অমুরোধ—যে কটা দিন দেহে
প্রাণ থাকে, সকলের ব্যবহার যদি অসহও হয়—সতুকে
আমার ছেড়ে যাবেন না, তাকে স্পরামর্শ দেয় আপনি
ভিন্ন এ সংসারে আর এখন দ্বিতায় লোক নাই।"

কনিষ্ঠা ভগিনী বেমন জ্যেষ্ঠ ভাতার চরণধূলি লয়— নবতুর্গা তেমনি শ্রন্ধার সহিত রন্ধের চরণধূলি মস্তকে লইলেন। রন্ধ আশীর্বাদ করিবেন কি সেই মুছুর্ত্তে তাঁহার শ্রন্ধানত হৃদয় যেন এই পৃতহৃদয়া নারীর চরশধূলির জন্ম ব্যগ্র হইল।

গাঙ্গুলি মহাশয় সতুর মাকে গঙ্গাযাত্রা করাইতে পরামর্শ দিলেন। রাজেন্দ্রবাব্ ইতস্ততঃ করিয়া বলিলেন—"আপনি

## সতুর মা

ৰা ভাল বোঝেন কৰুন; আমি বিস্তু এ হাঙ্গামে থাকতে পারব না; আমার হাতে এখন ঢের কাজ।"

নিকটেই একজন ভূত্য উপস্থিত চিল অল্লক্ষণের মধ্যেই কথাটা সে চতুর্দিকে রাষ্ট্র করিয়া দিল।

রাজেন্দ্রের পত্নী শুনিয়া বলিলেন—"সকলই স্প্তিচাড়া কথা, শুনলে হাড় জ্বলে, চাকরাণীকে আবার কে কোথায় গঙ্গাযাত্রা করায় ?"

শাশুড়ি একটু চাপা হাসি হাসিয়া বলিলেন—"তাহলে এখন গঙ্গাযাত্রা করাও; মলে বুধোৎসর্গ করে: 'মা খুড়ি মলে যেমন করে থাকে।" ঠাট্টা বিজ্ঞাপে ব্যতিবস্ত হইয়া রাজেন্দ্র গাঙ্গুলি মহাশয়কে বলিলেন—"থাক্সে আর গঙ্গাযাত্রা করায় না, অনেক দিন রয়েচে, আপনার লোকের মত হয়ে গিয়েচে, মরে গোলে জন কয়েক আন্দাকে খাইয়ে দেওয়া হবে, আর অনাথাশ্রমে মণ কতক চাল ডাল পাঠিয়ে লেওয়া হবে তাহলেই হল, আর বাড়াবাড়িতে কাজ নাই, লোক হাসবে।"

গাঙ্গুলি মহাশর বৃদ্ধার তুর্গতি দেখিয়া আর স্থির থাকিতে পারিলেন না; উদ্দেশে কর্তা মহাশয়ের নিকট মার্জ্জনা ভিক্ষা করিয়া,—রাজেন্দ্রকে অন্তরালে ডাকিয়া সকল কথা পরিক্ষার করিয়া বলিলেন। ় বিম্ময়াভিভূত রাজেন্দ্র বলিলেন—"এতদিন বলেন নাই কেন ?

. 1

ম্যানেজার সবিনয়ে জানাইলেন স্বর্গীয় কর্তা মহাশয় তামা তুলসি গঙ্গাজল হন্তে দিয়া নারায়ণ সম্মুখে প্রতিজ্ঞা করাইয়া ছিলেন একথা তাঁহারা কখন কাহারও নিকট প্রকাশ করিতে পাইনেন না।

্বাজেন্দ্রের মূর্ত্তি গম্ভীর হইল। শত ধিকারে তাঁহার অস্তর পূর্ণ হইল।

বাত্রার আয়োজনে বেশী বিলম্ব লাগিল না। আজ্ব নবছুগার গঙ্গাবাত্রা ডেপুটীমাজিট্রেটের জননীর অমু-রূপই হইল। অগ্রে পশ্চাতে ছু'টি সংকীর্ত্তনের দল মধুর হরিনাম কীর্ত্তন করিতে করিতে চলিল। দৃঢ় আদেশে নির্বাক স্তম্ভিত পুত্রগণের সহিত রাজেন্দ্র ভাহারই মধ্য দিয়া নবছুগার পুস্পমাল্য-শোভিত খাট বহন করিয়া চলিলেন।

দরি দ্রকে বিতরণের অর্থ লইয়া আনন্দাশ্রাস্থলাচনে বৃদ্ধ গাঙ্গুলি মহাশয় তাহার অনুসরণ করিলেন।

সংকীর্তনের সাড়া পাইয়া অগণিত বান্ধক বৃদ্ধ যুবা পথের জনতা বৃদ্ধি করিয়া সঙ্গে সঙ্গে চলিন্ধ। প্রতি-বেশীদের মধ্যে যাহার কর্ণেএ মধুর হরিধ্বনি প্রবেশ করিল, যাহার চক্ষু এ পবিত্র দৃষ্ঠা দর্শন করিল সেই সবিস্ময়ে বলিল—"মাগী কি ভাগ্যিমানী গো!"

রাজেন্দ্রের কাণ্ড দেখিয়া অনেকেই ভাবিল ডেপুটা বাবু আজ পাগল হলেন নাকি ? নিজের মায়ের চেয়ে একটা চাকরাণীর মরণের যে দেখচি বেশী ঘটা !

গঙ্গাযাত্রির ঘরে নবতুর্গ। কোন ক্রমেই থাকিতে সম্মত হইলেন না। রাজেক্র বুঝিলেন—আজ তাঁহার মা জননার মুক্তির দিন, সংসারের বন্দীখানায় চিরজীবন ভয়ে ভয়ে কাটাইয়াছেন, আজ ভয় ভাবনা শৃন্ম হইয়া জাহুবীমা'র চরণসৈকত হইতে একেবারে মরণ কোলে আশ্রয়
লইবেন। স্থসন্তান নীরবে জননীর অন্তিম আদেশ পালন স্করিলেন।

আনন্দধানের যাত্রী নবতুর্গা আজ ভাগীরথীর বিস্তৃত্ত শীতল বালুতটে মৃত্তিকা উপাধানে শয়ন করিয়া পরিপূর্ণ প্রোণে, যুক্তকরে মধুর হরিনাম গান এবণ করিতে করিতে চিরশান্তি দায়িনীর শাগ্রমন অন্তুত্তব করিতে লাগিলেন। দেবালয় সম্হের সচন্দন পুস্পমাল্য ধূপ ধূনার স্থগন্ধ বহন করিয়া জাহুবীর সিগ্ধনায়ু তাঁহার রোগক্লিফ দেহের উপর দিয়া বহিতে লাগিল, জোয়ারের জল প্রতি মুহূর্ত্তে তাঁহার দিকে অগ্রসর হইতে লাগিল।

চির ম্বেহময়ী নবডুর্গাকে আঞ্জ জীবনের অন্তিমক্ষণে আপন গর্ভধারিণী জননী বলিয়া জানিতে পারিয়া বাজেন্দ্র উন্মত্তপ্রায় হইলেন: সভী শিরোমণি সাবিত্রী যেমন অপূর্বব কৌশলে কৃতান্তকে . পরাজিত করিয়া একদিন পতির জীবন ফিরাইয়াছিলেন, তেমনি প্রাণান্তপণে তিনি আজ তাঁহার জননীকে একবার জীবনে ফিরাইতে চাহিলেন। কত শত অনাথ অভাগা ঘাঁহার দ্বারে আসিয়া সৌভাগ্যের মুখ দেখিতে পায়, চঞ্চলা লক্ষ্মী যাঁহার গৃহে অঞ্চলা, সুখ শান্তি নিরস্তর ঘাঁহার সেবায় নিযুক্ত সেই ভাগাবানের জননাই না আজ মুহূর্ত পূর্বেব নিতান্ত দীনহানার মত 'জগতের নিকট চিরবিদায় লইতেছিল। হায়। ছায়। এ অসহনীয় চিন্তা রাজেন্দ্রকে যেন দগ্ধ করিতে লাগিল, ক্ষোভে অনুতাপে তাঁহার হৃদয় বিদীর্ণ প্রায় হইল। তঃখিনী জননীর বহু বংসরের বহু অপমান লাঞ্ছনা স্মরণ করিয়া তাঁহার চক্ষু ফাটিয়া অশ্রুরূপে যেন রক্তধারা ঝরিতে লাগিল। মুমুর্ষ জননীর তুষার শীতল চরণে মস্তক রাখিয়া ভগ্নকণ্ঠে রাজেন্দ্র তাঁহার অজানিত অপরাধের জন্ম ক্ষমা চাহিলেন।

মূত্যুশব্যা-শায়িতা নবচুর্গা একবার শিহরিয়া উঠিলেন, অর্দ্ধস্ফুটস্বরে বলিলেন—"তবে সতু আমার সকলি

## সতুর মা

জানিয়াছে **? হে নারায়ণ** ! প্রতিজ্ঞান্তক্ষের পাপ ত আমার জীবনের শেষক্ষণে স্পর্শ করিল না <sup>১</sup>°

গাঙ্গুলি মহাশর তাঁহাকে অভয় দিয়া বলিলেন—
"নিষ্পাপ তুমি, তোমার কোন ভয় নেই; এ দারুণ সত্য
প্রকাশে যদি প্রতিক্ষাভঙ্গের পাপ হয়ে থাকৈ, সে আমার,
সে আমার! আমি হাসিমুখে এর শান্তি গ্রহণ করব।"

নবতুর্গার হৃদয়ে একপ্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত হর্ষের বিত্রাৎ ধেলিয়া গেল। শক্তিহীন অবশদেহে সর্ববান্তঃকরণের শক্তি দিয়া, তুষার শীতল হন্তে আকুল আগ্রহে রাজেন্দ্রকে বক্ষের উপর টানিয়া লইয়া নবতুর্গা বলিলেন—"তবে একবার তোর এ তঃখিনী-মাকে মা বলে ডেকে আমার চিরজন্মের সাধ পূর্ণ কর, দে বাবা এ অন্তিমে মুথে একটু গঙ্গাজল দে, সতুরে কাছে আয় একবার প্রাণভ্রের তোকে দেখে নিই, 'আমার ছেলে' বলে একবার নির্ভয়ে ডেকে নিই।"

পরম যত্নে জননীর শুক্ষ কঠে বেদানার রস ও গঙ্গাজল দিতে দিতে বালকের মত কাঁদিয়া রাজেন্দ্র ডাকিলেন—
"মা"—"মা"—"আমার জন্ম ছঃখিনী মা"—ক্ষীণকঠে নবদ্ধগা উত্তর দিলেন—"সতু বাপ আমার!"

আসন্ধমৃতার নয়নদ্বয় হইতে দরবিগলিত-ধারায় অঞ্

ঝরিতে লাগিল। নবতুর্গা প্রাণপণে জীবনের অন্তিম শক্তিটুকু সঞ্চয় করিয়া হর্ষোচ্ছলমূখে জড়িতস্বরে বলিলেন, —"আজ আমার জীবন সার্থক হ'ল, একবার হরি হরি বল বাপ—হ—রি—হ—রি।"

় রাজেন্দ্রের চাঁদের মত পাঁচটি পুত্র ও শিশুক্সাটি পিতার ইঙ্গিতে নবতুর্গার সম্মুখে আসিয়া দাঁড়াইল। রাজেন্দ্র মাতার কানের নিকট মুখ লইয়া গিয়া উচৈচঃ-স্বরে বলিলেন,—"মা, তোমার নাতি নাতনীরা এসেচে দেখ, আশীর্বাদ কর।"

সে পর বৃদ্ধার কানে গেল। অসীম চেক্টার চক্ষু পুলিয়া বৃদ্ধা সম্মুখে চাহিয়া হস্তোশ্রেলন করিতে প্রয়াস পাইলেন; অবশ হস্ত উঠিল না, ওঠনর ঈষং কম্পিত হইল, আর বাক্যফ্রণ হইল না! পৃতহৃদয়া নবহুগা তাঁহার চাঁদের হাট সম্মুখে রাখিয়া চিরনিজায় অভিভূত হইলেন। সহক্র কঠের হরিথবনি, সহক্র চক্ষুর পুলকবিহলল দৃষ্টির মাঝে রাজেক্র তাঁহার সম্মানিষ্ঠ উচ্চ শির গলা-সৈকতে তুঃখিনীর চরণ-তলে সুটাইয়া বালকের মত অধীরচিত্তে কাঁদিতে লাগিলেন—"মা—মা—ক্ষনমতঃখিনী মা আমার!" সে করুণ ধ্বনি সহক্র হৃদয়ে প্রতিধ্বনি ভূলিল—"মা"—"মা আমার!!"

ক্রেকে একে পাঁচটি কন্সারক্ষের পর চিন্তাহরণের জন্ম হওয়ায় ছেলেবেলা একটু অতিরিক্ত আদরবত্নেই তাহাকে মানুষ করা হইয়াছিল, এবং স্নেহাদরের ফলে তাহার দৌরাস্থ্য যথন চরম সীমায় উঠিয়া তাহার পিতানাতাকে সতর্ক হইতে ইন্সিত করিতেছিল, সেই সময় সহসা এক দৈবজ্ঞের লাগমনে তাহার আদরবত্ন হাস হওয়া দূরে পাক, বরং বৃদ্ধিরই স্থযোগ হইয়াছিল। দৈবজ্ঞ ঠাকুর একটি পয়সা আর একটি স্থপারি লইয়া চিন্তাহরণের ভাগাগণনা করিয়া প্রসনমুখে তাহার জননীকে বলিলেন, "মা তুই বড় ভাগাবতী! অনেক পুণোর ফলে তোর এই স্থান জন্মেছে, তোর ভাবনা কি মা, তোর ছেলের কপালে এই দেখ রাজদণ্ড রয়েছে!"

সরল বিখাসের সহিত একটী তৃপ্তির নিখাস কেলিয়া দৈবজ্ঞ ঠাকুরকে ভক্তির সহিত প্রণাম করিয়া যোগমায়া আবার জিজ্ঞাসা করিলেন, "ঠাকুর, আমার ছেলের হাত দেখলেন, অনুগ্রহ করে আমার হাতটি দেখে বলে দিন, এই ছেলেটি রেখে আমি মরতে পারব কি ? আর আমার বড় সাধ একবার কাণীর বিশেশর অন্নপুনো দর্শন করে আসি, তা আমার বরাতে আছে কি ?

দৈবজ্ঞ ঠাকুর তাঁহার হাতটির দিকে কিছুক্ষণ দৃষ্টি স্থির রাধিয়া হাসিয়া বলিলেন, "শুধু কাশী কেন মা তুই কাশী গয়া বৃন্দাবন হরিষার কেদার বদ্রীনাথ পর্য্যন্ত যাবি; ঐ ছেলের কল্যাণে তোর পুণ্যকর্ম্ম ভীর্থধর্ম সব হবে কোনো অভাব থাকবে না। মা, তোর ছেলের কোলে নাতি দেখে তুই হাসতে-হাসতে মরবি।"

চিন্তার মা তখন গভার আনন্দে পূর্ণজ্ঞদয় হইয়া কুটীর-মধ্য হইতে ক্ষুদ্র একটি বংশপেটিকা বাহির করিয়া বহু অণুেষণে বহুদিনের সঞ্চিত ছটি টাকা বন্ত্রখণ্ডের গ্রন্থি পুলিয়া দৈবজ্জঠাকুরের পদতলে রাখিলেন। ঠাকুর সম্ভষ্ট মনে মাতাপুত্রকে আশীর্বাদ করিয়া বিদায় হইলেন।

অনেক ভাবিয়া চিন্তাহরণের পিতা মাতা পুত্রকে ঠিক রাজা না হউক অন্ততঃ ধনী ও বিদ্বান দেখিবার জন্ম সাধ্যাতীত চেফা করিতে কৃতসকল্ল হইকোন। তুরস্ত শিশু চিন্তাহরণ জানি না কোন্ সূব্দ্ধির উদয়ে অল্লদিনের মধ্যেই খেলা-ধূলা ছাড়িয়া স্থবোধ বালকের মত পিতার আদেশ শরের কলম ভূষোর কালি লইয়া পাত জাড়ি বগলে, কোঁচার খুঁটে মুড়ী মুড়কী বাঁধিয়া লইয়া পাঠশালৈ গেল।

## বিশেশর দর্শনে

পাঠশালে এ তুর্দান্ত শিশুর আগমনমাত্রে পুরাকালের শাস্তির স্মৃতিগুলি অনুগত ভূত্যের মত একে একে গুরু মহাশয়ের শরণাগত হইল। কিন্তু সে সকলের বিশেষ व्यावगुक बहेल ना! পार्रभालात भार्र यहापितिह नमाश्व করিয়া চিন্তা গ্রামের স্কুলে গিয়া ভর্ত্তি হইল এবং ষ্ণাকালে তথাকার শিক্ষা সমাপ্ত করিয়া পিতা-মাতার আনন্দ বৰ্দ্ধন করিয়া চিন্ত। ইংরেজা-স্কলে ভর্ত্তি হইবার অপেক্ষা করিতে লাগিল। কারণ, চিন্তার পিতার আর্থিক অবস্থা নিতান্ত হীন, কলিকাতার স্কুল-মেদের খরচ নিয়মিত যোগানো অসম্ভব, তবু তাঁহারা স্বামী-স্ত্রীতে প্রামর্শ করিয়া যথাসম্ভব সংসারের অত্যাত্য বায় সঙ্কোচ করিয়া পুত্রের স্কলের মাহিনা খাই-খরচ ইত্যাদির জোগাড করিয়া ভাহাকে কলিকাভার ইংরাজী স্কুলে পাঠাইতে দৃঢ়প্রতিজ্ঞ হইলেন।

চিন্তা যেদিন খোপদস্ত ধৃতিখানির উপর বকের পালকের মত ধব্ধবে সাদা কামিজ আর পায়ে চক্চকে বানিসের চটি পরিয়া ছোট একটি পুঁটুলিতে নিজের আবশ্যকমত জিনিষগুলি বাঁধিয়া লইয়। পিতার সহিত কলিকাতায় গেল, এই দরিদ্র পরিবারের সেদিনকার আনন্দ বর্ণনাতীত। যে চিন্তাহরণকে চোখের আড়াল করেন না, এখন হইতে তাহাকৈ একলা দূরে ফেলিয়া রাখিতে হইবে। কি করিয়া যে মায়ের দিন কাটিবে তাহা বুঝিতে কাহারো বাকি রহিল না, তবু অঞ্চলে অশ্রু মার্জ্জন করিয়া বড় আশায় বুক বাঁধিয়া যোগমায়া তাহার নয়ন-মণিকে ন্যাল্যবালে পাঠাইলেন।

চিন্তাকে স্কুলে ভর্ত্তি করিয়। তাহার পিত। যখন গ্রামে ফিরিয়া আসিলেন আনন্দে উৎসাহে তাঁহার বুক যেন দশ হাত; চিন্তার মা ও দিদিদের মনে অজ্ঞ আশা অসীম আনন্দ।

প্রথম বৎসর চিন্তা পৃজার ছুটাতে বাড়ী আসিল।
সম্বৎসর পরে নয়ন-মণিকে নয়নে দেখিয়া বোগমায়া
পুত্রকে কোলে বসাইয়া তাহার মস্তক আনন্দাঞাসক্ত
করিলেন। অন্তরের সমস্ত স্নেহ নয়নে পুঞ্জাড়ত করিয়া
দিদিরা ছোট ভাইটিকে দেখিলেন। তাহাকে কাছে
বসাইয়া প্রশংসাপূর্ণ-নেত্রে সাগ্রহে তাহার য়ুখে তাহাদের
স্কুলের প্রতি কথা প্রত্যেক ঘটনার কথা প্রশ্নেম্ব পর প্রশ্ন
করিয়া শুনিলেন, তাহার বই কয়খানি শ্লেট পেকলগুলি
একবার নহে দশবার করিয়া নাড়িয়া চাড়িয়া দেখিলেন,
আর সে সকলের অধিকারীকে মনে মনে অজ্বস্থ আশীর্বাদ
করিলেন।

মা-বোনের আদর-যতু, বাপের সম্রেহ আদেশ-উপদেশ ও শৈশব-সঙ্গীদের সহিত হাসি-খেনায় ছুটীর সপ্তাহ কয়টি নিমেষের মত কাটিয়া গেল। চিন্তা আবার কলিকাতায় ফিবিয়া গেল ৷ দিতীয় বৎসৱেও চিন্তা সম্বৎসৱের ধরা-বাঁধার বাহিরে আসিয়া হাঁক ছাড়িয়া বাঁচিল: মায়ের হাতে রানা ভাত তরকারি পিফক পরমান্ন স্কৃপ্তিতে উদরপূর্ণ করিয়া খাইল: বিজয়া দশমার রাত্রি প্রতিমা বিসর্জ্জন দেখিয়া শৈশব-সঙ্গীদের সন্থিত কোলাকুলি করিয়া সকলের সঙ্গে সারা গ্রামখানির গুহে-গুহে ঘুরিয়া প্রণাম ও মিউমুখ করিয়া আসিল। দিদিদের প্রণাম করিতে তাহাদের শশুর-বাড়ী গিয়া আদর যতু স্লেহাশীর্ননাদ ও ক্রীড়া-কৌতুকের মধ্য দিয়া ছটীর অনশিষ্ট দেড়সপ্তাহ কাটাইয়া পিতামাতার চরণ-ধূলি মস্তকে লইয়া চিন্তাহরণ কলিকাতায় মেদের এক তলার সাঁাৎসেঁতে ছোট ঘরটিতে আসিয়া বই খাতা পেন্সিল কলম লইয়া আবার সেই বৈচিত্রা-বিহীন একঘেয়ে জীবন যাপন আবল্ল কবিল।

স্কুলে ভাল ছেলে বলিয়া চিন্তাহরণের যেমন একটা সম্মান সম্রম ছিল, নিতান্ত গরীবের ছেলে বলিয়া অনেকের মনে তাহার প্রতি একটা অসম্রমের ভাবও ছিল। পরি-চিত ছাত্রদের মধ্যে কে কে তাহাকে প্রীতির চক্ষে দেখিত, কেই-বা অসম্ভ্রম আনাদের ভাব অন্তরে পোষণ করিত সে
তাহা জানিত, তাই নিতান্তই কাজের খাতির ছাড়া সে
বড় কাহারো সহিত আলাপ-পরিচয় করিত না; স্কুলের
ছুটীর পরে নিজের ঘরটি ছাড়িয়া কোথাও যাইত না,
"প্লে-গ্রাউণ্ডে" কাহারো সহিত কোন খেলায় যোগ দিত না,
শীত গ্রাম্ম বর্ষায় সমভাবে একলা সে নিজের কর্ত্তরা ও
অভাবজনিত অতৃত্তি লইয়া অপরিচ্ছন্ন অন্ধকৃপবৎ ঘরটির
মধ্যে কাটাইয়া দিত।

প্রথমে যে আনন্দ উৎসাহ লইয়া সে কলিকাতায় আসিয়াছিল, সে আনন্দ উৎসাহ ক্রমে চলিয়া গিয়াছিল। শান্তি ও তৃপ্তিতে যে হৃদয় পূর্ণ ছিল, তাহা নানা অশান্তি অতৃপ্তি ও ক্লোভে ভরিয়া উঠিয়াছিল। সহরের লোকের চমকপ্রদ উজ্জ্বল জীবনের তুলনায় তাহাদের পদ্মীজীবন নিতান্তই অকিঞ্চিৎকর ও অমুজ্জ্বল—জীবনমাপন-প্রণালী নিতান্ত সঙ্কীর্ণ বলিয়া তাহার মনে হইত। সে দেখিত গ্রামের সহিত তুলনায় রাস্তা-ঘাটগুলি ক্রেমন স্থূন্দর স্থাণস্কৃত, কেমন জীবন্ত ভাবপূর্ণ; ঘর-সংসার কাজ্জ-কর্ম্মের মধ্যেও কেমন শৃঙ্খলা। সহরের প্রত্যেক সজীব ও কির্মান পদার্থের মধ্যে যে বিশেষয়টুকু ছিল, চিন্তায়রণের সৌন্দর্য্য-বিশ্লেষণগুণে সেগুলি আরো স্পাইট হইয়া উঠিত,

আর তাহার শৈশবের স্মৃতি, এমন কি পিতামাতার ও দিদিদের স্লেহস্মৃতিও যেন অনেকটা মলিন হইয়া পড়িত।

ইহার পর পিতার সম্রেহ আহ্বানে আবার যখন পরীক্ষার পরের ছুটীতে চিন্তাহরণ গুহে আসিল, তখন সে সম্পূর্ণ নূতন মানুষ, কথায় বার্ত্তায় ধরণধারণে তাহাকে সেই চিন্তাহরণ বলিয়া চিনিয়া উঠা ভার। সম্বৎসর যাহারা তাহার দর্শনাশায় উদগ্রীব হইয়া দিনের পর দিন গিয়াছিল, এখন প্রাণভরা আনন্দ লইয়া তাহারা দেখিল, তাহাদের চিন্তা আর সে চিন্তা নাই, সে এখন তাহাদের হইতে বহু উচ্চে, তাহার নাগাল পাওয়া দায়! বাহিরের লোক একট ক্ষুণ্ণ হইল। সেই তুরন্ত পল্লীশিশু আজ সহরের সভ্যভব্য শিক্ষিত যুৰকে পরিণত হইয়াছে দেখিয়া মা-বোনের মনে একটু গৌরবমিশ্রিত হর্ষ জাগিল; আর বন্ধবয়সে অর্দ্ধাহার অনাহারের কন্ট সহিয়া ঋণভার মন্তকে লইয়া এতদিন প্রাণপণে পুত্রকে যে অর্থ যোগাইয়া আসিয়াছেন, এ ছদিনে তাহা সার্থক হইয়াছে কিন্তু তাঁহার চিন্তা আর সে চিন্তা নাই বুঝিয়া পিতার হর্ষোক্ষল অন্তরে ় বিষাদের একটু ছায়াপাত হইল।

স্কুল ত্যাগ করিয়া চিন্তাকে এবার কলেজে ভর্ত্তি হইতে হইবে, তাহার যোগাড়-যন্ত্র করিতে কিছু সময়ের দরকার। স্তরাং ছুটী ফুরাইবার আগেই চিন্তা কলিকাতায় গেল।
এত দিন থাকিতে ছেলেকে ছাড়িতে যোগমায়ার কফ হইল,
কিন্তু বাধা দিলেন না! আহা! ছেলের যাহাতে পড়ার
ক্ষতি হইবে যোগ্যায়া মা হইয়া কি তাহা করিতে পারেন ?

ছুটী ফুরাইল। চিন্তা কলেজে ভর্ত্তি হইয়া বাড়ীতে পত্র লিখিলেন। এখন হইতে মাসান্তে আর কতগুলি করিয়া টাকা পুত্রকে পাঠাইতে হইবে, সেই পরিমাণ অর্থ কি উপায়ে তাঁহাকে যোগাড় করিতে হইবে, চিন্তার পিছা তাহারই চিন্তায় কিছুদিন উন্মন হইয়া রহিলেন। আর মা তাঁহার সংসারের নিতান্ত বাঁধাবাঁধি খরচপত্রের মধ্য হইতেও ছুই একটি করিয়া পয়সা রাখিয়া যাহা জমাইতে পারিয়াছিলেন সেগুলির বদলে এই শুভ-দিনে ছুটি চকচকে টাকা সেই দৈবজ্জঠাকুর আবার যদি কখনো গ্রামে আসেন তাঁহাকে দিবেন বলিয়া বন্ত্রখণ্ডর পর বন্ত্রখণ্ড বাঁধিয়া খরচের সময় সহজে নজরে না পড়ে ঘরের এমন একটা নিভ্ত স্থানে রাখিয়া দিলেন।

চিন্তার এক সহাধ্যায়ীর চেন্টায় যাঁহার স্থারিশে চিন্তা একটু স্ববিধায় কলেজে ভর্ত্তি হইতে পাইল—চিন্তার, প্রতি তাঁহার একটু বিশেষ দৃষ্টি পতিত **হ**ইল। ভিনি সূক্ষা দৃষ্টিতে দেখিলেন, চিন্তা চেলেটি মক্ষা নয় তিথু

দারিদ্রের পেষণে পিষ্ট হর্ষয়াই অকালে দেহমনের ক্ষৃত্তি হারাইতে বসিয়াছে। ইহাকে সাহায্য দ্বারা উন্নত করার এই উপযুক্ত সময়, এবং ভবিষ্যতে এ সাহায্যের শুভ ফল ফলিবে সন্দেহ নাই। ছেলেটির ম্থের ভাব কথাবার্ত্তা চলন-ধরণের মধ্যে যে একটা বিষম্নতা ও ক্লোভের ভাব লুকানো ছিল তাহাও তাঁহার সূক্ষম দৃষ্টি এড়াইতে পারিল না। বিদায়-কালে স্বীয় নামের একথানি কার্ড দিয়া তিনি চিন্তাকে মধ্যে মধ্যে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে বলিয়া দিলেন।

কার্ডে নাম ঠিকানা পড়িয়া চিন্তা বুঝিল, তাহার সাহায্যকারী ভক্ত লোকটির নাম স্যামুয়েল ডি, এন, মল্লিক, বাড়ি বেশী দূর নয়, চিন্তার মেসের কাছাকাছি,—ইচ্ছা বা আবশ্যক হইলে যাওয়া আসার বিশেষ অফ্লবিধা হয় না, কিন্তু এতটা কাছে বাড়ী জানিয়া চিন্তা কিছু চিন্তিত হইল। তাহার যেরূপ হানাবন্থা তাহাতে বন্ধু-বান্ধবের নিকট হইতে দূরে থাকাই শ্রেয়: নিকটে সন্ত্রমহানির বিশেষ সম্ভাবনা, আর সেটা চিন্তার কোনোক্রমেই বাঞ্ছনীয় নহে।

যাহ। হউক, অনেক ভাবিয়া-চিস্তিয়া অমুরোধ রক্ষার্থে একদিন চিস্তা সসকোচে স্যামুয়েল সাহেবের বাড়ি গিয়া উপ্স্থিত হইল। সাহেব গৃহে ছিলেন, তাহার আগমনে বিশেষ আননদ প্রকাশ করিয়া জ্রী-কল্যা ও পুত্রদের সহিত তাহার পরিচয় করাইয়া দিলেন, তাঁহারাও চিন্তার সহিত প্রথম হইতেই বেশ পরমাত্মীয়ের ল্যায় ব্যবহার করিলেন, বহুক্ষণ বহু প্রীতিকর আলোচনার পর অবসর মত আর একদিন আসিতে অমুক্তন্ধ হইয়া চিন্তা সে দিনকার মত বিদায় লইয়া তাহার নির্জ্জন অন্ধকৃপবৎ ঘরটিতে ফিরিয়া আসিল।

প্রথম সাক্ষাতের পর নিজের প্রয়োজন ও মল্লিক-পরিবারের অনুরোধক্রমে আরো কয়েকবার স্থামুয়েল সাহেবের বাড়া যাওয়ায় চিন্তার সঙ্গোচ অনেকটা কাটিয়া গিয়াছিল। তাহার প্রতি মল্লিক-পরিবারের অপ্রত্যাশিত সদাচরণে চিন্তা পরমাপ্যায়িত হইয়াছিল। কিন্তু এই ধনী-পরিবারের সংস্রবে আসিয়া চিন্তার নিজের দারিদ্রা আরো ভাষণ আকার ধারণ করিল। নিজের বৈচিত্রাহীন একঘেয়ে জীবনের উপর তাহার অশ্রজা জন্মিল। স্থামুয়েল সাহেবের বাড়ী হইতে সভঃ-প্রত্যাগত চিন্তাহরণ যখন আবার নিজের জীর্ণ শয়্যা অতি সামান্য গৃহসামগ্রী ও স্বল্ল সংখ্যক বন্তাদির দিকে চাহিত, তখন আরো গভীর ভাবে নিজের দৈন্য অনুভব করিয়া মনে-মনে দারুণ অশান্তি

## বিশেশর দর্শনে

ভোগ করিত। গভীর রঙ্গনীতে নিদ্রাহীন চক্ষে চিন্তা ভাবিত—এ দারুণ দৈতা ঢাকিকার কি কোনো উপায় নাই ৭ এ লজ্জাজনক হীনাবস্থা হইতে উদ্ধারের কি কোনো সহজ পথ নাই ? সত্য বটে সহরে অন্সের তুলনায় চিন্তা-হরণের জীবন নিতান্তই একঘেয়ে রকমে চলিতেছিল। কিন্ত তাহার সেই বৈচিত্রাহীন জাবনকেই চালাইবার জন্ম গ্রামে তাহার জনকজননীকে বে চুঃখ বৈচিত্র্যের মধ্য দিয়া চলিতে হইতেছিল, চিন্তার তাহা ভাবিবার অবসর— বুঝিবার সামর্থ্য ছিল না। স্কেহাধিক্য বশতঃ পিতা মাতা পুল্রকে এ সম্বন্ধে কিছু জানাইয়া ভাবনায় ফেলিতে চাহিতেন না। এক একবার নিতান্ত অর্থ-কয়েটর উপর নিজের শরার যখন অবসরতার ভাবে ভাঙিয়া পড়িতে চাহিত: সেই সময় চিন্তার পিতা বলিতেন—"আর না এইবার চিন্তাকে বলে পাঠাই আমার সাধ্যে যতদুর হ'বার হয়েছে. এখন তুমি নিজের পড়ার খরচ নিজে কোনো রকমে চালিয়ে নেও, এই বুড়ো বয়সে তুর্ববল দেহে ঋণের ভাবনা আর ভাবতে পারি নে।" কিন্ত যোগমায়া বলিতেন,—"আহা একে বাছা আমায় একলা বিদেশে পড়ে আছে, তার উপর আমাদের ছুঃখের কথা শুনিয়ে তাকে ভাবানো কি আমাদের উচিত! শুনেই-বা সে কি করবে, এখন আমরা না 'দিলে দে পাবেই বা কোথার ? এখন কট বাচেচ বলে এ ছঃখ আমাদের চিরদিন থাকবে না, চিন্তা আমাদের রোজগার করতে শিখলে ছুদিনে ধার-কর্চ্চ সব শোধ হয়ে যাবে, আমরা সুখী হব।" কিন্তু প্রকৃতপক্ষে আর অধিক দিন চিন্তার নিকট এ সঙ্কটজনক আর্থিক অবস্থা লুকাইয়া রাখা গেল না। গ্রামের লোকের কাছে আর অধিক কর্চ্চ পাওয়া গেল না। গৃহের বিক্রন্থযোগ্য সামগ্রীও নিঃশেষ হইল।

পিতার পত্রের উত্তরে চিস্তা অনেক তুঃখ ও ক্ষোভ প্রকাশ করিয়া অনশেষে লিখিয়া দিল,—"আমার মেদের খরচটা কোনো রকমে নিয়মিত পাঠাইবেন, কলেজের খরচ আমি কোনো রকমে ঠিক করিব।"

2

কলেজে গিয়া অবধি পড়াশুনার ব্যাঘাত হইবে বলিয়া
চিন্তা আর এবারকার ছুটিতে বাড়ী গেল না। সম্থৎসর
আশা করিয়া থাকিয়া পুত্র আসিবে না শুনিয়া যোগমায়ার
মনে বড়ই কফ্ট হইল, কিন্তু আসিবার জন্ম বিশেষ জেদ
করিতে পারিলেন না, মা হইয়া ছেলের পড়ার ব্যাঘাত
দিবেন কি করিয়া ? তিনি ভাবিলেন—''আহা, বেঁচে থাক
—মন দিয়ে লেখাপড়া করুক, মামুষ হোক, আমার ছেলে

আমারই আছে, আজ না হয় ছিন পরে দেখব। টাকা তো নেই যে, নিজে গিয়ে দেখে আসবো, সে নাইবা এল, আমাদের কি আর যেতে নেই ?—তা সে টাকা কই এখন ?" যোগমায়ার অন্তর ইইতে কে যেন বলিল, "তোর ভাবনা কি মা ? তুই তো রাজার মা !" যোগমায়া নানা কথায় মনকে প্রবোধ দিয়া পুত্রের অদর্শনকষ্ট ভূলিবার চেষ্টা করিতে লাগিলেন। দিদিরা ভাত্দিতীয়ায় ভাইয়ের অনুপত্থিতি-হেতু দেওয়ালের গায়ে ফোঁটা দিয়া উদ্দেশে আশীর্বাদ করিয়া মনে মনে হরির পায়ে মাথা খুঁড়িয়া বলিল,—"হরি বাঁচিয়ে রাখ, এক ভাই আমার সহত্র হোক, স্থনাম স্থ্যাতিতে দেশ পূরুক, ছোট ভাইটি হতে আমার বাপের বংশ উজ্জ্বল হোক!"

যাহা হউক, সুথ, তুঃখ আশা-নিরাশার মধ্য দিয়া আরো একবৎসর কাটিয়া গেল। চিন্তার পিতার নিকট পত্র আসিল, এবারও চিন্তা পরীক্ষা পাশ করিয়া পরবর্ত্তী শ্রেণীতে পাঠ আরম্ভ করিয়াছে। নূতন পড়ার বন্দোবন্তেই ছুটী ফুরাইল, আর দেশে যাইবার স্ক্রিধা হইয়া উঠিল না! আগামী ছুটীতে নিশ্চয় যাইবে।

ছেলে আবার পাশ করিয়াছে, কিন্তু বাড়ী আসিতে পারিল না, এই জানন্দ ও ছঃখে যোগমায়া হাসিয়া কাঁদিয়া

অস্থির হইল। পাড়ার ছেলে-মেয়েদের ডাকিয়া তুলসী-जलाग्न श्रित लूटे फिल; (फवालाग्न-(फवालाग्न यथानाधा পূজা দিয়া আসিল। কিন্তু সেইদিন গ্রামের মধু সর্দার চিন্তার পিতাকে বাহিরে ডাকিয়া চুপি চুপি কি বলিয়া গেল. তিনি সহসা অস্বাভাবিক গল্পীর হইয়। উঠিলেন। তাঁহার কপালের শিরাগুলি ফুলিয়া উঠিল, জ্র কুঞ্চিত হইল, নিশাস জোরে বহিতে লাগিল। পরক্ষণেই আবার কোটরগত চক্ষু তুটি অশ্রুপ্লাবিত হইল, কিন্তু সে অশ্রুণ ঝরিয়া পড়িবার আগেই আবার দারুণ ক্রোধের উত্তেজনায় সমস্য শরীর কাঁপিয়া উঠিল। নয়নে অস্বাভাবিক ঔষ্ণল্য প্রকাশ পাইল। ওষ্টাধর কম্পিত হইতে লাগিল, ক্ষোভ বিস্ময় ও ক্রোধের উত্তেজনায় ক্ষণে ক্ষণে মুখের বর্ণ পরিবর্ত্তিত হইতে লাগিল ৷ তিনি বহুকটে মনোভাব সম্বরণ করিতে করিতে যোগমায়াকে ডাকিয়া বলিলেন, "গিন্ধি, ঘর থেকে আমার চাদরখানা আর ছাতিটা দাও তো, আমায় একবার বাইরে যেতে হবে।"

যোগমায়া রন্ধনশালা হইতে জিজ্ঞাসা করিলেন,— "কেন গা, কোথায় যেতে হবে এখন ? অগুমনস্কভাবে চিস্তার পিতা বলিলেন, "কলিকাতায় চিন্তার কাছে।"

উত্তর শুনিরাই যোগমায়ার বুকটা ধড়াস্ করিয়া উঠিল,

চমকিয়া জিজ্ঞাসা করিলেন, "কলিকাভায়! চিন্তার কাছে ? কেন ? বাছার জামার অসুখ-বিস্থুখ হয়নি তো ? ওগো বলনা গা হঠাৎ চিন্তার কাছে বাবে কেন ? কি হয়েছে ভার ?"

গৃহিণীর উৎকণ্ঠা লক্ষ্য করিয়া চেফ্টাভূত হাস্তে প্রফুল্ল ভাব দেখাইয়া চিন্তার পিতা বলিলেন, "না গো না, সে-জ্বন্য তোমার ভাবনা নেই, তোমার চিন্তা ভালোই আছে; আমি কলকাতায় যাচিচ একটা বিশেষ দরকারে। কলকাতায় যখন বাচিচ চিন্তার বাসায় যাব না তো আর কোথায় যাব ?"

যোগমায়ার মন এ কথায় শান্ত হইল না; বছবার বছ প্রশ্ন করিয়া জানিবার চেষ্টা করিলেন—"চিন্তা ভাল আছে ত ? কোনো অস্থুখ হয় নি ত ?" চিন্তার পিতা বিশেষভাবে বুঝাইলেন যে, চিন্তা বেশ ভালই আছে, সে-জন্ম ভাবনা নেই, কিন্তু যে দরকারে তিনি যাইতেছেন কাজ সারিয়া ফিরিভে প্রায় এক সপ্তাহ লাগিবে।

• তাঁহার অমুরোধক্রমে মধু সর্দার উেশনে অপেক্ষা করিতেছিল, টিকিট কিনিয়া তাড়াতাড়ি ছজনে ট্রেণে উঠিলেন। গাড়ীভে বসিয়া চিন্তার পিতার অন্তর আর বাধা মানিল না; মুখে উড়ানি ঢাকা দিয়া বৃদ্ধ বালকের স্থায় কাঁদিয়া কেলিলেন। মধু সন্দার তাঁহাকে শাস্ত করিয়া विलल, - "विशासत नमग्न व्यक करिश्या इतन हलाव ना খুড়ো মশায়. একট শক্ত হয়ে খোঁজ-তল্লাস করে আইন-কাম্বন দেখে বেটাদের হাত থেকে চিন্তাকে ফিরিয়ে আনতে হবে। তার দোষ কি ? ছেলে মানুষ বোঝে-সোঝে নি, পাঁচজনের কুহকে পড়ে একটা অন্যায় কাজ করে ফেলেছে। শুনেছি এখনো দীকা হয়নি, জর্ডনের জল মাথায় পড়েনি, এখনো উদ্ধারের সময় আছে। দেশের লোক এখনো किছু শোনেনি, किছু कानाकानि दश नि, कात्ना शाल दर्व না। এখন কোনো রকমে একবার এনে ফেলভে পারলে হয়. একবার তাকে হাতে পেলে আর ভায়ার ছাড়ান নেই। চিন্তার পিতা চুপ করিয়া শুনিতে লাগিলেন, উত্তর দিলেন না; উত্তর-প্রত্যুত্তরের শক্তিও বোধ হয় তখন তাঁহার ছিল না. তিনি তখন কেবল সংশ্যের সহিত ভাবিতেছিলেন, "অঁটা চিন্তা, আমার সেই চিন্তা! বকের রক্ত দিয়ে এত কাল যাকে মানুষ করে এলুম, আজ তারই এই কাজ! এত শিক্ষার শেষে এই ফল হল !"

মধু সদ্দার আবার আপন মনে বলিল—"দোষ নেই পুড়োমশায়, চিস্তার কোনো দোব নেই, ওরা কি যাত্ জানে, বুড়ো-বুড়ো লোকগুলোর মাথা ঘুরিয়ে দেয়, আর চিস্তা তো আমাদের এই সেদিনকার ছেলে, কলেজে

পড়চে তাই বিভেটাই না হয় শিশেছে, বৃদ্ধি তো পাকে নি ?"

চিন্তার পিতা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিলেন, "বল তো কে সে সামুয়েল সাহেব—আমার মুখের গ্রাস কেড়ে নিলে, আমার প্রস্তুত অন্নে ছাই দিলে।" বুদ্ধের বদনে আবার যুগপং ক্রোধ ও ক্ষোভের চিহ্ন প্রকটিত হইল।

কিছুতেই কিছু হইল না। এক সপ্তাহ ধরিয়া অনেক সলা-পরামর্শ অনুরোধ-উপরোধ ও উকীলের বাড়া হাঁটা-হাঁটি ছুটাছুটী করিয়া মধু সন্দার ও চিন্তার পিতা হতাশ হইয়া বাসায় ফিরিলেন। চিন্তার উদ্ধারসাধন হইল না। চিন্তা শিশু নিরক্ষর বা উন্মাদ নহে, স্থশিক্ষিত বুদিমান ও সাবালক, স্কুতরাং পাপ হইতে পরিত্রাণ-কামনায় ধর্ম্মের স্বরূপ জ্ঞাত হইয়া স্থ-ইচ্ছায় স্কুন্থ শরীরে সে খুইউর্দ্ম গ্রহণ করিয়াছে, ইহাতে তাহার পিতা-মাভার বা বন্ধু-বান্ধবের কিছু বলিবার নাই। ভগ্নহাদয় ক্ষীণ আশায় বাঁধিয়া চিন্তার পিতা বলিলেন, "মধু চেন্টা কর, একবার বাতে তিন্তার সক্ষে দেখা করতে পারি, আইন-কামুন চুলোয় যাক আমি একবার তার মনের কথাটা—ভার নিজের মুখে শুনে বুঝব। আমি যে তার বাপ, সে আমার ছেলে তার নিজের মুখের কথা শুনে লোকের কথায় আমি ফিরতে পারবো না।"

বহু চেন্টায় চিন্তার পিতা চিন্তার সাক্ষাৎলাভে সমর্থ হইলেন। পিতার ক্ষমতায় যত্টুকু সম্ভব সকলই:হইল, কিন্তু স্থামুয়েল ডি এন, মল্লিকের ভাবী জামাতা শ্রীমান্ চিন্তাহরণ নৃতন আলোক ও নবজীবন হইতে আর কন্ধ-কারে ফিরিল না।

চিন্তার পিতা চিন্তার বর্তমান গ্যাসদীপ্ত স্থবাসামোদিত স্থসজ্জিত পাঠগৃহ হইতে বাহির হইয়া শুনিতে পাইলেন, কোনো তরুণী বাণানিন্দিত-স্বরে চিন্তাকে প্রিয় সম্বোধনে জিজ্ঞাসা করিতেছেন, "তোমাকে আমার কাছ পেকে নিয়ে পালাবার নানা ফন্দি এঁটে কে সে বুড়োটি এইমাত্র তোমার কাছে এসেছিল বলত ?"

চিন্তা তাহার কি উত্তর দিল তাহা শুনিবার মত ধৈর্য্য ও প্রার্থতি তখন তাঁহার ছিল না; কোনোমতে তিনি গেটের বাহিরে আসিয়া মধু সন্দারের স্কন্ধ-অবলম্বনে অর্দ্ধ-জ্ঞানশূন্য অবস্থায় গাড়িতে উঠিয়া বসিলেন।

সোজান্তজি ঘরে না গিয়া একটি দিন অন্যন্থানে থাকিয়া দেহমনের কথঞ্চিৎ স্কুন্থতা বিধান করিয়া মধুসন্দার চিন্তার পিতাকে বাড়ী পৌছিয়া দিয়া গেল।

স্বামীর মুখের দিকে চাহিয়া যোগমায়া শিহরিয়া উঠিলেন—"এ কি গো! এই ক দিনে তোমার এ কি চেহারা হয়েচে! অস্থুখ করেছিল নাকি! দেহ আধখানা হয়ে গেছে! এ কি! দেখে কান্না পাচেচ যে!"

চিন্তার পিতা কাষ্ট-হাসি হাসিয়া বলিলেন,—"অসুখ কিছু নয়, তবে ঘরে শন্ত্রীর থাকে এক রকম, আর কোধাও গেলে সময়ে নাওয়া-খাওয়া ঘুম হয় না, শরীর খারাব হয়ে যায়।"

সরলহৃদয়া যোগমায়া তাহাই বুঝিয়া সস্তুষ্টমনে চিন্তার সংবাদ জিজ্ঞাসা করিলেন! চিন্তার পিতা কুশল সংবাদ দিলেন, মায়ের প্রাণ শাস্ত হইল।

অনুগত প্রতিবেশী মধু সর্দারের সাহায্যে সপ্তাহ-মধ্যে বহুকালের বাসভূমি বিক্রেয় করিয়া চিন্তার পিতা চিন্তার শিক্ষাব্যয় সঙ্কুলান-জন্ম যে ঋণ করিয়াছিলেন, সে সমস্ত পরিশোধ করিয়া গৃহিণীকে বলিলেন,—"চিরকাল শুন্তে পাই, বিশেশর অন্ধপূর্ণা-দর্শন করবার তোমার বড় সাধ, তা এইবার চলনা একবার তুজনেই যাই ?"

আশ্চর্য্য হইয়া যোগমায়া জিজ্ঞাসা করিলেন,—"হাঁগা বিশ্বেশ্বর-অন্নপুন্নো দেখতে যাবে তা ভিটে বেচে বাস উঠিয়ে যাবে কেন ? তুদিন পরে ফিরে আসতে হবে ত ?" • তখন আবার কিনলেই হবে; ধার রেখে তীর্থে বাবো পথে যদি মরেই বাই! টাকা হলে বাড়ী আবার কিনতে কতক্ষণ ?"

"এই, মাসখানেক পরেই তো চিন্তা আসবে, সেই
সময় গেলে হয় না ? তাকে নিয়ে বাবার বে আমার বড়
সাধ; আর নিভা যে আমার বলে রেখেচে—মা, তুমি বখন
কাশী বাবে তখন আমার খবর দিয়ে। নিজে খরচ পত্র
করে ভোমার সঙ্গে বাব, তাকে একবার খবর দাও না ?"

চিন্তার পিতা যোগমায়াকে তাড়া দিয়া বলিলেন,—
"না না, কাকেও না—কাকেও না, বাকে নিয়ে যাবার
সাধ অশুবারে নিয়ে যো, এবারে ছইজনে যাই চল। আর
এক কথা, দূরের পথে যাচচ, গ্রামে যার যার সঙ্গে দেখা
করতে ইচ্ছে দেখা করে কথা কয়ে নাও, বলা যায় কি
যদি আর দেখা নাই হয়।"

উদিয়ভাবে যোগমায়া বলিলেন, "কেন আসতে পাবনা নাকি? তোমার কথার ভাবটা কি বল ভো? অমুন কর ভো আমি যাব না, ভোমার অন্নপূলো-বিখেশ্বর দেখাভে হবে না, আমার চিন্তা আমায় নিয়ে যাবে, ভার সক্ষে গোলে আমার সব ভিথাে! হবে।"

চিস্তার পিতা জােরে একটা নিশাস কেলিলেন,—

"ভ্" বলিয়া তিনি একটু হাসিলেম, কিন্তু সেটা ঠিক হাসি কি কান্না যোগমায়া তাহা ঠিক বুঝিলেন না, স্বামীর মুখের দিকে ফ্যাল ফ্যাল করিয়া চাহ্মি। রহিলেন!

চিন্তার পিতা আবার তাড়া দিয়া বলিলেন, "যাবে তো শীজ্ঞ চল না, আর দেরী কিসের ? টিকিট কেনা হয়ে গেছে আজকের গাড়িতেই যাব।" যোগমায়া হাসিয়া মনে মনে ভাবিলেন, "তোমার সকলি বিপরীত, যাবে না তো যাবে না, আবার নিয়ে যাবার মন হয়েচে তো আর দেরী সইচে না!"

স্বামা-ক্রীতে যাত্রা করিয়া পথে পা দিয়াছেন, এমন সময় ডাক-পিয়নের সহিত মধু সর্দার ছুটিয়া আসিয়া বিলল,—"খুড়োমশায় ডাকওল। আপনার নামের একখানা পোইকার্ড আর তুখানা ইন্সিওর্ড চিঠি এনেছে, ছুটো সই দিয়ে দিন।" চিন্তার পিতা বিশ্বয়ের সহিত সই দিবার জন্ম উঠাইয়া পোইকার্ডখানা পড়িয়া বুঝিলেন, তাঁহার স্বপুত্র নিজের শিক্ষার বায় ও পিতা-মাতার খোরাকি বাবঁদ তুই হাজার টাকা পাঠাইয়াছে এবং ভবিষ্যতে পাঠাইবার আখাস দিয়াছে। যুবজনোচিত দৃঢ়তার সহিত অকম্পিত হন্তে ইন্সিওর্ড পত্র তুইখানির উপর মোটা মোটা গোটা গোটা অক্ষরে "Refused" লিখিয়া পিওনের

হাতে দিয়া একবার উদাস দৃষ্টিতে গ্রামের দিকে চাহিয়া চিন্তার পিতা প্রসন্ধননা প্রফুল্লমুখী যোগমায়ার সহিত মূর্ত্তিমান বিষাদের মত নারবে স্টেশনাভিমুখে অগ্রসর হইলেন। তীর্থযাত্রী দম্পতির সম্মুখ দিয়া এক কৃষক-বালক করুণ-স্থরে গাহিয়া গেল—

"ওমা নন্দরাণি! তোর নীলমণিকে হারিয়ে এমু মথুরার, কত ডাকমু কেঁদে এলোনা মা কাঁদিয়ে দিলে উভরায়!"

## **可**

#### প্রথম পরিচেছদ।

च्छिमिन বহুটিকিৎসার পর চিকিৎসকগণের পরামর্শে বেদিন প্রকৃতির শোভা-সম্পৎপূর্ণ গ্রামের উন্মুক্ত
বায়তে কিছুদিন বাস করা স্থির হইল, ভাহার সপ্তাহ
পরেই জগৎবাবু ভাঁহার পীড়িতা পত্নী ইন্দুমতীকে লইয়া
বঙ্গদেশের এক নদীভীরবর্ত্তী গ্রামে আসিয়া নয়ন-মনোহর
বৃক্ষলভাদি-শোভিত একটি উভ্ভানবাটিকায় আশ্রয় লইলেন।
সঙ্গে রহিল ভাঁহার বালিকা-ভাগিনেয়ী নির্ম্মলনলিনী
আবা হিন্দুস্থানী পাচক ও পরিচারক পরিচারিকাঘয়।

হরিদ্বর্ণের শস্তক্ষেত্রগুলি পার্দে রাখিয়া কৃষকপল্লীর
মধ্য দিয়া একখানি দোটর গাড়ি যখন নির্মাণ ও তাহার
মাতুল-মাতুলানীকে কৃইয়া নদীর ধারের বাগানবাড়ি-অভিমুখে ছুটিয়া গেল, কলসী কক্ষে অর্দ্ধ-অবগুণ্ঠনারতা পল্লীবধুদের কৌতুহল-দৃষ্টির সঙ্গে সঙ্গে একটি ধূলা-কাদা-

মাখা স্থন্দরী বালিকার অপূর্ব্ব বিশ্ময়-পুলকপূর্ণ দৃষ্টি গাড়িখানির উপর পতিত হইল।

"কত বড় একখানা হাওয়া-গাড়ি যাচেচ রে ভাই দেখ বি আয়"—বলিয়া পরস্পরের দাদা দিদিকে ডাকিতে ডাকিতে, একদল বালক বালিকাকে পথের ধারে ছুটিয়া আসিতে দেখা গেল। চতুদ্দিকের বিবিধ স্থদৃশ্যের সহিত এ দৃশ্যটিও নির্মালকে আনন্দাভিভূত করিল।

নূতন বাড়িতে আসার পর যেদিন নির্মাল ভাহার মামাবাবুর সঙ্গে প্রথম ভ্রমণে বাহির হইল, বিশেষ ভাবে ভাহার মনোযোগ আকর্ষণ করিল একদল ক্রীড়ারত পল্লা-শিশুর মাঝে সেই স্কুষ্থ সবল গৌরাঙ্গী বালিকা।

প্রাতে দাসীর সঙ্গে নদীতে স্নান করিতে গিয়াও
স্নানার্থী রমণীগণের সহিত নির্মাল বালিকাকে দেখিল।
সে তাহার নিকটবর্ত্তিনী হইলে, বালিকা হাস্তমুখে একবার তাহার প্রতি চাহিয়া. ধীরে ধীরে দৃষ্টি ফিরাইয়া
লইয়া, নির্মালকে তাহার সহিত আলাপের অবসর না
দিয়া সে স্থান ত্যাগ করিল। নির্মাল তাহায় ব্যবহারে
কিছু কুর হইল, কিন্তু কয়েক দিনের মধ্যেই সে বুঝিল
বাহিরে রাস্তার উপর, নদীতীরে, পুল্পোভালে বা শস্তক্রেত্রে এই অপরিচিতা বালিকা ছায়ার স্থায় ভাহার

অমুসরণ করে, অথচ তাহার প্রচ্চি দৃষ্টি পড়িবামাত্র বৃক্ষ-লতাদির অস্তরালে লুকাইয়া পড়ে।

নির্মালের মামীমা তাহার অনুরোধক্রমে সন্ধান লইয়া জানিলেন, বালিকা তাঁহাদের প্রতিবাসী-কল্যা তাহাদেরই স্বজাতি, নাম শাস্তমণি, কিস্ত আচরণ তাহার রূপ ও নামের সম্পূর্ণ বিপরীত, কৃষকপল্লী তাহার সমগ্র দৌরাজ্যো ব্যতিবাস্ত।

ক্রমে সুযোগ মন্ত বালিকার সহিত নির্ম্মলের আলাপ হইল। আলাপ শেষে বন্ধুত্বে পরিণত হইল। কিছু দিনের মধ্যে নিরভিশয় বিস্ময়ের সহিত সকলে দেখিল, সভ্যসমাজের আদব-কায়দায় অনভান্ত, অপরিচ্ছন্ন, কলহনিপুণা শান্ত হইল—নির্মালের মত শান্ত শিক্ট ও নীতি- তুরস্ত মেয়েটীর বন্ধু।

নির্মানের স্থন্দর স্বরহৎ উদ্যান-ভবনের পার্ষেই শাস্তর পিতার অনতিক্ষুদ্র কুটার। কুটারখানি ক্ষুদ্র হইলেও স্থান্দর, মৃত্তিকাময় ও তৃণাচ্ছাদিত হইলেও স্থানির্মিত, স্থাতরাং স্থান্য এবং শাস্তর লক্ষ্মীস্বরূপিনা জননীর নিপুণ হান্তে প্রত্যেক স্থানের প্রতি সামান্ত দ্রব্যটিও স্থান্থলার সহিত সভ্জিত ও স্থারিক্ষত।

গুহে শান্তর পিতা মাতা ভিন্ন, পিসিমা, ছটি ভগিনী,

তুটী শিশু সহোদর ও একটি জ্ঞাতি-ভ্রাত। শাস্তর পিতার অবস্থা বড় স্বচ্ছল নয়, গ্রামে পৌরোহিতা করিয়া, কোনো প্রকারে তিনি পরিবারের অন্ধ বস্ত্রের সংস্থান করেন। গ্রান্ম পুরোহিতের আধিক্য এবং ছিন্দু-গৃহে "বারোমাদে তেরো পার্ববণের" অভাব না থাকিলেও, এই দরিত্র কৃষক-প্রধান গ্রামে পৌরোহিত্য করায়, কোনো দিন তাঁহার আর্থিক অবস্থার উন্ধতি হয় নাই। কিন্তু সচছন্দে জাবন্যাত্রা নির্ববাহের পক্ষে তাঁহার আয় নিতান্ত অল্ল হইলেও পৃথিবার সমৃদয় ধনেশ্বর্য যাহার অভাবে বার্থ হয়, রাজ-ভাণ্ডারের বিনিময়েও যাহা পাওয়া যায় না, সেই ধনীর প্রার্থনীয় নরপতিরও লোভনীয়—শান্তিম্থ ও সন্তোষ এই দরিত্র পরিবারের মধ্যে পূর্ণমাত্রায় বর্ত্তমান।

ভট্টাচার্য্য দম্পতি নিজের শান্তি সুখেই তৃপ্ত নহেন, পরকেও এই স্থাব্দর ভাগী করিতে ইংবারা সর্ববদাই সচেন্ট। গ্রামবাসী রন্ধগণ তাহাদের পুরোহিত ঠাকুরের নিকটে ধর্মাকথা শুনিয়া ধত্য হয়, কৃষকগণ তাহাদের বিপদাপুদে স্থাবামর্শের নিমিত্ত ইংবার নিকটে ছটিয়া আবে, গ্রামবাসিনীরা শান্তর জননীর নিকটে আসিয়া আপনাপন স্থা তুংথের কাহিনী শুনাইয়া শোকে সাস্থ্না, তুংখ স্থাথে সহাকুভূতি লাভ করে। আপনাদের মধুর প্রাকৃতি ও

সদাচরণের গুণে ইঁহারা সকলেবই প্রীতি ও ভাদ্ধার পাত্র।

আচরণ দোষে একা শাস্তই কেবল গ্রামের আবালবৃদ্ধবনিতার কাছে অগ্রীতি ও অনাদর প্রাইয়া আসিতেছিল,
এখন কোমলহুদয়া প্রিয়বাদিনী বৃদ্ধিমতী কুমারী নির্মালনলিনীর বন্ধুর লাভে, সেই শাস্তর অত্যাশ্চর্য্য পরিবর্ত্তন
ঘটিল; অব্যবস্থিতচিত্ত শাস্ত ক্রেমে শিষ্টা, শাস্তা, লোকপ্রিয় ও স্কুডামিণী হইল, দিবসের অধিকাংশ কাল নির্মালের
নিকট থাকিতে থাকিতে ক্রমে সে পরিচছন্ধতায় অভ্যস্ত
হইল, নিন্দার পরিবর্ত্তে পল্লীনাসাদের নিকট হইতে
প্রশংসা অর্জ্জনের আকাজ্জনা জন্মিল। নির্মালের সহিত
বন্ধুছে শাস্তর আশাতাত পরিবর্ত্তন দেখিয়া সকলে বৃঝিল,
স্পর্শমণির স্পর্শে মৃত্তিকা এইরূপেই স্কুবর্ণে পরিণত
হয়।

জ্যৈষ্ঠ মাসের শেষে একদিন আমতলায় বনভোজনের আনুয়োজন করিতে করিতে নির্মাল শুনিল, তাহার বন্ধুর বর আসিয়াছে। শাস্ত খুব উৎসাহের সহিত এই আমোদে বোগ দিয়াছিল, অকম্মাৎ এসংবাদ তাহাকে উৎসাহহান করিল, আজিকার চড়াইভাতিতে তাহার কোনো বোগ নাই এই ভাবে, সকল উদ্যোগের বাহিরে গিয়া, মানমুখে সে'একস্থানে বসিয়া রহিল। শত চেফাতেও নির্দ্ধল আর তাহাকে প্রফুল্ল করিতে পারিল না।

দুধে দাঁত ভাঙিবার পরই শান্তর বিবাহ হইয়াছিল। দশ বৎসর পূর্ণ হইকার পূর্বেবই বারতিনেক সে শশুরবাড়ির দেশটা দেখিয়া আসিয়াছিল। কিন্ত শশুরালয়ের সহিত পরিচিত হইলেও সামীর সহিত তাহার এখন পর্যান্ত পরিচয় হয় নাই। বংশমর্যাদা ও ধনসম্পত্তি দেখিয়া শান্তর পিতা গৌরীশঙ্করকে কন্যা সম্প্রদান করিয়াছিলেন, পাত্রের বয়সের প্রতি লক্ষ্য করা তিনি আবশ্যক বোধ করেন নাই। ফলে. বিবাহ শাস্তর নিতান্ত অস্থের কারণ হইয়াছিল। তাহার পিতামহ-সম বুদ্ধ পতিকে দেখিলে বালিকার হৃৎকম্প উপস্থিত হইত। গৌরাশঙ্কর নিমন্তিত হইয়া আসিয়া. যে কয়দিন শশুরালয়ে থাকিতেন, সে অস্বচ্ছন্দ-চিত্তে প্রতিবাসিগণের ধানের মরাইয়ে, ঢেঁকশেলের কোণে, গোয়ালঘরের বেড়ার পাশে, লাউমাচার আড়ে লুকাইয়া লুকাইয়া বেড়াইত। বিবাহের পর, কত সকাল-সন্ধ্য এইরূপে সে অনাহারে অনিদ্রায় কাটাইয়া দিত, বছ অনুসন্ধানের পর কেহ না কেহ কোনো না কোমো স্থানে সন্ধান পাইয়া গৃহে লইয়া যাইত। কখনো বা গৌরীশঙ্করকে শীঘ্র শীঘ্র বাড়ি হইতে বিদায় করিবার জন্ম, পিতামাতাকে বহু অনুরোধ উপরোধ করিয়াও সফলকাম হইতে না পারিয়া, অবশেষে কালাকাটি জুড়িয়া দিত।

গৌরীশঙ্কর তাঁহার তৃতীয় পক্ষের এই নবপরিণীতা পদ্ধীর অহেতুকী ভয় দেখিয়া, স্থাবাগ পাইলেই তাহাকে বিবিধপ্রকারে বুঝাইতে চেফা পাইতেন! কিন্তু "চোরা না শোনে ধর্মের কাহিনা।" উজ্জ্বল শ্যামবর্ণ উন্নতকায় গৌরীশঙ্করের বলিষ্ঠ বাহুবন্ধন হইতে বহুক্ষেই নিজেকে মুক্ত করিয়া গৌরাঙ্গী বালিকা, তাহার স্থবর্ণ পুষ্পপাত্রে নীল নলিনীবং নয়নতুটি চম্পকাঙ্গুলির দ্বারা আরুত করিয়া সমীরণান্দোলিত গোলাপ-পাপ্ডির মত ঠোঁট তুখানি কাঁপাইয়া বলিত—"ওগো তুমি চলে যাও; আর এসো না: আমাদের বাড়ি আর এসো না।"

গৌরীশক্ষর ভাহার এই অনুচিত ব্যবহারে রুফ না হইয়া, ভাহার দেবী প্রতিমার মত অনিন্দ্য-স্থানর মূর্ত্তিথানি দূর কইতে দেখিবেন, কি ভাহার মধুরস্পর্শে সভঃ পত্নীশোক-সন্তপ্ত বক্ষ শীতল করিবেন, ঠিক করিতে পারিতেন না। ভাঁহার মোহের ঘোর কাটিবার পূর্বেই শান্ত ভাহাদের কুটীরের বাহিরে আসিয়া চঞ্চল-গভিতে ধাশ্যক্ষেত্র পার হইয়া কৃষকগৃহে আশ্রয় লইত। দৈবাৎ মা অথবা পিসিমার সম্মুথে পড়িলেই নির্দ্ধর চপেটাঘাতে ভাহার পুষ্ঠদেশ পাঁচ পাঁচটি অঙ্গুলির চিহ্নে চিহ্নিত করিয়া তাঁহারা তাহাকে গৃহে লইয়া যাইতেন। পল্লীরমণীদের কৌতুক বাড়াইয়া, প্রহার-জর্জ্জরিত পুষ্ঠের যাতনায় চীৎকার করিয়া कैं। पिट कैं। पिट शास यथन शृद्ध कितिक, त्रोती शक्त লজ্জিত ও দুঃখিত-চিত্তে ভাবিতেন যতদিন না ওর বুদ্ধি হয়, আর শশুরবাড়ি আসিব না। কিন্তু বাড়ি ফিরিবার সময়, স্বয়ং শশুর মহাশয় যথন নির্বন্ধাতিশয়ের সহিত বলিয়া দিতেন—"আগামী পার্ববণ-উপলক্ষে নিমন্ত্রণ-পত্র গেলে একটু কফ স্বীকার করে এসো বাবা, অভাপা ক'র না."—তখন শশুর অপেক্ষা বয়োবৃদ্ধ জামাতা বাধ্য পুত্রটির মত বিনাতভাবে, "যে আজ্ঞা" ব লয়া প্রস্থান করিতেন। আর গৌরীশঙ্কর তাহাদের গ্রাম পার হইতেই দিগুণ উৎসাহে শাস্ত আবার ছুটাছুটি লাফালাফি আরম্ভ করিয়া দিত ও এলোচুলে অপরিচছন্ন বেশে কাদামাটি লইয়া দিব্য মনের আনন্দে খেলিয়া বেডাইত। তাই জামাই-ষ্ঠীর নিমন্ত্রণে গৌরীশক্ষরের আগমন আজ সন্ম-হাস্তম্যী বালিকার বিষয়তার কারণ।

আজিকার বনভোজনের অয়োজনটা খুব বেশী রকমেরই হইয়াছিল। নির্ম্মল ও শান্তর আগ্রহে এ-আমোদে যোগ দিবার জন্ম গ্রামের প্রায় সকল বালিকাই পুন্ধরিণী-তীরে ফলভারে অবনত আম্রবৃক্ষটির স্থবিস্তীর্ণ ছায়ায় একত্রিত হইয়াছিল, কিন্তু শাস্ত না থাকিলে নির্ম্মলের সকল আমোদ নফ্ট হইবে, স্থতরাং, বহু সাধ্য-সাধনা মান-অভিমানের পর নির্ম্মল শান্তকে ফিরাইয়া আনিল।

সারা দিবসব্যাপী হাস্থামোদের মধ্যে বালিকাগণের বন-ভোজন ব্যাপার স্থসম্পন হইল, কেবল পতি-আগমন-বার্ত্তায় উদ্বিগ্না শাস্ত এবং বন্ধুর হঠাৎ বিষধ্নতায় ক্ষুধ্ননা নির্ম্মল আজি পূর্ণ আনন্দ উপভোগ করিতে পাইল না।

#### দ্বিতীয় পরিচেছদ।

পরদিন নির্মান তাহার বন্ধুর বরকে দেখিতে আসিয়া-ছিল; বন্ধুর ভগিনী স্নানান্তে ইফ্টদেবের পূজারত গোরী-শঙ্করকে অঙ্গুলি-দির্দেশে দেখাইয়া দিলে, অতিমাত্র 'বিস্ময়ের সহিত নির্মাল সহসা বলিয়া ফেলিল,—"বাঃ ও বুঝি বর, ও তো বুড়ো!"

তাহার উক্তি শুনিয়া গৃহস্থ সকলে হাসিল, আর গৌরীশঙ্কর সময়ান্তরে তাহার সহিত আলাপ করিবেন ভাবিয়া, কৌতৃহল দৃপ্লিতে তাহাকে একনজর দেখিয়া লইলেন। ঘরশুদ্ধ লোকের হাসিতে লঙ্জা পাইয়া নির্মাল ছুটিয়া পলাইল। বিশ্মিতা বালিকার উক্তি গৌরীশঙ্করের কাণে ও প্রাণে মিউস্করে বাজিতে লাগিল।

পরদিন তিনি শাস্তর ছোট বোনের দ্বারা নির্ম্মলকে 
ডাকিয়া পাঠাইলেন। নির্মাল আসিল। বন্ধুর অমুরোধুধ
পড়িয়া সেইসঙ্গে শাস্ত ও আসিল।

তুই চারিদিনের মধ্যেই বন্ধুর বরের সহিও নির্ম্মলের বন্ধুত্ব হইল। নির্মাল নিকটে থাকায় শাস্ত এবার কান্নাকাটি করিল না, কিন্তু পুরাতন ছাড়িয়া নৃতন স্থুর ধরিল। সে স্থবিধা পাইলেই গৌরীশক্ষরের নস্থাধার হইতে নস্থ ফেলিয়া চূণ স্থরকিতে পূর্ণ করিয়া,—কামিজের বোতাম খুলিয়া আমবাগানে ফেলিয়া দিয়া,—কৃঞ্জিত উড়ানিখানিতে কচুর আঠা লাগাইয়া,—খাপ হইতে চুপি চুপি চসমাখানি বাহির করিয়া লুকাইয়া রাখিয়া,—বিধিমত প্রকারে তাঁহাকে ব্যতিব্যস্ত করিয়া তুলিবার চেষ্টা করিতে লাগিল; নির্মাল ভাহার শিক্ষায় উৎসাহিত হইয়া চূণ বালি ঘারা সাজা পান খাওয়াইয়া, জলের মাসে লবণ মিশ্রিত করিয়া, ধ্যানমগ্র গৌরীশক্ষরের সম্মুথ হইতে ফুল গঙ্গাজল সরাইয়া লইয়া বন্ধুর বিশেষ সাহাষ্যা করিল।

গৌরীশঙ্কর বালিকাদ্বয়ের দৌরাত্ম্যে কিছুমাত্র রুফট না হইয়া বরং প্রচুর আনন্দ উপভোগ করিতে লাগিলেন এবং তাঁহার সাধের গৃহলক্ষ্মীটি এবার তাঁহাকে জুজুর মত ভয় না করিয়া বরং বিরক্ত করিতে সাহসী হইয়াছে দেখিয়া কতকটা আশস্ত হইলেন।

নির্মালের মধ্যস্থতায় শান্তর একটু ভয় ভাঙ্গিল, হুতরাং পরমানন্দে বৃদ্ধ গৌরীশঙ্করও বালিকা নির্মালনলিনীর অকৃত্রিম বন্ধু হইলেন। মহাহর্ষে নির্মালের দিন কাটিতে লাগিল। পল্লীগ্রামে আদিয়া নির্মালের লাভ হইল,— অপ্রত্যাশিত হুটী বন্ধু ও মানীমা ইন্দুমতীর বহু আকাঞ্ছিত স্বান্তা।

ইহার পূর্বের আর কখনো নির্মাল পল্লী প্রামে আসে
নাই; স্কুতরাং এখানকার সকলই তাহার চক্ষে নৃতন,
স্থানর, বিস্ময়কর । জন্মাবধি দেখিয়া শুনিয়া যাহার মধ্যে
শোভা বা বিস্ময়ের কিছু নাই ভাবিয়াছিল, সে সকলেই
বন্ধুর অসীম প্রীতি দেখিয়া শান্ত ঘুরিয়া ঘুরিয়া কত কি
দেখাইয়া শুনাইয়া বেড়ায়, নিশিদিন বন্ধুর চিত্তবিনোদন
করিতে কতই না চেষ্টা করে। প্রতিদানে নির্মাল
কলিকাতা বেড়াইতে যাইবার দিন তাহাকে সঙ্গে লইয়া
গিয়া চিড়িয়াখানা, মিউজিয়াম, সার্কাস, বায়স্কোপ প্রভৃতি
এক একবার এক এক রকম দেখাইয়া পুলক-বিস্ময়ে
অভিভৃত করিয়া দেয়।

মামাবাবুও মামামার নিকট নির্মাল যখন নিয়মিত
পাঠামুশীলন বা গীতবাদ্য শিক্ষা করে, প্রশংসমান দৃষ্টিতে
শাস্ত তাহার মুখপানে চাহিয়া নিজের বর্ণপরিচয়খানি
হাতে লইয়া বসিয়া থাকে, কুন্ধচিত্তে ভাবে আমি কিছুতৈই
বন্ধুর যোগ্য নহি। কোনোদিকে কোনো প্রকারে বন্ধুর
যোগ্য নয়, তবু তাহার বন্ধু তাহাকে কত ভালবাহে
ভাবিয়া নির্মালের প্রতি তাহার ভালবাসা শতগুণে বন্ধিত

হর, আর প্রাণপণে নে বন্ধুর যোগ্য হইবার চেফ্টা করে।

আজন্মের বাসভূমি ও সঙ্গিনীদের ছাড়িয়া আসিয়াও বাহার সঙ্গ পে সৌহার্দ্দগুণে নির্মাল এতদিন অপুর্বব আনন্দে বিভোর হইরাছিল, সেই শাস্ত একদিন তাহার কাছে বিদায় প্রার্থনা করিল।

বর্ণপরিচয়খানি শেষ হইবার পূর্বেই শাস্তর শশুরবাড়ি হইতে তাহাকে লইয়া যাইবার জব্য লোক আসিল। অনেক কান্নাকাটির পর নিতান্ত অসম্ভুট্ট চিত্তে শান্ত পান্দাতে উঠিল। শান্তর নিকট বহু প্রতিজ্ঞায় আবদ্ধ হইয়া রোরুদ্যমানা নির্ম্মল বড় অনিচ্ছায় বন্ধুকে বিদায় দিল।

এই অবশ্যস্তাবী বিচ্ছেদে তুটি কোমল প্রাণে কতথানি ব্যথা লাগিল সাংসারিক মানব তাহা বুঝিল না। নির্দ্মলের হর্ষরঞ্জিত মুখখানিতে বিষাদছায়া আঁকিয়া এই শোভাসম্পৎপূর্ণ আনন্দময় গ্রামখানির সুখ, শান্তর সঙ্গে সম্পে নির্দ্মলের নিকট কেমন ধারে ধারে বিদায় লইল কেহ তাহা লক্ষ্য করিল না।

এদিকে শান্তর অভাবে নির্মালের বেমন অশান্তি বোধ হইল, ওদিকে শান্তও বন্ধুর জন্ম নিশিদিন ছট্কট্ করিতে লাগিল। শশুরালয়ে শত স্নেহাদরেও তাহার মনে তৃথি আসে না। সে কারাবদ্ধা বন্দিনীর মত কেবল উদ্ধারের নানা উপায় চিন্তা করে। চারিদিক্ ঢাকা প্রকাণ্ড অট্টালিকাথানা তাহার থাঁচার মত মনে হয়, একস্থানে শাস্তভাবে বর্সিয়া থাকিতে থাকিতে তাহার প্রাণ যেন হাঁপাইয়া উঠে, মনে দারুণ অশান্তি আসে। জনহীন ব্যের মধ্যে সে অনাবশ্যক ঘোমটায় মুখ ঢাকিয়া বর্সিয়া বাঁসিয়া কাঁদে।

গৌগীশকর তাহাকে প্রফুল্ল করিবার সহস্র চেইটা করিয়াও হতাশ হন, তাঁহার আদর যত্নের প্রতিদানে সে কেবল কয়েকবিন্দু অশু উপহার দিয়া তাঁহাকে ব্যথিত ব্যতিবাস্ত করিয়া তুলে। গৌরাশক্ষর বুঝিতে পারেন বনের হরিণী বনে বনে মনের আনন্দে ছুটিয়া বেড়াইতে পাইলে সুখী হয়, স্বর্ণপিঞ্জরে মণিময় শৃন্ধলে সে বন্ধ থাকিতে চায় না।

\* \* \* \* \*

ক্রমে জগংবাবুর অবসরকালেরও অবসান হইয়া আসিল। তখনও শান্ত শৃশুরালয় হইতে আসিল না। শান্তকে এখন আর তাঁহারা শাদ্র শাদ্র পিত্রালয়ে পাঠাইতে সন্মত হইলেন না। শান্ত এখন বড় সংসারের বউ, তাহার স্বামী বাড়ির কর্তা—বহু পরিজনের প্রতিপালক; গৃহে শাশুড়ী নাই,
ননদ ক্রমেই বৃদ্ধা হইতেছেন; তাঁহার ইচ্ছা সংসার ত্যাগ
করিয়া কাশীবাসিনী হইয়া একান্তমনে ধর্ম্ম কর্ম্ম করিবার
পূর্বেব কনিষ্ঠা ভ্রাতৃজায়া শান্তকে তিনি এই বৃহৎ সংসারের
উপযুক্ত গৃহিণীপনা শিখাইয়া দেন। এখন হইতে নিজের
কাছে না রাখিলে তাঁহার এ আশা পূর্ণ হয় না, স্কুতরাং
শান্তর পিতা কন্যাকে আনিতে গিয়া ছুইবার ফিরিয়া
আসিলেন।

গোরীশঙ্কর জ্যেষ্ঠা ভগিনীর মতের উপর অভ্যমত প্রকাশ করিতে না পারিয়া পরে নিজে সঙ্গে করিয়া পিত্রালয়ে রাখিয়া আসিবেন বলিয়া শান্তকে আখাস দিলেন; গৌরীশঙ্করের সহামুভূতি-সূচক বাক্যে শান্ত কতক পরিমাণে আখন্তা হইল। সে দেখিল, যাঁহাকে গ্রামে প্রবেশ কবিতে দেখিলে সে গৃহ হইতে পলায়ন করিত, যাঁহাকে সে হ'চক্ষের বিষ দেখিত, এখন এই কারাগারে তাহার হুঃখে সহামুভূতি-শৃত্য চারিদিকের এই অচেনা অজ্ঞানাদের মধ্যে গৌরীশঙ্কর বরং তাহার আপনার,—তাহার হুঃখে হুঃখা, ৰাখার ব্যথা।

বন্ধুর আসার আশায় হতাশ হইয়া নির্মাল যখন ভাবিতেছে,—ভবে বুঝি বন্ধুর সঙ্গে আর দেখা হইল না,— সেই সময় সহসা একদিন শাস্ত আসিয়া তাহার স্নেহা-লিঙ্গনে ধরা দিয়া তাহাকে আশাতীত আনন্দ দান করিল।

সে শুনিল, শাস্তর করুণ ক্রন্দনে ব্যথিত হইয়া পৌরী-শঙ্কর নিজেই তাহাকে সঙ্গে লইয়া আসিয়াছেন। কৃতজ্ঞ-অস্তরে সহাস্থ্যমুখে নির্মাল বন্ধুর ব্যের সহিত সাক্ষাৎ করিতে ছুটিল।

শান্ত আসিল, কিন্তু নির্ম্মলদের তথন গ্রামত্যাগের আর অর্দ্ধসপ্তাহ মাত্র বাকি! কত আকাজ্যার পর প্রার্থিত দিন আসিল কিন্তু এমন অসময়ে! শান্ত ত কাঁদিয়াই আকুল!সে পাগলা মেয়ে বলিয়া বসিল,—"কার সকলে যান, বন্ধুকে আমি যেতে দেবে। না; আমিও আর শশুর-বাড়ি যাবে। না।"

এক একটা দিন এক এক নিমেষের মত কাটাইয়া নির্মাল শাস্তর নিকট বিদায় চাহিল।

আবার সেই মোটর-গাড়ি একখানা বাগানের ফটকে
আসিয়া দাঁড়াইল। এবার আর বিস্ময়বিহবল দৃষ্টিতে নয়—
অশ্রুজলে দৃষ্টিহারা হইয়া শাস্ত ও নির্মান পরস্পরের নিকট
বিদায় লইল। একশ' মাধার দিব্য দিয়া শাস্ত বলিয়া
দিল,—"এসো বন্ধু আর একটিবার এসো, ভূলো না!"

विरमणी लांक विरमरण हलिया राज. इंशांट आंत्र

কাহারো বড় এল গেল না, বালিকা শান্তই একা বন্ধুর বিচ্ছেদ-বেদনার ব্যথিত হইতে লাগিল। তাহাদের কুটার-পার্বের শৃন্থ বাগান-বাড়িটা, সারা গ্রামখানা শতবার শতরূপে বিদেশিনা বন্ধুর শ্মৃতি ক্লাগাইয়া যেন বলিতে লাগিল—নাই গো নাই, আজ সে নাই। শান্তর মনে হইতে লাগিল, এই বুঝি শেষ; জীবনের আর বুঝি সে তাহার বন্ধুর দেখা পাইবে না, সে হাসি সে গান সে মধুমাখা কথা আর সে শুনিতে পাইবে না। শান্ত যত ভাবে ততই তাহার প্রাণ ব্যাকুল হয়, নয়নে অশ্রু উথলিয়া উঠে, সে ঘুরিয়া ফিরিয়া বেড়ায় আর গোপনে চোখের জল মুছে।

প্রবাসী জগৎবাবু নির্মালকে কলিকাতায় রাখিয়া স্বাস্থ্যলাভে হৃষ্ট ইন্দুমতীকে লইয়া কর্ম্মস্থান মিরাটে ফিরিয়া গেলেন। বিদ্যালাভাশায় নির্মাল আত্মীয়বন্ধু হইতে দূরে শিক্ষয়িত্রীদিগের তন্ত্বাবধানে ছাত্রী-আবাসে থাকিয়া ছাত্রী জীবনের কর্ত্বব্য পালন করিতে আরম্ভ করিল।

দীর্ঘ চুটি বৎসর অনুক্ষণ যাহারা পরস্পারের সাথী হইয়াছিল, সেই বন্ধুছয়ের মাঝে নদী, বন, গ্রাম নগরের ব্যবধান পড়িল! ভর্মবিষ্যতে কথন এই স্মৃতি মধুর গ্রাম-ধানিতে বেড়াইতে আসিয়া শান্তর পিত্রালয়ে সাক্ষাৎ পাওয়া ভিন্ন লিখনানভিজ্ঞা শান্তর্ত্ত নির্মালের একথানি পত্রেরও আশা রহিল না।

নিৰ্মাল শৈশবে মাতৃহানা। পিতা জীবিত আছেন কিন্তু তিনি দ্বিতীয় প্রকের সম্ভানাদি লইয়াই ব্যস্ত, নির্মান লের সংবাদ রাখিবার তাঁহার অবসর বা আবশ্যক হয় না। নির্ম্মল অতি শৈশবে মাতার মৃত্যুশয্যায় একবার তাঁহাকে দেখিয়াছিল মাত্র পিতার যতাদর পাওয়া কোনো দিন তাহার ভাগ্যে ঘটে নাই। কিন্তু জন্মাব্ধি মাতৃলের যত্না-দর যে পরিমাণে সে পাইয়া আসিতেছিল: মামীমার নিকট যে অতুল মাতৃম্নেহ উপভোগ করিতেছিল তাহাতেই সে তপ্ত ছিল, পিতামাতার অভাব অমুভব করিতে পারে নাই। মামা মামী নির্মালের পিতামাতার ও নির্মাল তাঁছা-দের সন্তানের স্থান অধিকার করিয়াছিল, কাহারো মনে অভাবজনিত কিছ ক্লেশ—কোন ক্লোভ ছিল না। এখানে আবার শান্তর মত অকুত্রিম বন্ধু তাহার ভাগনীর স্থান পূর্ণ করিয়াছিল। তাই শান্তর বিচ্ছেদ অনেকটা মামা মামার বিচ্ছেদের মতই নির্মালকে অশাস্ত বাণিত করিতে লাগিল।



### তৃতীয় পরিচ্ছেদ।

স্বভাব ও অধাবসায়গুণে নির্ম্মল, আত্মোন্নতি এবং বিদ্যালয় ও ছাত্রী আবাসের সকলেরই স্নেহ প্রীতি লাভ করিতে সমর্থ হইয়াছিল। ছাত্রীদের মধ্যে তাহার বিশেষ প্রতিপত্তি জন্মিয়াছিল। এখানেও সে কয়েকটি অকুত্রিম বন্ধু লাভ করিয়াছিল কিন্তু এই জ্ঞানে গুণে উন্নত বন্ধু দলের মাঝে, সরলা শাস্তর স্মৃতি নিশিদিন তাহার অন্তরে জাগিতে ছিল: তাহার বন্ধু বিচ্ছেদ-কাতর হৃদয় শাস্তর দর্শনাশায় উন্মুখ হইয়াছিল, সে তাহার প্রতিজ্ঞামত একবার শান্তর পিত্রালয়ে তাহার সহিত সাক্ষাৎ করিতে যাইবার স্থযোগ ও মাতৃলের অনুমতির প্রতীক্ষা করিতেছিল। **मिट्नित श्रेत मिन मोटिंग श्रेत मांग हिलाया याईटिंग, किञ्च** কোনমতেই নির্মাল এ স্থযোগ করিয়া উঠিতে না পারিয়া ক্রমেই যেন অপেক্ষা করিয়া থাকিবার ধৈর্য্য হারাইতেছিল। ছাত্রীজীবনের প্রথম চারি বৎসর, মাতৃলের আদেশে

ছাত্রাজাবনের প্রথম চারে বংসর, মাতুলের আনেশে গ্রীম ও পূজার ছুটীতে নির্মালকে উপযুক্ত তত্ত্বাবধায়িকার তত্ত্বাবধানে থাকিয়া বিশেষ কোনো অনাথালয় ও পীড়িতা-শ্রামে গিয়া মনোযোগের সহিত শিশুপালন ও রোগীর শুশ্রষা করিয়া ঐ তুই বিষয়ে আবশ্যক মত জ্ঞান লাভ করিতে হইল। সে তাহার বন্ধুর সহিত সাক্ষাতের অবসর পাইল না। পঞ্চম বৎসরের ছুটীর দিনগুলিতে সে যখন রন্ধনকার্য্য শিক্ষা করিতে আদিষ্ট হইল, সেই সময়ে সে আর পরবর্ত্তা অ্যোগের অপেক্ষা না করিয়া, তাহার ন্তন শিক্ষা আরস্তের পূর্বেই, বহু অমুরোধে সম্মত করিয়া, একদিন ছাত্রী-আবাসের তিন চারিজন ছাত্রা এবং শিক্ষ-যিত্রীর সহিত শাস্তকে দেখিতে গেল।

আবার নির্মাল তাহার বহু শ্মৃতি-জড়িত, সেই অপূর্বব শ্রামল শ্রীমন্তিত শহ্যক্ষেত্র-শোভিত ক্বক-পল্লা-প্রধান গ্রামধানিতে পদার্পণ করিল। সহরের ছাত্রী আবাঙ্গের ছাত্রীরা গ্রামের মধ্য দিয়া প্রাতঃকালান শোভা দর্শনে নয়ন মন পরিতৃপ্ত করিতে করিতে ধীরে ধীরে গন্তব্য স্থানে উপস্থিত হইবে বলিয়া, পল্লার বাহিরে গাড়ি রাধিয়া শিক্ষ-য়িত্রীর সহিত হাঁটিয়া চলিয়াছিল। কিন্তু শান্তর সহিত সত্তর মিলনের প্রবল আগ্রহ নির্মালকে অধীর করিয়া তুলিয়াছিল। মন্থরগতি সঙ্গিনীদের মাঝে তাহার গতি, ক্লেত্র-পার্মের অরুণালোকোন্তাসিত নদাক্তলেরই মত চঞ্চল হইয়া উঠিয়াছিল, তাহার মনের আনন্দ নয়নের বার দিয়া প্রতিক্ষণে প্রতিমাদর্শনোৎক্ষক কৃষক-শিশুর মতই ছুটিয়া বাহির হইতেছিল; তাহার হর্ষ হাসি, প্রভাত-প্রস্নের স্থবাসেরই মত নীরৰে সঙ্গিনীদের চিত্তে আনন্দামুভূতি জাগাইতেছিল।

আধিন মাস, সপ্তমী পূজার দিন,—শাস্ত নিশ্চয়ই পিত্রালয়ে আসিয়াছে; নির্দ্মল বে আজ আসিবে শাস্ত তাহা স্বপ্নেও জানে না। এত বৎসরের পর আজ নির্দ্মল যখন তেমনি আনন্দে, তেমনি আগ্রহে আসিয়া শান্তকে আলিঙ্গন করিয়া বন্ধু বলিয়া সম্বোধন করিবে হঠাৎ এই অপ্রত্যাশিত মিলনে শান্তর কতথানি আনন্দ হইবে; আনন্দের আবেগে সে কি করিবে, কি বলিবে; তথন বন্ধুর হর্ষরঞ্জিত মুখখানি কত স্থন্দর দেখাইবে; তাহারই স্কুলের এই শিক্ষাভিমানিনী বন্ধুত্রয় অশিক্ষিতা পল্লাবালার বিনয়-নত্র ব্যবহারে কত তৃপ্তি পাইবে, তাহার অকপট সরলতায় কেমন মুগ্ধ হইবে, নির্দ্মল মনে মনে তাহাই ভাবিতে ভাবিতে কল্পনায় কত আনন্দপ্রদ চিত্র আঁকিতে

একে একে কেত্র, মাঠ, উপবন কুটার পশ্চাতে রাখিয়া,

— ষেখানে সে তাহার বাল্যজীবনের ছটি সুখময় বর্ষ

ষাপন করিয়াছে ষেখানে সে তাহার বন্ধুর অগাধ স্লেছ

প্রীতি লাভ করিয়া ভগিনীর অভাব ভুলিয়াছে, ষেখানকার

প্রতি স্থানটুক্তে প্রতি বৃক্ষলতাপুপটিতে তাহার শত স্থ-মৃতি উক্ষল হইয়া আছে, যেখানকার নিহন্ধ নিহন্ধিনীরা স্থাস্বরে বৃক্ষ-লতাদল পুপামুখের মধুর হাস্তে পুরাতন বন্ধু বলিয়া তাহাকে সাদর আহ্বান করিতেছে পেই পরিচিত উদ্যান ভবনের নিকটত্ব হইল। আর একটু গোলেই উদ্যান-পার্শে রামনাথ ভট্টাচার্য্যের শান্তিকুটীর—শান্তর স্থথের পিত্রালয়। নির্শ্বলের বিপুল আনন্দ হুদয়ের কুল ছাপাইবার উপক্রম করিল, তাহার গতি দ্রুত্তর হইয়া উঠিল!

উদ্যান পার হইলেই বস্কুর দর্শন পাইবে — স্বল্প কথায় সক্লিনীদের বুঝাইয়া দিয়াই আগ্রহবাাকুল-কণ্ঠে নির্মাল ডাকিল — "বস্কু"— 'ভাই শান্ত'— 'বস্কু মা'— 'বস্কু মা'— !

কিন্তু যে আশায় যে আনন্দে হৃদয় উল্সিভ, নয়ন সমুজ্জ্বল, গতি দুভত্তর, নির্মালের সে আনন্দ সে আশা পূর্ণ হইল কই ?

কোথা বন্ধু ? কোথা তাহার স্থাবে পি**ত্রা**লয়, কোথায় বা তাহার বন্ধুর জননীর প্রীতিপ্রফুল আননের মধুর সাদর সম্ভাষণ !

শাস্ত ! শান্ত ! কোথা শান্ত ? হায় ! বাঞ্চিত ক্ষণ আসিল বাঞ্চিতের দর্শন মিলিল কই ? নির্মালের সহাস্থ মুধ মলিন হইল; কঠে জন্ত্তা, দেহে অবসরতা আসিল। বিস্মায়ে বিষাদে নির্মাল দেখিল—শান্ত নাই, ভাহার পিতার পর্ণকৃটীরের চিক্তমাত্র নাই; প্রকাণ্ড একটা জঙ্গলময় মৃত্তিকাস্ত,পের কাছে শিউলি ফুলের গাছটি কেবল এখনো তখনকার দিনের মত অজপ্র পুপ্প বর্ষণ করিয়া শান্তর জন্মভূমিকে চিক্তিত করিয়া দাঁড়াইয়া আছে! নির্মাল আপন নয়নকে বিশাস করিতে পারিল না। সহসা বিশাস করিতে পারিল না—সত্যই কি তাহার বন্ধু নাই, বন্ধুর আজুপরিজন উদ্যান কৃটীর কিছুই নাই—সকলি গিয়াছে; আছে কেবল বন্ধুর আনন্দময় বাসগৃহের চতুঃসীমা ঘিরিয়া ভীষণ বিজনতা, দারুণ শৃগ্যতা আর নিরাশার ঘনান্ধকার!

নির্ম্মলের আগমনবার্তা পাইয়া, পরিচিত গ্রামবাসিনীদের
মধ্যে কয়েকজন ছুটিয়া আসিল, তাহারাই তাহাকে অঞ্চপূর্ণ নেত্রে তাহাদের পুরোহিত ঠাকুরের সর্ববনাশের
ত কাহিনী শুনাইল।

নিশ্মল বুঝিল তাহাদের গ্রামত্যাগের কিছুদিন পরেই গ্রামে মড়ক দেখা কের, উপযুক্ত চিকিৎসক ও যত্ন শুক্রারার অভাবে বন্থ গ্রামবাসীর সঙ্গে শান্তর পিতা, পত্নী ও শিশু পুত্রের সহিত, অকালে কালগ্রাসে পতিত হন। শোকাতুরা বিধবা ভগিনী উপায়স্তর না দেখিয়া,—জাতার পুত্র-কম্মাগুলি ও রঘুনাথ দেবের বিগ্রহটি লইয়া আপন শশুরালয়ে চলিয়া যান। তদবধি এ গ্রামের সহিত তাঁহাদের সম্বন্ধ যুচিয়াছে, তাঁহাদের আর কোনো সংবাদ সন্ধানও তাহারা জানে না।

স্থনামের সহিত একে একে নিম্ন পরীক্ষাগুলি পাস
করিয়া, যথাসময়ে নির্মাল প্রবেশিকা পরিক্ষায় উত্তার্
হইয়া য়ুনিভার্সিটির প্রথম রুত্তি লাভ করিল। তাহার
প্রতি বিভালয়ের শিক্ষয়িত্রিগণের স্নেহ-যত্নের অবধি
রহিল না। বন্ধুদের মধ্যে কেহ তাহাকে এফ-এ পড়িতে
উৎসাহিত করিল, কেহ বা ক্যামেলে ভর্ত্তি হইতে পরামর্শ দিল। মামীমা একখানি সোহাগ-মাথা পত্রে তাহার
আদরের 'রাণুমা'র অভিনন্দন করিলেন; মামাবাবু
সানন্দে এইবার তাঁহার স্নেহপাত্রী নির্মালনলিনীর যোগ্যপাত্রের অনুসন্ধানে অধিকতর মনোযোগী হইলেন।

শেষে এফ-এ শ্রেণীতে উন্নীত হইয়া কলেজের সকল পরীক্ষাগুলি পাস করিবার পর ভগিনা ডোরা, কুমারী নাইটিজেল, কুমারী তরুদন্ত অথবা পণ্ডিতা রমাবাইএর ক মত কোনো একজন হইবার, কোনো একটা কিছু মহাকর্ম সাধিবার উচ্চ আশায় নির্মাল যখন উৎফুল, সেই সময় ভাহার মামাবারু ভাহাকে সহসা কলেজ ভ্যাগ করিছে। বাধ্য করিয়া সংসারাশ্রমে পাঠাইলেন।

বধ্বেশিনী নির্দ্মল শশুর-ভবনে পদার্পণ করিতেই চৌদিকের হর্ষকোলাহলের মধ্যে সহস্র উৎস্কুক দৃষ্টির সম্মুখে তাহার অবগুণ্ঠন ঈষৎ উন্মোচন করিয়া পরিচিত্ত কণ্ঠে কে একজন কৌতুক হাস্থের সহিত তাহাকে জিজ্ঞাসা করিল—"কি ভাই নির্মান চিনতে পার গ"

দৃষ্টিমাত্রেই নির্মাল ভাষার বন্ধু প্রতিভাকে চিনিল।
চারিদিকে বস্তু অন্ধানা অচেনার মাঝে এই পরিচিত
মুখখানি দেখিতে পাইয়া স্মিতমুখে প্রসন্ন নয়নে সে
ভাষার দিকে চাহিল। কৃত্রিম গাস্তার্য্যের সহিত প্রতিভা
বলিল, "এখন জান আমি কে ? আমি ভোমার কল্যাণীয়া
কনিষ্ঠা ননদিনা আর তুমি আবার পরম পূজনায়া বড় বধ্
ঠাকুরাণা!"

প্রিয়বন্ধু প্রতিভার নৃতন পরিচয় পাইয়া নির্ম্মলের
মুখ হর্ষেৎফুল হইল! নির্মাল বুঝিল, তাহার নিমিত্ত
মামাবাবুর নির্বাচিত বিজ্ঞা বুদ্ধি ও সচ্চরিত্রে স্থান্দর
সংপাত্র আর কেহ নহে—তাহাদের কলেজের অন্যতমা
ছাত্রী প্রতিভাকুমারীর জ্যেষ্ঠ সহোদর মুসেফ হেমন্তকুমার।
ছাত্রা-আবাসে থাকিতে নির্মাল প্রতিভার নিকট বছবার

বাঁহার গুণকাহিনী শুনিয়া আনন্দাসুভব করিয়াছিল, সেই হেমন্তকুমারকে স্বামা ও প্রিয়বন্ধু প্রতিভাকে স্লেহময়া ননদিনা জানিয়া নর্ম্মল যেন অনেকটা আশস্তা হইল। তবু শান্ত বে বলিয়াছিল 'শশুরবাড়ি গিয়ে ঘোমটা দেওয়া সে ভাই এক যন্ত্রণা," নির্মাল এখন বুঝিল কথাটা বড় মিখ্যা নয়, বিশেষ তাহার পক্ষে। জীবনের পনেরোটা বৎসর শিশুন্তলভ চাপল্যের সহিত খোলা মাথায় খোলা হাওয়ায় বেড়াইয়া হঠাৎ একেবারে ঘোমটায় মুখ ঢাকিয়া গৃহকোণের রুদ্ধ বায়তে দিবসের পর দিবস কাটাইয়া লজ্জাশীলা নাম কেনা বড় সহজ কথা নহে। ক্রমে সে আরো বুঝিল "স্কুলক্রম" বা "বোডিং হাউস" হইতেও এখানে তাহার স্থনাম অর্জ্জনের জন্ম অধিক শিক্ষা, সংযম ও সত্র্কভার আবশ্যক।

প্রথম প্রথম শশুরালয়ে আইন কামুন শিক্ষা ও অবশ্যকর্ত্তব্য কর্মগুলি অভ্যাদের সময় যতই অস্ত্রিধা নোধ হইতে লাগিল ততই তাহার মামাবাবুর উপর অভিমানটা গিয়া পড়িতে লাগিল,—কেন তিনি যদি ইচ্ছা করিজেন— চিরকুমারী রাধিয়া তাহাকে কি তাহার আশা ও আদর্শামু-বায়া জীবন লাভ করিতে দিতে পারিতেন না ?

যাহা হউক একটা মহৎ আত্মোৎসর্গের কল্পনায় বাধা

বন্ধু

পাইয়া প্রথমটা একটু খুঁত খুঁত করিয়া অবশেষে আপন
মধুর প্রকৃতি ও কর্ম্মদক্ষতার গুণে গুরুজনের স্নেহযত্ন
কনিষ্ঠদের প্রীতি শ্রেষা ও সর্বোপন্নি হেমস্তর অতুল
প্রেমাদর লাভ করিয়া নির্মাল ভাবিল—সংসারাশ্রমটাও
কিন্তু মন্দ নয়!

## চতুর্থ পরিচেছদ।

হেমন্ত কর্মন্থানে যাইবে, নির্মাল তাহার পোষাক পরিচ্ছদ, আয়না, ক্রেস, সাবান এসেন্স ছোট বড় জিনিস-গুলি ট্রাঙ্কে গুড়াইয়া গুছাইয়া রাখিতেছিল, আর মৃত্ভাবে অমুভব করিভেছিল বিচ্ছেদের পূর্বব হইতেই বিরহের কোনা! নির্মাল মনে মনে নানা যুক্তি তর্ক অমুমান অমুভব দ্বারা তুলনায় শান্তর বিচ্ছেদ, মামা মামার অদর্শনের সহিত ভাবী পত্তি-বিরহের গুরু লঘুত্বের বিচার করিভেছিল,—এমন সময় একখানি পত্র হস্তে হেমন্ড স্মিত্রমুখে তথায় উপস্থিত হইয়া বলিল, "নির্মাল, একটা স্থখবর আছে; পুরক্ষারের আশা পেলে এক নিশাসে বলে ফেলতে পারি।"

নির্মাল মস্তাকে ঈষৎ অঞ্চল টানিয়া মৃত্রু সহিত জিজ্জাসা করিল,—"খবরটা কি শুনি ?"

হেমন্ত উচ্চারিত বাক্যের প্রতিশব্দে কৌতৃহলের সূর মিলাইয়া উত্তর করিল,—"এক সপ্তাহ—নির্মাল, আর এক সপ্তাহের মধ্যে আমাদের বিরহের কোনো সম্ভাবনা নাই। এ বসন্তে আরে। সাভটি দিন ভোমার হেমন্ত ভোমার কাছে বন্দা হয়ে থাকবে।" নির্মাল হেমস্তর প্রতি একটি চোরা কটাক্ষ হানিয়া বলিল—"ওঃ এই ? আমি বলি আর কি সুথবর !"

হেমন্ত ঈবৎ অভিমানের স্থারে বলিল—"কেন?
এর চেয়ে ভাল থবর সম্প্রতি ভোমার আমার পক্ষে আর
কি হতে পারে? যদিও বেশী নয়—এক সপ্তাহ, তা
এই বা পাই কোথা? আজই যাবার কথা, তা না হয়ে
তবু সাতটা দিন।"

নির্মাল মুক্ত নীরব থাকিয়া কি উত্তর করিতে বাইতোছল, হেমন্তর মুগ্ন দৃষ্টিতে সঙ্কুচিতা হইয়া কোমল কপোলে গোলাপ আভা ফুটাইয়া সলজ্জ নয়ন নত করিল।

প্রীতি-প্রফুল্ল-চিত্তে হেমন্ত সে সরম-সঙ্কৃচিভাকে নিরীক্ষণ করিতে করিতে হস্তত্থিত পত্রখানি তাহাকে দিয়া বলিল— "চিঠিখানা পড়ে যত শীঘ্র পার যাত্রার ক্ষন্ত প্রস্তুত হয়ে থাক, আমি মাকে আর প্রতিভাকে একটু তাড়া দিয়ে আসি।"

নিৰ্ম্মল পত্ৰে পাঠ কৰিল—

প্রিয়তম হেমস্ত।

দীর্ঘ ভ্রমণ শেষে গৃছে ফিরিয়া দেখিলাম, ভোমার শুভ পরিণয়োৎসবের স্থদার্ঘ গদ্য পদাময় নিমন্ত্রণ-পত্রথানি আমার নির্দ্ধন কক্ষে এক পাশে অনাদৃতা স্থাদরীর মত কুকচিত্তে ধূলি-লুঠিতা হইয়া পঁড়িয়া আছে। আহা!
এমন স্থাধের দিনে সাধের উৎসবে তুর্ভাগ্য আমি যোগদান
করিতে পাইলাম না! কে জানে এতদিন থাকিয়া শেষে
আমি ষেমন পশ্চিম ভ্রমণে যাইব আর তুমি আমাকে ফাঁকি
দিয়া নাত-বৌ ঘরে আনিবে, তা হলে কি এমন সময় ঘরের
বাহির হই!

যা হোক যে দিন গিয়াছে তাহা তো আর ফিরাইনার
নয়; এখন আমার কাছে তোমার নিমন্ত্রণ, বাসন্ত্রী পূজার
ছই দিন পূর্নের অর্থাৎ আগামী পরশ্ব আমার মা জননী,
প্রতিভা দিদিমণি ও আমার নূতন নাতবৌটিকে সঙ্গে লইয়া
আসিয়া আমার আনন্দ সম্পূর্ণ করিবে। শুধু আমি নয়,
স্বয়ং তোমার ছোট ঠাকুমাও বসস্তে হেমন্তর আগমনপ্রতীক্ষায় আছেন জানিয়া, পত্র পাঠ মাত্র আসিবে—
অত্যথা করিবে না। সাক্ষাতে অত্যাত্য কথা হইবে।
গৃহিণীর নাতির বিবাহ উৎসবে যোগ দিতে না পারার
ক্ষোভটা মিটাইনার জন্ম, এবার পূজার ঘটার একটু
বিশেষ ভাবে আয়োজন করিতে সম্প্রতি আমি বড়ই বাস্ত,
এ সময়ে ভোমার সাহায়্য একান্ত প্রার্থনীয়। আশীর্বাদ
জানিবে। ইতি—

তোমার ছোট্ঠাকুর্দ্দা।

পত্রপাঠান্তে নির্ম্মল ঠাকুর্দার পরিচয় জিজ্ঞাসা করিল।
ঠাকুর্দার পরিচয় দিতে হেমন্তর জিহ্বায় সরস্বতী বসিরা
গেল, চিত্ত পুলকিত ছইয়া উঠিল। ঠাকুর্দা ঠাকুমার
অস্তরের পরিচয় দিতে গিয়া বলিল "অস্তরটি তাঁর প্রেমের
নন্দন, স্নেহের নির্মার দে অতুল স্নেহের পরিচয় দেওয়া
অসম্ভব! আর ঠাকুমা ? তিনি তো আর স্বতন্ত্র নহেন,
ঠাকুর্দা ঠাকুমা তুজনে ক্সভিন্নহদয়, তুই দেহে একটি প্রাণ,
সে আর ব'লে কি জানার তুমি দেখলেই বুঝবে, ভয় হচ্ছে
তখন ঠাকুর্দা ঠাকুমাকে পেয়ে তুমি শেষে আমাকেই না
ভূলে বাও।"

ম। বলিলেন,—"হেমন্ত, তুমি একা গেলেই ভাল হ'ত বাচা; এই কলেজে-পড়া বৌঝি নিয়ে পল্লী গ্রামের পূজোবাড়িতে বেতে বাপু আমার দাহস হয় না। কত ভুল চুক দোষ ক্রটি এদের আমি নিত্যি শুধরে নিই। আমি নিই বলে কি সেখানে তা চলবে ? সে পূজোবাড়ি রৈ রৈ থৈ থৈ লোক! হিঁত্র ঘরের ক্রিয়াকাণ্ড, সেখানে আচার বিচারে, কাজ কর্ম্মে একটু ভুল চুক হলে চারিদিকে নিল্দেয় চি চি পড়ে যাবে। তা ছাড়া সে পাঁচটার বাড়ি, সেকেলে ধরণের লোক ভারা, সেথানে ভোমাদের এথান- কার এই মুতন ফ্যাসানের চাল চলন চলবে না; কেউ
কিছু বললে আমার লজ্জায় মাথা হেঁট করতে হবে।
তুমি একলাই যাও বাবা, আমাদের যাওয়া হবে না।
থুড়শাশুড়ীকে আমার শতকোটি প্রণাম জানিয়ে বোলো,
যেতে পাল্লুম না বলে আমাদের যেন অপরাধ নেন
না।"

ং হেমন্ত অধৈষ্য হইয়া বলিল—"না মা তা কোনো
মতেই হতে পারে না; ঠাকুদার নিমন্ত্রণে যেতেই হবে,
অত্যথা করলে চলবে না। তোমাব বউ না হয় নতুন,
প্রতিভা আর আমি তো নতুন নই, আমাদের চালচলন
ধরণধারণ তাঁদের কাছে ছাপা নেই, সবই তাঁরা জানেন,
তাতে কিছু বাধবে না মা।"

মা প্রতিভাকে লইয়া যাওয়ার সম্বন্ধে আপত্তি তুলিলেন; হেমস্ত বলিল "একটু বড় হয়েছে তাতে আর হয়েছে কি ? কুলীনের ঘর আমাদের। শুনিচি কুলান বর খুঁজতে খুঁজতে গৌরীদান রোহিণীদানের ফল লাভ করা তোঁ হয়েই উঠত না, বরং সময়ে সময়ে কনের বয়স পঞ্চাশ পেরিয়ে যেত। তা তথ্বনকার কালে কুলীনের সন্ধান করতে যদি বিবাহের বয়স কাটিয়ে বিবাহ দেওয়ায় কোনো দোষ হত না, এখন একটু লেখাপড়া শেখাতে কি

স্পাত্র খুঁজতে যদি বারো তেরো না হয়ে পনেরো যোলই হয়, তাতে এমনই কি লজ্জার কথা, অন্যায়ই বা কি ?"

মা হাসিয়া বলিলেন,—"কুলীনবর খুঁজতে দেরী হওয়া, আর কলেজে পড়িয়ে মেয়েকে বুড়ী করে বিয়ে দেওয়া বুঝি এক কথা । যত স্প্তি-ছাড়া কথা, অনাস্প্তি মতামত সব তোর কাচে।"

মা আরো তু'চারটি আপত্তি উত্থাপন করিলেন, কিন্তু হেমন্তর কাছে কোন আপত্তিই খাটিল না, শেষে জননীকে পুত্রের সহিত একমত হইতে হইল। পুত্রবধৃকে লইয়া মা পুত্রের সহিত খুড়খশুরের বাড়ি নিমন্ত্রণ রক্ষা করিতে চলিলেন। প্রতিভা ঘরেই রহিল, মা কোনো মতেই অত-বড় আইবুড় মেয়েকে সমালোচনার স্থবিধার্থে গ্রামের দ্রী মহামগুলের সন্মুখীন করিতে সন্মত হইলেন না।

নির্মাল শুশার নিকট হইতে নানা আদেশ উপদেশ—
পাসের পড়ার মত কণ্ঠস্থ অন্তরস্থ করিয়া এ পরীক্ষায়
উত্তীর্ণ হইতে পারি কি না পারি ভাবিতে ভাবিতে হাল
ফ্যাসানের সাজ-সজ্জাগুলিকে দেরাজ্ঞের মধ্যে নির্বাসিত
করিয়া হিন্দুগৃহের লজ্জাশীলা নববধ্টির শোভনীয় রীতি
নীতির বসন ভূষণে স্থুসজ্জিতা হইয়া শুশার অনুগ্যমন
করিল।

গাড়ি সিংহ্বারের সম্মুখে হেমন্তকে নামাইয়া দিরা খিড়কীতে দিয়া থামিল। একটি হুন্ট-পুন্ট প্রিয়দর্শন শিশুকে কোলে করিয়া একজন পরিচারিকা তাঁহাদের গাড়ী হইতে নামাইয়া সঙ্গে করিয়া গৃহিণার নিকট লইয়া চলিল।

সন্মুখে উপস্থিত হইয়া শুশার পূর্ববিশিক্ষামত পায়ের কাছে প্রণামী রাখিয়া নির্মান দিদিশাশুড়ীর পদধূলি লইল। দিদিশাশুড়াও আশীর্বাদের নিমিত্ত তৎক্ষণাৎ আপন কণ্ঠ হইতে স্বর্ণহার খুলিয়া—এই বুঝি হেমন্তর বৌ—আমার সাধের নাতবৌ ? দেখি ভাই দেখি শুখখানি দেখি একবার—বলিয়া বধ্র অবগুণ্ঠন উঠাইলেন। একি! কাহার গলায় হার পরাইতেছি ? হরি! হরি! কে

এ ? নির্মাল ভাবিল কাহার এ মধুময় কণ্ঠস্বর ? পুলকস্পন্দিত হৃদয়ে পরস্পর পরস্পরের প্রচি দৃষ্টি করিল !

অতিমাত্র বিশ্বয়ে অভিভূত নির্মাণ বলিয়া উঠিল— "বন্ধু, তুমি!"

হর্ষ বিহ্বল অন্তরে শান্ত উত্তর করিল—"হাঁ৷ বন্ধু আমি"—বহির্বাটী হইতে আগত গৌরীশক্ষরের পশ্চাৎস্থিত হেমন্তকে লক্ষ্য করিয়া আবার বলিল—"তোমরা চুটি নাতি নাত-বৌ স্থাদনে আজ আমার ঘরে অতিথি!"

গৌরাশঙ্করকে উপস্থিত দেখিয়া অবগুণ্ঠন টানিয়া শশ্র পুড়শশুরের চরণে প্রণাম করিয়া বধ্কেও অবগুণ্ঠনবতী হইতে ইক্সিত করিলেন।

বধূ সহাতে বলিল—"ওমা! ওঁকে দেখে আমি ঘোমটাদেব কেন? উনি যে আমার বন্ধুর বর!"

নব-বধ্র উত্তর শুনিয়া শাশুড়ী তো অবাক্! আদেশ উপদেশ বা জিজাসাবাদের স্থান ও কাল এ নয় বুঝিয়া পরিচারিকার নিকট হইতে শান্তর পুত্রটিকে কোলে ডুলিয়া লইয়া তিনি একটু অন্তরে গিয়া দাঁড়াইলেন, এবং অনতিদূরে—শিশির-সিক্ত বসোরা গোলাপের পার্শে বায়্-হিল্লোলিত খেত শতদলের মত আনন্দাশ্রুলোচনা হাস্থাননা শান্তর আলিক্সনে হর্ষচঞ্চলা স্মিতমুখী নির্মালের মাধুরী- মুগ্ধ হেমন্ত এ সময় হাতক্যামেরাটা হাতে না থাকায় এ অপূর্ব-মিলন-দৃশ্যের একটা ফটো লইতে পারিল না বলিয়া মনে মনে আপশোষ করিতে লাগিল—আর এক মুহুর্ত্তে ঘটনাটা করেজম করিয়া বন্ধুবয়ের ফুলাননের মধুরিমা দর্শনে প্রীত, রহস্থাপ্রিয় গৌরীশকর নির্মালের বহু-দিন-কথিত বাক্যটি স্মরণ করিয়া, নির্মালকে সম্বোধন করিয়া বলিলেন—"কি গো বন্ধু! আমাকে দেখে তো তোমার পছন্দ হয় নি ? বলেছিলে,—"ও বুঝি বর! ও তো বুড়ো"—তা ভাই আমি তো না হয় বুড়ো, আমার নাতিটি তো বর ? ওকে পছন্দ হ'য়েছে কি ?"—আর হেমন্তকে লক্ষ্য করিয়া বলিলেন—"ওহে বিচারক ভায়া! বন্ধুরে মতে আমি হ'লুম বুড়ো, আর তুমি হ'লে বর, কিন্তু এখন বিচার করে বল দেখি, জিতটা হ'ল কার ? বরের, না বুড়োর ?"

স্থান কাল বিস্মৃত হইয়া শাস্ত ও নির্মাল হাসিয়া উঠিল; পরমানশে হেমস্থও সে হাসিতে যোগ দিল,— বৃদ্ধের পুলক-প্রভায় সমুজ্জ্বল স্নেহ-দৃষ্টির তলে, তিনটি তরুণ তরুণীর বিমল হাস্ত, যেন প্রয়াগ তাঁর্থে জিবেণী-সঙ্গমের মত মনে হইল।

# অলক্ষণা !

#### প্রথা পরিচেছদ।

লা, শুধু নয়নতারা কেন, জগতের অনেকেরই কাছে সে
নিভান্ত অপ্রিয় হইয়াই জন্মিয়াছিল। পৃথিবীতে এক
রমাদেবা ভিন্ন ভাহাকে ভালবাসিবার, ভাহার চোখের
জল মুছাইবার, ভাহার ছঃখে বেদনা বোধ করিবার আর
কেহ ছিল না। সকলের অপ্রিয় হইবার কারণ শোভনার
ব্যবহারের মধ্যে না থাকিলেও ভাহার অদৃষ্টের মধ্যে
বিলক্ষণ ছিল। তাই শোভনার মত রূপে লক্ষ্মী গুণে
সরস্বতী মেয়ে এ সংসারে প্রতিষ্ঠা লাভ করিতে পারে
নাই।

শুনা যায়, শোভনা ভূমিষ্ট হইবার পাঁচ দিন পূর্বের জ্বরবিকারে, তাহার পিজার ও পরদিন তাহার পিতৃব্যের মৃত্যু হইয়াছিল—তাই শোভনা যথন পৃথিবীতে আসে, হাজানুখে চেহ ভালা - বন - বন্ধ, আভব সৃত্তিতে কেহ ভাহার প্রতি ভারে মাই; মের্ক মাত আদিতে আসিয়া অঞ্চল্রকটেই অসিতা চলিয় ছিল। একদিনের কাছে টানে নাই, তাহার ছঃখে 3.91 'আছ:' করে নাঁই। তাহার প্রভাত-নলিনীর মত **সুন্দর** স্তুকুমার মুখখানিতে তাহার মা ভিন্ন আর কেহ কোনদিন একটা স্নেহচুম্বন দান করে নাই! সে সকলের উপেকা অনাদরের মাঝে পুকুরে সাঁতার কাটিয়া – গঙ্গায় ভুব পাড়িয়া—বাগানে ঠাকুরমার পূজার ফুল তুলিয়া—মাঠে ছুটাছুটি থেলিয়া—পুকুর পাড়ে বসিয়া—আকাশে সন্ধ্যার তারা গণিয়া-পুকুরের জলে পূর্ণিমায় চাঁদ ধরিয়া-কিঁ বিঁ পোকার গান শুনিয়া—আপন মনে হাসিয়া কাঁদিয়া কোন এক রকমে তাহার বাল্য জীবন কাটাইতেছিল। এমন সময় তাহার মা ও ঠাকুরমা যখন গৌরী দানের ফল লাভের প্রত্যাশায় একটা পঞ্চদশ বর্ষীয় বালকের সহিত তাহার বিবাহ দিলেন—শোভনার অদুষ্টটা তখন বড় অশোভন রূপেই প্রকাশ পাইল।

বিবাহের রাত্রে শোভনার শশুর, গ্রামের জাক্তার মুরারীমোহনের আশাসে—সামান্ত অন্তথ, তুএক শণ্টার মধ্যে সারিয়া বাইবে ভাবিয়া, কন্যাপক্ষের নিকট পুত্রের অন্তথের কথা অপ্রকাশিত রাখিয়াই, রাত্রি দশটার মধ্যে শোভনার সহিত পুত্রের বিবাহ কার্য্য সমাধা করিলেন। কিন্তু চিরকাল যেমন বিধাতা ও মানুদেরর ইচ্ছার মধ্যে প্রায়ই বৈলক্ষণ্য দেখিতে পাওয়া যায়, এখানেও তাহাই হইল; এবং তাহারই ফলে, তিনি ভাবিলেন এক—হইল আর। কন্যা সম্প্রদানের পর নব বর-বধুকে যথন বাসরে বসান হইল, বরের রোগ আর বাধা মানিল না, উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল। ক্রমেই কলেরার লক্ষণ সকল স্পষ্ট প্রকাশ পাইল। বেগতিক দেখিয়া ডাক্রার বাবু কোথায় যে অন্তর্জান করিলেন, আর তাহার দেখা পাওয়া গেল না। ভাল ডাক্রারের জন্ম কলিকাতায় লোক ছুটল, কিন্তু ডাক্রার লইয়া লোক ফিরিবার আগেই—রাত্রি শেষে শোভনার স্থথের দীপ মিবিল!

পতি-পুত্রহীনা রন্ধা ঠাকুরমা বখন পাগলিনীর মত ছুটিয়া, বিবাহ সজ্জায় সজ্জিতা সন্থ বিবাহিতা শোভনার কাছে আসিয়া, নিজের শিরে করাঘাত করিয়া বলিলেন—
"ও পোড়াকপালী! বাপকে খেয়েছিস্, কাকাকে খেয়েছিস্
আবার একেও খেলি:" শোজনা তখন কি করিবে কি বলিবে ভাবিয়া না পাইয়া ঘর ছাড়িয়া উঠানের ভিড়
ঠেলিরা, ছুটিয়া পুকুর ধারে গিয়া জলের দিকে চাহিয়া

বসিয়া রহিল। তারপর কোথা দিয়াসে দিন গেল, কি করিয়া কি হইল কিছুই বুঝিল না, কেবল দিন শেষের মান আলোটকু যখন আকাশের গায়ে মিলাইতে আসিতে-ছিল, সেই সময়, একবার গগনভেদী উচ্চক্রন্দন ও বিলাপ ध्वनित्र महिज-"वल हित हित्राताल" भारक भाजनात চমক ভাঙ্গিল সে ফিরিয়া দেখিল কাল যাহারা বিবাহের বর্ষাত্রী হইয়া আসিয়াছিল, তাহারা কাঁদিতে কাঁদিতে একটা মৃতদেহ বহন করিয়া লইয়া যাইতেছে, আর সঙ্গে সঙ্গে শোভনার আত্মীয়ম্বজন হইতে গ্রামের আবাল বুদ্ধ সকলে কাঁদিতে কাঁদিতে পাগলের মত তাহাদের পশ্চাতে ছুটিয়াছে। সে দৃশ্য দেখিয়া শোভনা শিহরিয়া উঠিল, সেই "বল হরি হরিবোল" শব্দের সঙ্গে সঙ্গে একটা ভীতিপ্রদ কল্পনা যেন হঠাৎ নৃর্ত্তি ধরিয়া চারিদিকের গাছ-পালার আশে পাশে ঘুরিয়া বেড়াইতে লাগিল! সে একবার ক্রন্সনের স্বরে উচ্চ চীৎকার করিয়া পুকুরপাড়ে লটাইয়া পডিল।

. :

্ষৰন তাহার জ্ঞান হইল, সে দেখিল—তাহান্ধ মা তাহাকে বুকে করিয়া বসিয়া আছেন; তাঁহার চোধের জলে তাহার দেহ সিক্ত হইয়া গিয়াছে। ভালদ্ধপ বুক্ষিবার শক্তি ফিরিয়া আসিলে দেখিল—তাহার গারে সে নূতন গখনা নাই, পরণে সে লাল চেলি মাই, পূর্ববরাত্তের সে মাথাপোরা সিঁতুর, ছাতপোরা শাঁখা লোহা নাই, পায়ে সে টুকটুকে আল্তা নাই, যেন কে জোর করিয়া ধুইয়া মুছিয়া সব সাদা করিয়া দিয়াছে!

একেত শোভনাকে সকলে অপ্য়া বলিয়াই জানিত. আবার আজ হইতে তাহার শোভনা নামের সহিত অলক্ষণা নামও অনেকটা যেন অবিচেছদে সংযুক্ত হইয়া রহিল: একেত সে লোকের উপেকা বহন করিয়াই চলিতেছিল. এখন এই ঘটনায় সে লোকের আরও বুণার পাত্রী হইল। সে জানিত কেহ তাহাকে ভালবাসে না কিন্তু, এমন ভাবে কেন সকলে তাহাকে এডাইয়া চলিতে চায়, শুভকর্ম্মের দিক হইতে সযত্নে কেন তাকে এত দূরে রাখে, হঠাৎ তাহার নিশাস কাহারও গায়ে লাগিলে কেন এমন শিহরিয়া উঠে, তাহা সে কোন মতেই ঠিক বুঝিতে পারিত না। মাকে জিজ্ঞাসা করিলে, মা কেবল ভাহাকে বকে চাপিয়া ধরিয়া আঁচলে চোখ মছেন, কখন বা পাগলের মত আকাশের দিকে চাহিয়া থাকেন, শোভনা শত প্রশ্ন করিয়াও উত্তর পায় না, তবে আর সে কাহাকে क्षिड्यामा कतिरव ? तक विलेशा मिरव ? आह, कोशंद्र নিকটেই বা সে সাহস করিয়া জিজ্ঞাসা করিতে যাইবে ?

কোন দিকেই একটা কুল না পাইয়া শেষে মানুষের সঙ্গ ছাড়িয়া শোভনা---বাড়ীর কপিলা গাই, মঙ্গলা বাছুর, টিয়াপাখী, টুনি বেরাল আর বাগানের ধারে কাঠবিড়ালীদের নিত্যসঙ্গিনী হইয়া উঠিল। মানুষ যথন অলক্ষণা বলিয়া তাহাকে দুরে সরাইয়া দেয়, প্রভাতে উঠিয়া তাহার দর্শন অশুভজনক বলিয়া মুখ ফিরায়—ব্যথিতা কুঠিতা শোভনা उंथन किशला, मक्रला, ऐनि ७ हिंगात निकटि शिया माञ्चना পায়। কপিলা মঙ্গলা তাহার হাত হইতে নর্ম ঘাস খাইয়া, টিয়া নিম ও বটের ফল ঠোঁটে ধরিয়া, টুনি তাহার কোলে বসিয়া, কাঠবিড়ালা আশে পাশে ঘুরিয়া তাহার কাছে যে নীরব আনন্দ প্রকাশ করে, তাহাতেই শোভনার ক্ষুদ্র হৃদয় পূর্ণ হইয়া যায়। তাহার পর যখন দে রাত্রে কর্মক্লান্ত জননীর বুকে মাথা রাথিয়া ঘুমাইয়া পড়ে, তখন কাহারও ঘুণা বা অনাদর কিছই আর তাহার মনে থাকে না।

কিন্তু এ স্থা টুকুও বুঝি তাহার ভাগ্যে সহিল না, ইহার ছই বৎসর পরে শোভনার জগত আঁধার করিয়া তাহার মাতাও তাহাকে ছাড়িয়া গেলেন। শোভনার আকস্মিক বৈধব্যেই তাঁহার বুক ভাঙ্গিয়া ছিল, ভিভরে ভিতরে ক্ষয় রোগের সূত্রপাত হইয়াছিল। প্রথম প্রথম

#### অলকণ

তিনি রোগটা কাহাকেও জানিতে দেন নাই, শেষ যখন সকলে বুঝিতে পারিল তখন আর প্রতীকারের উপায় ছিল না। .এত বড কঠিন রোগে, একবিন্দু 🕏 ষধও গলাধঃকরণ না করিয়া রোগ যন্ত্রণার চিহ্নমাত্র প্রকাশ না করিয়া নীরবে প্রসন্নমনে তিনি চিরস্থবাদের মত মৃত্যুকে বরণ করিয়া লুইলেন। কিন্তু মৃত্যুর পূর্বব মুহূর্ত্তে শোভনার ভবিষ্যং-চিন্তা তাঁহাকে আকুল করিয়া তুলিল, তিনি নিশ্চয় বুঝিয়া ছিলেন, তাঁহার অবর্ত্তমানে এই পিতৃমাতৃহীনা বিধবা বালিকার চোথের জল মুছাইবার সাহস এগ্রামে কাহারও इटेर्ट ना. পाइ अलक्ष्मात मः न्नार्भ अम्ब्रन घर्छ ! তিনি ভাবিলেন শোভনা তাঁহার বক্ষচ্যুত হইয়া দিবাবসানে মান কমলের মত হয়ত বা ঝরিয়া পড়িবে, কেহ তাহার দিকে একনার ফিরিয়াও চাহিবে না। তাই তিনি পৃথিবী হইতে চিরবিদায় লইবার পূর্বের একবার তাঁহার শৈশব-সক্রিনী বিমলার হাত চুটী ধরিয়া ভয়ে ভয়ে বলিলেন— "সই! তুই কি আমার অলকণা মেয়েটাকে আমার দুঃখিনী শোভনাকে তোর ঘরে একটু স্থান দিবি বোন্ ? ওর একটা বিলি না হলে যে আমার মরণেও সুখ হবেনা!" আসমমৃত্যু শৈশবসঙ্গিনীর করণ কণ্ঠের এই কাতর অমুনয়ে বিমলার ऋদয় বিচলিত হইল। किন্তু তিনি বড়

গৃহস্থের বৌ, তাঁহার শশুরবাড়ীতে পাঁচটা ছেলে মেয়ে বৌ-ঝির মাঝে এই 'খাইকুড়ি' মেয়েটাকে হঠাৎ লইয়া যাইতে তাঁহার সাহসে কুলাইল না।

বিমলা যখন সইকে কি বলিয়া সান্ত্রনা দিবেন ভাবিয়া পাইতেছেন না—ঠিক সেই মুহূর্ত্তে বিমলার দিদি রমাদেবা অগ্রপশ্চাৎ না ভাবিয়া শোভনাকে বুকে টানিয়া বলিলেন—"আয় আমার তুঃখিনীর ধন আমার কাছে আয়। এ পৃথিবীর সকলে যদি ত্যাগ করে, আমি তোকে বুকে ক'রে রাখ্ব।" নিবিবার আগে দীপশিখা যেমন একবার তাহার সমস্ত অবশিষ্ট শক্তিটুকুর সহিত জ্বলিয়া উঠে, শোভনার মা'র মুখ তেমনি একবার উজ্জ্বল হইয়া উঠিল, তিনি প্রসম্ম দৃষ্টিতে রমাদেবীর দিকে চাহিয়া বলিয়া উঠিলেন—"দিদি! তুমি ত মানুষ নও, তুমি দেবা!" তাবপর আর কিছুই শুনা গেল না, মুখের হাসি মিলাইতে না মিলাইতে অভাগিনীর প্রাণ বায়ু শৃত্যে মিলাইয়া গেল!

রমাদেবী শোভনাকে লইয়া কলিকাতায় তাঁহার আপন ভবনে আসিলেন।

রমাদেবীর গৃহে বড় কেহ ছিল না। তিনি স্বামীর তৃতীয় পক্ষের স্ত্রী, স্বামী তাঁহার অপেক্ষা বয়সে পুব বেশী রক্ষমেরই বড়; সন্তানভাগ্য তাঁহার এমন কিছু ছিল না। অনেক ডাক্রারি কবিরাক্রী হাকিনি হোমিওপ্যাথিক ও টোট্কা ঔষধ খাইবার পর ঠাকুরের 'দোর ধরিয়া' অনেক বয়সে তাঁহার একটা কন্যা হইয়াছিল, সেই কন্যাই তাঁহার জগতে স্থুখ, নরনের আনন্দ। তাই রমা আদর করিয়া তাহার নাম রাখিয়াছিলেন—নরনতারা। নয়ন-তারাকে নয়নান্তরালে রাখা কন্টকর ভাবিয়া জামাই মেয়েকে চিরদিন যাহাতে নিজের কাছে রাখিতে পারেন এমন দেখিয়া শুনিয়াই তাঁহারা কন্যার বিবাহ দিয়াছিলেন স্ক্তরাং মেয়ে জামাই তাঁহার কাছেই ছিল।

শোভনা যখন রমাদেবীর সঙ্গে আসিল, নয়নতারার বয়স তথন সতের আঠার বংসর। তাহার কোলে তখন একটী খোকা। ,তাহার স্বামী মন্মথনাথ তখন কলেজে স্বাইন পড়িতেছেন আর পিতা তাঁহার সাত্তরে নাতিটীর সঙ্গে খেলা করিয়া জীবনের শেষদিনগুলা কাটাইবেন বলিয়া পেন্সন লইবার চেফী করিতেছেন।

রমাদেবী গৃহে আসিয়াই প্রথমে শোভনার হাতের কাঁচের চুড়িগুলা ভাঙ্গিয়া গিনি সোণার গাছ কয়েক ঝক্ঝকে নূতন চুড়ি ও এক ছড়া হার তাহাকে পরাইয়া দিলেন, পা হইতে মাথা পর্যস্ত নিজের হাতে সাবান দিয়া ধুয়াইয়া মুছাইয়া পরিকার পরিচছন্ন করিয়া নূতন জ্যাকেট্ সেমিজ ও সাড়ী পরাইয়া ভাহাঁকে সম্পূর্ণ নৃতন করিয়া তুলিলেন। কয়েক দিনের মধ্যেই একজন শিক্ষয়িত্রী নিযুক্ত করিয়া ভাহার শিক্ষার বন্দোবস্ত করিয়া দিলেন। সে যে বিধবা, সে যে অলক্ষণা, সেই কথাটা চাপা দিবার জন্য রমাদেবী বিশেষ ভাবে শোভনাকে লইয়: পড়িলেন। শোভনা তাঁহার কাছে আসিয়া এত দিনে প্রকৃত আনন্দের আসাদ পাইল, য়ত্তের মিইটতা অনুভব করিল। রমাদেবীর বুকে মাথা রাখিয়া শোভনার মাতার বিচেছদ তুঃখ দূর হইল, সে যে অলক্ষণা এ কথাটা যেন অনেকটা ভূলিয়া গেল।

রমার নিকট শোভনার ইতিহাস শুনিয়া ব্যাগিত

ইইয়া কোমলকণ্ঠে স্নেহের স্বরে রমার স্বামী যখন

শোভনাকে জিজ্ঞাসা করিলেন—"তোমার নাম কি মা ?"

শোভনার মনে হইল জন্মাবিধি এমন ভাবে কেই তাঁহাকে

আর কখন কোন কথা জিজ্ঞাসা করে নাই, এতটুকু আদরও

সে কখনও পায় নাই। ক্রেমে শোভনা রমাকে মা, তাঁহার

স্বামীকে 'বাবা' ও নয়নতারাকে 'দিদি' বলিতে অভ্যন্ত

ইইল, একটু একটু করিয়া তাহার সক্ষোচ কাটিয়া গেল,

আদরে আন্দারে সে রমাদেশীর নিকট নয়নতারার তুল্য

ইইয়া উঠিল। চিরত্বঃধিনী মেয়েটীকে স্থলী দেখিয়া

স্বামী স্ত্রীতে নির্ম্মল আননদ অসুভব করিলেন, কিন্ধু শেষে

तमा वृक्षित्तम এक करमत दृश्य मृत कि बात धक करमत वृहक वार्था सांशिशां(छ। नयूनणात्रा हितपिन এकला मानूव হইয়াছে, পিতামাতার স্নেছ রাজ্যে সে এছাই রাজত্ব করিয়া আসিয়াছে, কোন দিন কাহাকেও কিছুর ভাগ দিতে শিখে नारे। निष्क जन्माविध छुःथ काराक वरल कथन जातन নাই, প্রিয়জনের বিচ্ছেদ কি তাহা কোন দিন বুঝে নাই, স্থতরাং. পরের অভাব নিজের মত করিয়া অসুভব করিতে ' শিথে নাই। তাই রমাদেবীর মুখে শোভনার কাহিনী শুনিয়া তাহার পিতা ও স্বামীর মন যখন করুণায় গলিয়া গেল, নয়নভারা তখন এক বার মমতা বিহীন নেত্রে তাহার প্রতি দৃষ্টি করিয়া মনে মনে ভাবিল—তবে এ অলক্ষণা মেয়েটা আমাদের বাড়ী না এলেই ভাল হত। শোভনার প্রতি স্ত্রেহ ত হইলই না বরং এত বংসর এক ভাবে পৃথিবীর যাবতীয় স্থুখ একা উপভোগ করিতে করিতে হঠাৎ শোভনাকে তাহার ভাগ দিতে হওয়ায় নয়নতারার বড় কফ বোধ হইল। শোভনার আদর দেখিয়া, ভিতরে ভিতরে মনটা তাহার ইবায় জ্বলিতে লাগিল। ইহার উপর আবার বৎসর কল্লেকের মধ্যে এমন একটি ঘটনা ঘটিল, যাহাতে শোভনার প্রতি নয়নতারা একেবারেই বিমুখ হইল।

নয়নতারার পিতা পেন্সন লওয়ার পর নিরস্তর কর্মহীন ভাবে গৃহে বসিয়া থাকায়, ক্রমেই তাঁহার স্বাস্থ্য ভঙ্গ হইতে লাগিল। শেষে বহুদিন উদরাময়ে ভুগিয়া শীতকালের এক স্বস্থুজ্বল প্রভাতে আত্মীয় স্বজনে পরিবেপ্তিত হইয়া শিব নাম জপ করিতে করিতে তিনি শেষ নিঃশাস ত্যাগ করিলেন।

त्रभारिती এ घरेनारक निरक्षत्रहे अमृत्सित कल विलाग স্বীকার করিলেন: কিন্তু নয়নতারা শোভনাকেই ইহার একমাত্র কারণস্বরূপ মনে করিল। সে ভাবিল, এই অলক্ষণা মেয়েটা বাড়াতে না এলে বাবা হয়ত আরো বছর কতক বাঁ'চতেন এমনই কি বুড়ো হয়েছিলেন ? বাষট্টি বছর বইত নয়, কত লোক যে আশি পঁচাশি বছর অবধি বেঁচে থাকে। মনে যাহাই হউক নয়নতারা মায়ের ভয়ে মুখে কিছুই প্রকাশ করিতে পারিল না। রমাদেবী পৃথিবীর অত্যাচার হইতে দূরে রাখিবার জন্ম শোভনাকে প্রাণপণে নিজের কাছে টানিয়া রাখিতেন, কোনদিক হইতে কোন আঘাতের আশকা দেখিলেই স্থৃদৃঢ় বর্মের মক্ত তাহাকে আরত করিয়া রাখিতেন। সমাজ সংসার ও স্বার্থের নিয়ম লজ্বন করিয়া রমাদেবীর স্লেহ বিধাতার মঙ্গল আশীর্বাদের মত এই "অলক্ষণা" মেয়েটাকে নিশিদিন ঘিরিয়া খাকিত।

#### অলক্ষণা

নয়নতারার বিদ্বেষবহ্নি তাহাকে স্পর্শ করিতে পারিত না।

কিন্তু সুখ কখনও চিব্নস্থায়ী হয় না। তাহার যখন ইচ্ছা তখনই যায়: কাহারও অনুরোধ উপরোধ মানে না, তুঃখ বেদনা বুঝে না—ধাহার আশ্রয়ে থাকে, তাহাকে পদদলিত করিয়া ঘাইবার সময় একবার তাহার মুখের দিকে ফিরিয়াও চাহে না। শোভনার স্থও চিরস্থায়ী হইল না। তাহার পঁচিশ বৎসর বয়নের সময়—"মা তোর কিছু করে বেতে পারলুম না, যা ভেবেছিলুম তা'র কিছুই হলনা"— অশ্রুপূর্ণ নেত্রে এই কথা কয়টী বলিয়া, নয়নভারার অজ্ঞাতগারে তাহাকে কয়েক শত টাকা ও কয়েকটী অমূল্য উপদেশ দিয়া এবং নয়নতারাকে তাহার প্রতি মমতা ক্রিতে অনুরোধ ক্রা বুথা জানিয়া, জামাতাকে শোভনার মরণাবধি তাহাকে যত্নে রাখিতে অনুরোধ করিয়া, একদিন বসন্তের নীরব সন্ধ্যায় কতা জামাতা ও সাধের নাতি নাতিনীগুলিকে আশীর্বাদ করিয়া, নয়নতারা ও শোভনার ঐকান্তিক সেবা যতু বিষ্কুল করত রমাদেবা শান্তিময়ের শান্তিধামে চলিয়া গেলেন!

এইবার শোভনা যথাথই মাতৃহীনা হইল ! তাহার আশা উৎসাহ, আনন্দ এবং তৃপ্তিও রমাদেবীর সহিত চলিয়া গেল। জগত ভাশের নিকাচ শৃত কোও হইল।

নয়নতারা মাতার মৃত্যুতে শেকে ইছত তইছা শোভনার হৃদয় বিদীপ করিয়া বলিল—'পোড়াকপালা তোর নিজের ত সব'থেয়েছিস্ থাবার আমার বাপ মাকে খেলি ? কি মরণ নেই ? ভগবান্ কি তোর মরণ লেখেন নি ?"

ভূলুন্তিতা শোভনা অশ্রুপ্রবাহে ভাসিয়া ভাবিল হায় ! আমার কি মরণ নাই ?

দিন কাটিয়াই যায়। শোভনারও দিন একরকমে কাটিয়া যাইতে লাগিল। মৃত্যুকে ত ডাকিলেই পাওয়া যায় না ? শোভনার প্রতিদিনের সহস্র ডাকেও মৃত্যু সাড়া দিল না, জীবনও শোভনার দিন দিন অসহনীয় হইতে লাগিল।

রমাদেবীর মৃত্যুর পর মন্মথনাথের অফুগ্রহে এতদিন কোনরকমে শোভনা এ গৃহে টিকিয়াছিল, আজ এক আকস্মিক ঘটনা শোভনাকে আশ্রয়হীনা করিল।

বৈকালে আদালত হইতে মন্মথনাথ নিজের টম্টমে করিয়া বাড়ী ফিরিতেছিলেন দৈবাৎ এক সাহেবের গাড়ার প্র বিষম ধাকা লাগায় গাড়ী শুদ্ধ পড়িয়া গিয়া তিনি অজ্ঞান হইয়া গেলেন। নিকটেই এক জন্তলাকের গৃহে **ডাঁ**হাকে শয়ন করাইয়া অনেকে তাঁহার শুশ্রুষাদিতে নিযুক্ত হইলে সহিস্ ছটিয়া ডাক্তার ডাকিতে ও বাড়ীতে খবর দিতে গেল।

সন্ধার পর আহত স্থানে পটা বাঁধা অর্দ্ধ আচততা মন্মথনাথকে যখন পাঁচজনে ধরাধরি করিয়া গাড়ী হইতে নামাইয়া শ্যায় শ্যুন করাইয়া দিয়া গেল নয়নতারা স্বামীর সেই তুঃখজনক অবস্থা দেখিয়া কাঁদিতে কাঁদিতে— "ওগো আমার কি হলো গো।"—বলিয়া উপরের বারান্দায় আছাড খাইয়া পডিল। শোভনা নয়নতারার ছোট ছেলেটাকে কোলে করিয়া ছাদে গিয়াছিল, মন্মথনাথের আগমন সংবাদ পাইয়া, বিষশ্লমখে ছাদ হইতে নামিয়া তাঁহাকে দেখিবার জন্ম তাঁহার ঘরের দিকে গেল। চৌকাটে পা দিতেই নয়ন তারা ছটিয়া আসিয়া বাঘিনীর মত গর্জ্জন কবিয়া শোভনাব কোল হুইতে ছোল টানিয়া লুইয়া চাৎকার স্বরে বলিতে লাগিল—"ও রাক্ষদী তুই আর ঘরে ष्ठ्रिकम्ति—त्वरत्र।—त्वरता—ञलक्षण। वाष्ठी थ्यरक विषाग्र ₹ I"

নয়নতারার জেদ বাড়িয়া উঠিল; সে শোভনাকে তাড়া
করিয়া নীচের প্রাক্তন পর্যান্ত লইয়া চলিল, তাহার মনে
হইতে লাগিল—শোভনা স্থার এক মুহূর্ত্ত থাকিলে তাহার
স্বামীকে বুঝি স্থার বাঁচান ক্ষাইবে না!

্শোভনা গেল, সত্যই আজঁসে বাটীর বাহির হইয়া গেল, রাত্রির অন্ধকারে কেহ তাহাকে দেখিতে পাইল না। পরক্ষণেই আবার কি ভাবিয়া ফিরিয়া আসিল। নয়নতারার চীৎকার শুনিয়া গৃহিণীর আমলের বুড়া দাসী ছটিয়া আসিয়া, শোভনাকে উপরে সিঁডিতে উঠিতে দেখিয়া ব্যগ্রভাবে জিজ্ঞাসা করিল—"দিদিমণি কি হয়েছে গা ?" ·শোভনা রুদ্ধ কঠে—"ও কিছু না" বলিয়া ছরিতপদে উপরে উঠিয়া গেল, তারপর নিজের ঘরে গিয়া হাতের চুড়ি গলার হার খুলিয়া রাখিয়া দিয়া, বাক্স হইতে বহুমূল্য কেমে বাঁধা রমাদেবীর একখানি ফটো ও নিজের দিনলিপি খানি বাহির করিয়া স্যত্তে আপন কক্ষাবরণের মধ্যে রাখিয়া দ্রুত বাটীর বাহির হইয়া পড়িল। তার পর অন্ধকারের মাঝে মিশিয়া গেল। কেহ দেখিলও না জানিলও না। শোভনা যে চিরদিনের মত গৃহ ছাড়িয়া গিয়াছে সে সন্দেহও কাহার মনে উদয় হইল না।

যথাসময়ে থালে রাত্রির খাবার সাজাইয়া প্লাসে জল
দিয়া আসন পাতিয়া বামুনঠাকরুণ নয়নতারা ও শোভনাকে
ডাকিতে পাঠাইল। নয়নতারা আসিল, কিস্তু—শোভনা ?
শোভনা কোথায় ? নয়নতারা ডাকিল—"শোভনা"—
"শোভনা" কিস্তু কোথায় শোভনা ? বাডীর প্রত্যেক

স্থান তন্ন তন্ন করিয়া থোঁজা হইল কিন্তু শোভনাকে পাওয়া গেল না ! বিরক্ত হইয়া নয়নতার৷ একাই আহারে বসিল, কিন্তু তাহাতে রুচি হইল না, ত্বই এক গ্রাস মুখে তুলিয়াই সে উঠিয়া পড়িল। নয়নতারা ভাবিতে লাগিল—তবে সত্যই শোভনা চলে গেল নাকি ? কিন্তু যাবে কোথা ? এজগতে তা'র আর যাবার স্থান কোথা ? যাক্ এখনি আবার ফিরে স্থাস্তে হবে।

শ্যার উপর স্বামাকে নিজিত দেখিয়া, স্বতন্ত্র শ্যায় কোলের ছেলেটাকে বুকের কাছে টানিয়া লইয়া নয়নতারা ঘুমাইতে গেল। কিন্তু ঘুম তাহার চক্ষে আসিল না, মন শাস্ত হইল না। অশাস্ত মনে সে শ্যার উপর উঠিয়া বসিয়া পাশের জানালাটি শুলিয়া শোভনার অন্ধকার ঘরটার দিকে চাহিয়া রহিল। কোথাও একটু সামান্ত শব্দ হইলেই তাহার মনে হইতে লাগিল—ওই বুঝি শোভনা ফিরে এল! তারপর শেষরাত্রে প্রাবণের মেঘ যথন সগর্জ্জন ধারাবর্ষণ আরক্ত করিল—নয়নতারা আর স্থির থাকিতে পারিল না, উঠিয়া বাহিরে গিয়া ভূতাকে জাগাইয়া বলিল—"রামসহায়, শীজ্র বাগান থেকে নিধিয়াকে ডেকে নিয়ে তুজনে শোভনাকে খুঁজে বাড়ী ফিরিয়ে আন—এমন ছর্যোগে বাইরে থাক্লে সে যে মারা যাবে!"

্রামসহায় "রাম হো" বলিরা হাই তুলিয়া চোখ রগ্ডাইতে রগ্ডাইতে বাহিরের দিকে চাহিয়া বলিল—"এ বৃষ্টিতে কি করে বেরব দিদিমণি? কোথায় বা বাব ? বৃষ্টিতা ধরুক্ আগে, নইলে আলো নিবে যাবে যে, এ অন্ধকারে পথ দেখতে পাব কেন ?"

\* \* \* \*

• কথাটা যখন মন্মথনাথের কানে পৌছিল, সকল কথা না জানিলেও, নয়নভারাই যে শোভনার গৃহত্যাগের কারণ, তাহা আর তাঁহার বুঝিতে বাকি রহিল না। জননা-সমা শুদ্রর মৃত্যুকালের অনুরোধ তাঁহার স্মরণ হইল। তাঁহার শোক কথা—"বাবা মন্মথ! তোমায় আর বেশী কি ব'লব ? শোভনাকে তোমার সহোদরা ভগ্নীর মত দেখো আর মনে রেখা, শোভনা বদি কফ পায়, জীবনের পরপারে গিয়েও আমার আত্মা অস্থী হবে"—আজ যেন নূহন করিয়া তিনি শুনিতে পাইলেন। শ্যার উপর মন্মণ চঞ্চল ইইয়া উঠিলেন। নয়নভারার দিকে চাহিয়া দৃচ্সবেে বলিলেন—"তাহলে ত চল্বে না; যে রকমেই হোক শোভনাকে খুঁজে বাড়ীতে আন্তে হবে। যাও—বাও—শীঅ চারিদিকে লোক পাঠাও—দেরি কোরনা।"

বহুদিন ধরিয়া বহু অনুসন্ধান করিয়াও শোভনাকে

#### অলক্ষণা

পাওয়া গেল না। তখন হতাশ হইয়া ব্যথিত চিত্তে
মন্মথনাথ একটা দীর্ঘনিশাস ফেলিলেন। নয়নতারা মনে
মনে তুদিন অমুতাপ করিল, দাসদাসীরা চু-একবার বলিল
—"আহা শোভনা মেয়েটা বড় ভাল ছিল গো!" তারপর
ক্রেমে সকলেই শোভনার কথা এক রকম ভুলিয়া গেল।

### দ্বিতীয় পরিচেছদ।

একে একে পুঁচিটা বৎসর চলিয়া গেল। নয়নভারার দিন বেমন স্বর্থে কাটিভেছিল, তেমনই কাটিভে লাগিল।

সে বৎসর কলিকাতায় বসস্ত রোগের প্রাত্নভাব হইল।
সপ্তাহে সপ্তাহে রোগের প্রকোপ রৃদ্ধি পাইতে লাগিল;
হাঁসপাতাল বসস্তরোগীতে পূর্ণ হইল, বরে বরে বসস্তরোগীর চিকিৎসায় ডাক্তার কবিরাজের আহার নিজা বদ্ধ
হইবার উপক্রম হইল। সেই সময় নয়নতারা তাহার
পুত্র কস্তাদের লইয়া বড়ই বিব্রুহ হইয়া পড়িল। একে
একে সকল চেলে মেয়েরই বসস্ত হইল—একজন সারিয়া
উঠে ত আর একজন পড়ে। আর সকলে সহজেই আরাম
হইয়া উঠিল, কিস্তু ছোট খোকা নালুকে লইয়া নয়নতারাকে ভারি বিপদগ্রস্ত হইডে হইল। ময়প বৃকিলেন
নালুর এ যাত্রা রক্ষা পাওয়া ভার!

নয়নতারাও এদিকে মাসাধিককাল এক একটা ছেলে মেয়ের সেবা করিতে করিতে ক্লাস্ত হইয়া পড়িয়াছিল, রাভ জাগিয়া জাগিয়া তাহার চোখের কোলে কালি পড়িয়াছিল, মানসিক উদ্বেগে তাহার দেহ শীর্ণ ও মন তুর্ববল হইয়া পড়িয়াছিল—সে হতাশভাবে তাহার ক্লাস্ত দেহ নালুর পাশে ঢালিয়া দিল।

ডাক্তার তাহাদের মাতা পুত্রের শুশ্রাবার জন্য মন্মথকে ত্বন নার্স নিযুক্ত করিতে পরামর্শ দিলেন। কিন্তু হাঁসপাতালের স্থনিপুণা ধাত্রী মিসেস্ মুখার্চ্জি, আর কাহারও আবশ্যক নাই বুঝিয়া একাই উভয়ের শুশ্রাবার ভার গ্রহণ করিলেন।

পায়ে জুতা মোজা, পরিধানে শাদা সেমিজ্ জ্যাকেটের উপর শাদা থান, চুলগুলা পুরুষের মত ছোট ছোট করিয়া ছাঁটা, চোখে সোণায় বাঁধান চস্মা—মিসেস্ মুখার্চ্জি বখন ডাক্তার রায়ের সহিত আসিয়া, সভাবিক নমতার সহিত মন্মথকে নমস্কার করিয়া থোকার শয্যা পার্শ্বে গিয়া দাঁড়াইলেন—সে দীগুনয়ন উন্নত স্ত্রীমুর্ত্তির দিকে চাহিতে হঠাৎ যেন মন্মথের সাহস হইল না। তাঁহার পরিচ্ছদের শুল্রতায় বর্ণের ঔচ্ছলো, নয়নের স্লিয় দৃষ্টিতে কেমন একটা পবিত্রতার আভাস ছিল, বাহাতে সহক্রেই মন্মথের মনে তাঁহার প্রতি একটা সম্ভ্রমের ভাব জাগিয়া উঠিল। প্রথম দর্শনেই মিসেস্ মুখার্জাকে একজন অসাধারণ রমণা বলিয়া তাঁহার বোধ হইল।

মিসেস্ মুখার্জা সেই দিন হইতেই খোকা ও খোকার

মাতার শুশ্রাঝা আরম্ভ করিলেন, মন্মথ অনেকটা নিশ্চিন্ত হইলেন। নয়নতারার রোগও সাধারণ হয় নাই; মুতরাং এই মাতা-পুত্রকে নিরস্তর যেন যমে-মানুষে টানাটানি করিতে লাগিল। মিসেস্ মুখার্কী অক্লাস্ত পরিশ্রেমে দিবারাত্র তাহাদের সেবা করিতে লাগিলেন। পরের ছেলের প্রতি ধাত্রার এই অসাধারণ যতু দেখিয়া মন্মথ আশ্চর্য্য হইয়া গেলেন। ডাক্রার রায়ের কাছে বিস্ময় প্রকাশ করিয়া একদিন বলিলেন—"রমণী স্বভাবতঃই মেহশীলা জানি, কিস্তু এত মেহ যে কেহ করিতে পারেন তাহা থামি জানিতাম না।"

ডাক্তার রায় বলিলেন—"বান্তবিক মিসেস্ মুখার্জীর মত সহশীলা দেবাকুশলা ধাত্রী আমি আর দেখিনি।"

খোকা ক্রেমে নীরোগ হইয়া উঠিল, কিন্তু নয়নতারার পীড়া সঙ্কটাপন্ন হইল। মিমেস্ মুখার্জী আহার নিদ্রা ভুলিয়া প্রাণপণে সেবা করিতে লাগিলেন। মন্মথ ও নয়নতারা তাঁহার যত্নে যেন কুষ্ঠিত হইতে লাগিলেন।

ভাক্তার রায় একদিন ধাত্রীকে সম্বোধন করিয়া বলিলেন—"আমি স্পষ্ট বুঝ তে পার্চি এত পরিশ্রম আপনার সহা হ'বে না, অন্য কোন ধাত্রীকে এ কাজে নিযুক্ত করে আপনি কিছুদিনের জন্য অবসর নিন। আশ্চর্যা!

#### অলকণা

আপনি মুহুর্ত্তের জন্ম ক্লান্তি বোধ করেন না!" ধাত্রী হাসিয়া বলিলেন—"ক্লান্তি কিসের ডাক্তার রায়? এই ত আমাদের কাজ, এ কাজে নিজের শরার দেখ্তে গেলে চলে না।"

ঈশবের আশীর্বাদ, ডাক্টোরের স্থাচিকিৎসা ও ধাত্রীর সেবাগুণে অবশেষে নয়নতারা রোগমুক্ত ছইল। নয়ন-তারাকে সম্পূর্ণ স্থার, এমন কি, সংসারের কার্যক্ষম দেখিয়া একদিন মিসেস্ মুখার্জা তাহার নিকট বিদায় প্রার্থনা করিলেন। বিদায় মুহূর্ত্তে ধাত্রীর রক্তহীন পাংশুমুখ শীর্ণ দেহ ও নিপ্রভ নয়ন দেখিয়া নয়নতারা নিজের রোগই ইহার কারণ ভাবিয়া ব্রথিত ছইল। ধাত্রীর ঋণ অপরি-শোধনীয় বুঝিয়াও কৃতজ্ঞতার চিহ্নস্বরূপ মন্মথ তাঁহাকে যাহা দিতে আসিলেন, স্থামিষ্ট বাক্যে স্থাহন করিলেন।

তুঃখিত মন্মথনাথের কথার উত্তরে পরদিন ডাক্তার রায় হাসিয়া বলিলেন—"মিসেস্ মুখার্জীর উহাও আর একটি বিশেষত্ব, উনি যে রোগী হাতে নেন্, প্রাণ দিয়ে তার সেবা করেন, কিন্তু কথন একটি পয়সা নেন্না, বরং অনেক সময় অসমর্থ দরিত্র রোগীদের নিজের পয়সায় পথ্য পর্যান্ত জুগিয়ে প্রাণপণে সেবা করে, তাকে রোগমুক্ত করে রিক্তহস্তে বাড়ী কেরেন। সর্বস্থ দান করে এক এক সময় অতি কন্টে নিজের আহার চালাতে দেখেছি, কিন্তু হাঁস্পাতালের মাসিক বেতন ভিন্ন কাহার আছে কিছু নিতে এ পর্যান্ত দেখিনি।"

মিসেদ্ মুখার্জী নয়নভারার শুশ্রুষায় নিজের সমস্ত শক্তি নিংশেষ করিয়া হাঁম্পাভালে ফিরিয়া আসিয়াছিলেন; আসিয়াই তিনি শ্যা গ্রহণ করিলেন। হাঁম্পাভালের ডাক্তার মিদ্ স্মিণ্ তাঁহার গুণে মুগ্ধ হইয়া তাঁহাকে আপন কলার লায় স্নেহ করিতেন, সংবাদ পাইবা মাত্র আসিয়া তাঁহাকে দেখিয়া তাঁহার শুশ্রুষার বিশেষরূপ বন্দোবস্ত করিয়া দিলেন, নিজে তাঁহার চিকিৎসা করিতে লাগিলেন।

মিসেশ্ মুথাজীর পীড়ার সংবাদ যথন নয়নতারার কাণে গেল, কালবিলম্ব না করিয়া সে হাঁস্পাতালে আসিয়া উপস্থিত হইল। মিসেশ্ মুখাজী তথন জ্বরে অটেতক্স, নয়নতারাকে চিনিতেই পারিলেন না। কিন্তু নয়নতারা আজ তাঁহার সজ্জা-বিহীন মুখে কি জানি কিসের আভাস পাইয়া কয়েকবার অনিমেষ নেত্রে তাঁহাকে নিরীক্ষণ করিয়া মিস্ স্মিণ্কে মিসেস্ মুখাজীর পরিচয় জিজ্ঞাসা করিলেন। বাড়ীতেও নয়নতারা মিসেস্ মুখাজীকে কয়েকবার তাঁহার

1

#### অলকণ

পরিচয় জিজ্ঞাসা করিয়াছিলেন, কিন্তু স্বন্নভাষিশী ধাত্রী এ সম্বন্ধে বিশেষ কিছু বলেন নাই।

নয়নভারার অনুরোধে মিস্ স্মিথ বলিলেম—"কয়েক বৎসর হইল, হাঁস্পাতালের কিছু দুরে রাস্তার কাদার উপর ওঁকে অজ্ঞান অবস্থায় পাই. সেই হ'তে উনি এখানেই আছেন। বেশ স্থাশিক্ষতা দেখে আমি চিকিৎসা বিষয়ে বিশেষ ভাবে শিক্ষা দিয়া এই কাজে নিযুক্ত করি: ওঁর নাম কি তা জানি না. মিসেস্ মুখার্জী বলেই আমরা ওঁকে জানি। অনেক চেষ্টাতেও কোম পরিচয় জানতে পারিনি: নিজের কথা উনি কোন দিন কাকেও বলেন না। ওঁর কাছে একখানা ফটো আছে. আজ সকালে হঠাৎ ওঁর বাল্লের চাবি আমাকে দিয়ে বলেছেন, ওঁর যদি মৃত্যু হয়, শাশানে যখন দেহ পুড়ে ছাই হ'বে, ভার পর সেই ফটোখানির সঙ্গে ওঁর নিজের ফটো একটো বাঁধিয়ে যেন যত ক'রে হাঁস্পাতালে রেখে দেওয়া হয়। বউ! আপনি যদি ইচ্ছা করেন, এই চাবি নিয়ে সে ফটোখানা দেখতে পারেন।"

নয়নতারার নিশাস রুদ্ধ হইয়া আসিয়াছিল, হৃদ্পিণ্ডের স্পান্দন ক্রেডতর হইয়াছিল। মেমের নিকট হইতে চাবি লইয়াই সে মিসেস্ মুখার্জ্জির বাক্স খুলিয়া কেলিল। কটোখানি দেখিল তাহার স্বর্গান্তা জননীর!

বিকারের খোরে একজন ধাত্রীর হাত হইতে অডি-কলোনের শিশি সজোরে ফেলিয়া দিয়া মিসেস্ মুখার্জ্জা চীৎকার করিয়া উঠিলেন—"বেরো বেরো অলক্ষণা বাড়া -থেকে বিদেয় হ।"

হাত হইতে কটোখানা কেলিয়া উদ্মন্তার মত ছুটিয়া আসিয়া, নয়নতারা তুই হাতে মিসেস্ মুখাৰ্জ্জিকে জড়াইয়া ধরিয়া মুখের উপর পড়িয়া, সম্মেহে চুম্বন করিতে করিতে ব্যাকুল কঠে বলিল—"শোভনা! স্থলকণা! দিদি আমার! ক্ষমা কর। আর ও-কথা বল্ব না, চির অভাগিনি! আর তোমায় তুঃখ দেব না।"

শোভনা একবার উদ্প্রান্ত দৃষ্টিতে গৃহের চ্ছুদ্দিকে 
চাহিয়া মৃত্ন হাসিল। সেই হাসিই যে তাহার শেষ হাসি 
—নয়নতারা তাহা বুঝিল না। কাঁদিতে কাঁদিতে আসিয়াছিল, শোভনা হাসিতে হাসিতে, পৃথিবীর নিকট শেষ 
বিদায় লইল!

# হ্যালির ধূসকেতু

#### প্রথম পরিচেছদ।

ক্রেদিন রাত্রে বেণীপ্রসাদের সঙ্গে রামত্লারীর বেশ একটা বাঁতিমত কলহ হইয়া গেল। এতটা যে হইবে তাহা কাহারই জানা ছিল না, প্রথমে একট। সামান্ত বিষয় লইয়া কথা কাটাকাটি করিতে করিতে ক্রমে কলহটা গুরুতর রকমের হইয়া পড়িল। রাগের মাধায় রামত্লারী বলিয়া বসিল—"কল্যাণী মায়ি করুন ভোমার মুখ যেন আর আমায় দেখুতে না হয়, আজকের ঝণড়াই যেন আমাদের শেষ ঝগড়া হয়।" বেণীপ্রসাদও তৎক্ষণাৎ ভাহার উত্তরে বলিল—"আহা তাই হোক্, কল্যাণী মায়ি ভোমার মন্সা পুরা করুন। আর আমিও বদি বথার্থ পুরুষ হই ভোমার মুথ আর দেখ্ব না। তোমার ভারি তেজ, কিন্তু জেনে রেখ! মনে করলে তোমার তেজ আমি একদিনে ভাঙতে পারি। তোমার মত দশটা বড় মানুষের মেয়ে বিয়ে করে এনে ভোমাকে তা'দের দাসী করে রাখতে পারি।"

সামীর কথার রামত্বলারীর ক্রোধ বিগুণ হইল,— শাঁন,

- যত বড় মুখ নয় তত বড় কথা ! আমার বাপের খেরে
মানুষ উনি, দশটা বিয়ে করে এনে আমাকে তা'দের দাসী
করে রাথতে পারেন ?" এমন কথা রামত্বলারীর মুথের

· উপর বলিতে বেণীপ্রসাদের সাহস হইল ! সে ভাবিল
স্বামীর মুখে এমন কথা শোন্বার চেয়ে আমার মরণ হ'ল
না কেন ? রাগে অভিমানে রামত্বলারী ফুলিতে লাগিল,
তাহার আর বাক্যক্ষ্বিত্তি হইল না. কাঁদিতে কাঁদিতে উঠিয়া
শ্যায় গিয়া ওড়নায় মুখ ঢাকিয়া পড়িয়া রহিল।

বেণীপ্রসাদ গন্তীর মুখে নিঃশব্দে গৃহের বাহির হইয়া গেল। রামতুলারীর অভিমান চতুর্গুণ বৃদ্ধি পাইল; তাহার নয়নে বান ডাকিয়া গেল। কাঁদিতে কাঁদিতে সেমনে মনে প্রভিজ্ঞা করিতে লাগিল, জীবনে আর বেণী-প্রসাদের সঙ্গে কথা কহিবে না। পূর্ববাপর সকল কথা মনে মনে আলোচনা করিয়া যতই তাহার অভিমান বৃদ্ধি পাইতে লাগিল, প্রতিজ্ঞাটা দৃঢ় করিবার জন্ম ততই সেমনে মনে ভাবিতে লাগিল কথা কহিব না,—না, কখনই না,—কোন-মতেই না,—কিছুতেই না,—পায়ে ধরিয়া সাধিলেও না!

# হালির ধূমকেতু

কাঁদিতে কাঁদিতে রামতুলারী ক্লান্ত হইয়া পড়িল, রাগও কতক পরিমাণে শান্ত হইয়া আসিল, কিন্তু তখনও বেণী-প্রসাদ কিরিয়া তাহার অশ্রুসিক্ত মুখখানি হইতে ওড়না সরাইয়া, আদর করিয়া তাহার রোদন স্ফীত আঁখি ছটি নিজের রুমালে মুছাইতে আদিল না! একে একে ঘড়িতে তিনটা বাজিয়া গেল তবুও বেণী প্রসাদ তাহার শধ্যাপার্শে আসিয়া, অন্তদিনের মত সাদরে বাহুবেষ্টনে বাঁধিয়া মুখের উপর হইতে চূর্ণকুম্বলগুলি সন্নাইতে সরাইতে কোমল কণ্ঠে "আউর মত রোও পিয়ারী—" বলে তাহার মলিন মুখে र्हात्र कृषे। हेवात महत्य ८०के। कतिल ना! तामकुलाती বিশ্মিতা হইয়া ছারের দিকে চাহিয়া রহিল ! প্রতি মুহূর্ত্তেই বেণীপ্রসাদের আগমন প্রতীক্ষা করিতে করিতে শেষ রাত্রির ঠাণ্ডা ছাওয়ায় কে জানে কোনু সময় ক্লান্ত (पट मन लहेशा (म चूमाहेशा शिष्टल।

গৃহের বাহির হইয়া বেণীপ্রসাদ একেবারে বাহির বাটীর ছাদে আসিয়া চতুর্দিকব্যাপী অন্ধকারের মাঝে ভারাক্রান্ত হৃদয় ও চিন্তাকুল মন্তিক লইয়া কিছুক্ষণ নিস্তক্ষভাবে বসিয়া রহিল ৷ তারপর কি ভাবিয়া ছাদ হইতে নামিয়া নিজের পাঠগৃহের দার খুলিয়া বাভি জ্বালিয়া টেবিলের উপর হইতে খানকতক সংবাদ পত্র লইয়া আগ্রহের সহিত তাহার বিজ্ঞাপন গুলি দেখিতে লাগিল। দেখিতে দেখিতে তাহার মুখ কিঞ্চিৎ প্রফুল্ল হইয়া আসিল, সংবাদ পত্র বথাস্থানে রাখিয়া বাতি নিবাইয়া আবার ছাদে গায়া অশাস্ত-চিত্তে,সেই অন্ধকারের মধ্যে পরিভ্রমণ করিতে লাগিল। আজ তাহার প্রাণে এক নূতন সঙ্কল্লের উদয় হইয়াছিল, পত্নীর প্রতি বিরক্তি বশতঃ গৃহে ফিরিতে ইচ্ছা ইতেছিল না।

বেণী প্রসাদ সঘংশের কিন্তু নিতান্তই দরিল্রের সন্তান।
তাহার শশুর স্বর্গীয় লালা শক্ষরনারায়ণ বিপুল সম্পত্তির
অধিকারা ছিলেন। তিনি একমাত্র পুত্র ত্রিবেণীনারায়ণকে
যেমন অত্যাধিক আদরে লালন পালন করিয়া ছিলেন,
তেমনি উপযুক্ত শিক্ষাও দিয়াছিলেন। বেণীপ্রসাদকেও
তিনি শৈশবাবধি আপন গৃহে রাধিয়া পুত্রাধিক স্নেহে
লালন পালন করিয়াছিলেন। পিতামাতা অবর্ত্তমানে
পুত্র ত্রিবেণীনারায়ণও আপন কনিষ্ঠার স্থায় পরম যত্ত্বে
বেণীপ্রসাদকে রাথিয়াছেন ও স্থশিক্ষা দিভেছেন।
ত্রিবেণীনারায়ণ এখানকার একজন বড় দরের উকিল;
ইচ্ছা, বেণীপ্রসাদও আইন পরীক্ষা দিয়া তাঁহারই ব্যবসা
অবলম্বন করে; ভাই নাই, ভাইয়ের স্থান অধিকার করিয়া
চিরদিন তাঁহার সহিত একগৃহেই অবস্থান করে। বেণী-

# হ্যালির ধুমকেতু

প্রদাদেরও ইহ। আন্তরিক ইচ্ছা। কিছু পিতৃ ঐশ্র্যা-গর্বিতা রামন্তলারীর আচরণ, সময়ে সময়ে তাহাকে বডই মর্মাহত করে: বেণাপ্রদাদ রামতুলারী অপেকা তিন বৎসরের মাত্র বড় ছিল, সেইজন্য স্বামা বলিয়া রামদলারী তাহাকে বত একটা সম্মান দেখাইত না। তাহা ভিন্ন শৈশব হইতে একস্থানে পালিত হওয়ায় তাহাদের উভয়ের মধ্যে ভালবাসার যেমন বাজলা ছিল বিবাদ বিসংবাদেরও তেমনি অপ্রতল ছিল না। অধিকাংশ স্থলে তাহাদের কলহের মূলে রামতুলারীরই দোষ থাকিত কিন্তু সকলেই ভাহার সকল কার্যা চিরদিন বড স্লেহের চক্ষে দেখিত. এমন কি বেণীপ্রদাদ নিক্তে তাহার নিকট লাঞ্ছিত হইয়াও কোনদিন তাহার প্রতি বিরূপ হইয়া থাকিতে পারিত না। অনেক সময় তাহার ফুন্দর মুখের রুচ कथा शामा व्यवस्मीय स्टेलिश (वनी श्राम मण्डतानस्यव মুখ সৌভাগ্যের সহিত পিতৃভবনের চু:খময় অবস্থা ও বিমাতার তুর্ব্যহারের তুলনা করিয়া দহ্ম করিয়া যাইত। বেণাপ্রসাদের সঙ্গে রামতুগারীর কলহ ক্রমে নৈমিত্তিক ব্যাপার হইয়া উঠিয়াছিল, খুটি নাটি লইয়া ভাহাদের ঝগড়াও যেমন শীঘ্ৰ হইচ আবার ভাব হইতেও দেরী লাগিত না। রাগের সময় যাহা মখে আসিত রাম্

ভাহাই শুনাইয়া দিত, আবার একটু পরেই হয়তো রাগ শান্ত হইলে, স্বামীকে সাধ্যসাধনা করিয়া কথা কহাইত। বেণীপ্রসাদও ভাহার স্বরমা রঞ্জিত মনোমোহন চোখ হিটি, টিকুলি ও নথ্নি-শোভিত গোলগাল হাদি হাদি মুখ-খানি দেখিলে ভাহার শত অপরাধ ভূলিয়া যাইত; কিন্তু আজিকার কলহের পূর্ববাপর সকল কথা ভাহাকে নিতান্তই ব্যথিত করিয়াছিল, ভাহার নিদ্রিত আজু সম্মান বোধ জাগাইয়া দিয়া ছিল, ভাই অন্যদিনের মত আজ আর সহা করিতে পারিল না।

প্রভাতে বেণী প্রসাদ রাত্রির ঘটনা মনোমধ্যে গোপন রাথিয়া ত্রিবেণীনারায়ণের নিকট সংবাদপত্রে কর্ম্ম-থালির বিজ্ঞাপন দেখাইয়া ও আপনার সক্ষপ্র জানাইয়া তাঁহার অসুমতি প্রার্থন। করিল। ত্রিবেণীনারায়ণ বিজ্ঞা-পনটা হাতে করিয়া কিছুক্ষণ চিন্তা করিলেন—চাকরীটা মন্দ নয় বটে, উন্নতিরও বিশেষ আশা আছে, তবে দূর অনেকটা, চাকরীর অসুরোধে সম্প্রতি অভ দূরদেশে ষাওয়ার কোন প্রয়োজন দেখিনা, আরও সূটো বছর কলেজে থেকে ওকালতি পাশ করে আমার কাছে থেকেই এখানকার কোটে ওকালতি করতে পারে, তাতে উপার্জ্জন এম চেয়ে বেশী বই কম হবে না ও সেই ভাল বুঝিয়া ত্রিবেণীনারায়ণ

# হালির ধুমকেতু

বলিলেন—"সেই ভাল বেণী। বেমন কলেজে পড়্চ তেমনি পড়। মিছামিছি এত দূরে চাকরী করতে যাবার আবশ্যক নাই! আমার কাছে থেকে ওকালতিতে পরে তুমি ঢের বেশী উপার্চ্জন করতে পারবে। এরই মধ্যে এত তাড়া কিসের ? সংসারের ভার তো আমার উপর, সে জন্ম তো তোমায় কিছু ভাবতে হচেচ না ?"

বেণীপ্রসাদ সকলি বুৰিল, কিন্তু পত্নীর ব্যবহার ভাহার অসহনীয় হইয়া উঠিয়াছিল, রামত্বলার গভরাত্রির প্রত্যেক বাক্য আজ এখনও পর্যান্ত ভাহার অন্তরকে বিদ্ধ করিতেছিল। গর্বিতা পত্নীকে কিঞ্চিৎ শিক্ষা দিবার বাসনা ভাহার মনে প্রবল হইয়াছিল! ত্রিবেণীনারায়ণের অসম্মতি আজি ভাহাকে সক্ষল্লচ্যুত করিতে পারিল না। ক্রমে বহু তর্ক বিতর্কের পর অবশেষে ভাহার সম্মতি লইয়া কর্ম্মের জন্ম আবেদনপত্র পাঠাইয়া কেশীপ্রসাদ কর্ম্মন্থলে যাইবার আয়োজনে ব্যাপ্ত হইল।

সপ্তাহ মধ্যে বেণী প্রসাদ বিদেশে চাকরী করিতে যাইবে ইহা সকলেই জানিতে পারিল, একথা রামত্নারীরও কর্ণে গেল, কিন্তু সে কাহাকেও কিছু বলিল না, এবারকার কলহের কথা কাহারও কাছে প্রকাশ করিল না, কেবল আপন মনেই রাগে ও অভিমানে ফুলিতে লাগিল। বেণী- প্রসাদ ব্যস্তভার ভাগ করিয়া শহিরে বাহিরে ফিরিভে লাগিল, ভাহার দিকে ফিরিয়াও চাহিল না।

প্রবাদযাত্রার পূর্নের বাটার সকলের নিকট বিদায়
। লইয়া দেণীপ্রসাদ একনার শয়ন কক্ষে আসিল, রামগুলারী
পুত্রকে কোলে লইয়া ছুগ্নপান করাইতেছিল। কয়দিনের
পর সামাকে গৃহে প্রবেশ করিতে দেখিয়া অভিমানিনীর
। অভিমান উগলিয়া উঠিল, নয়ন কোনে অশ্রুণ দেখা দিল।
কিন্তু, পাছে তাহার চোখের জল ধরা পড়ে — বেণীপ্রসাদের
অনাদরে রামগুলারী মরমে মরিয়া আছে, পাছে এ কথা
প্রকাশ হইয়া পড়ে, সেই ভয়ে তাড়াতাড়ি কোলের
ছেলে দোলায় শোয়াইয়া, অন্য ঘার দিয়া ক্রতগভিতে গৃহ
হইতে চলিয়া গেল।

স্বামীর প্রতি তাচ্ছল্য দেখাইবার জন্ম রামতুলারী
চঞ্চল পদে ঘর হইতে বাহির হইয়া গেল বটে, কিন্তু
বেণীপ্রসাদের নিকট তাহার মনোভাব গোপন রহিল
না। তাহার বিষয়া মুখচছবি, অসংস্কৃত বেশভ্ষা, অবিহাস্ত
কেশপাশ তাহার অন্তরম্ব ক্লোভের সাক্ষ্য দিয়া গেল।
নিমিষের জন্ম বেণীপ্রসাদের প্রাণে ব্যগা লাগিল, সকল মান
অপমান বিবাদ বিসংবাদ ভুলিয়া তাহাকে সাদরে ফিয়াইয়া
আনিবার অভিলাষ হইল। বিদায় মুহুর্ত্তে পত্নীর অন্তভঃ

# হ্যালির ধৃমকেতু

হাসিমুখ দেখিয়া ষাইবার আশা প্রবলত । হইরা উঠিল, কিন্তু মনে পড়িল "হাঁথী ক। দাঁত আউর মরদ কা বাত;" বেণীপ্রসাদকে আত্মসম্বরণ করিতে হইল, আর অগ্রসর হইতে পারিল না। ফিরিয়া দোলনা হইতে পুত্রকে বুকে তুলিয়া লইয়া আদর করিল, হাসাইয়া, নাচাইয়া তাহার কচিমুখে শত চুম্বন দিয়া, স্নেহভরে তাহাকে বছক্ষণ নিরীক্ষণ করিয়া, পুনরায় দোলনায় শয়ন করাইয়া র্থা রামদ্রলারীর দর্শনাশায় ইতন্ততঃ দৃষ্টি করিতে করিতে দীর্ঘনিখাসের সহিত বহির্বোটীতে আসিল।

বেণীপ্রসাদ চলিয়া গেলে রামতুলারী গৃহে দ্বার রুদ্ধ করিয়া আবার ওড়নায় মুখ ঢাকিল।

#### দ্বিতীয় পরিচেছদ।

বেণীপ্রসাদের প্রবাস গমনের পরদিনই আকাশে शालित धुमरककु रमश मिल। ছোট वर्फ अरनरक हे विलल "এবার লক্ষণ বড় ভাল নয়।" চাকরাণী মহলে কথা উঠিল আকাশে যখন "বঢ়ানি" # উঠিয়াছে তখন এ বৎসর লোকের প্রাণ বাঁচান ভার হইবে; ওই বঢ়ানি যখন দেশের আনাজ (ধান, গম, জনারি, বজারি, মুগ, কড়াই প্রভৃতি ) ঝাড়ু দিয়া লইয়া যাইবে তখন কি আর দেশে किছु बोकिरव ? जकरल ना थाहेग्रा मात्रा याहेरत। व्यत्नरकहे একথা শুনিল। শীঘ্ৰ শীঘ্ৰ বাহাতে ধূমকেতু পৃথিব। **इहें एक यात्र जारात क्रम अस्तिक एक यानिल।** সকলেরই মনে অল্প বিস্তর ত্রাসের সঞ্চার হইল। বাডীর চাকর দাসীদের মুখে রামত্বারীও শুনিল কিন্তু তাহার মনে বিশেষ কোন ভাবের উদয় হইল না, কথাটি বেশীক্ষণ মনেও রহিল না। আজকাল তাহার মনে বেণী প্রলাদের **চিন্তাই প্রবল হইয়াছে। তাহার অদর্শনের ক**ফটই

পশ্চিমে সাধারণ অশিক্ষিত লোক ধ্মকেতুকে "কানি"
 অর্থাৎ ঝাটা বলিয়া থাকে।

### হ্যালির ধূমকেতু

তাহাকে ব্যাকুল করিয়াছে, অস্থা কিছু ভাবিবার তাহার অবসর নাই। পাঁচ বৎসর বয়সে বেশী প্রসাদের সঙ্গে তাহার বিবাহ হইয়াছে আর এখন তাহার বয়স বাইস বৎসর, এই স্থদীর্ঘ কালের মধ্যে একদিনও ভাহাকে বেণীপ্রসাদের বিচ্ছেদ কফ্ট ভোগ করিতে হয় নাই. একটি দিনও তাহাকে তাহার অপেক্ষায় বসিয়া থাকিতে হয় নাই। শিশুকাল হুইতে আজু প্রায় বেণীপ্রসাদ তাহার শত অপরাধ ভূলিয়া সকল বিরোধ ঘুচাইয়া, নিতা নিয়মিত সময়ে হাসিমখে তাহার পার্শ্বে আসিয়া দাঁডাইয়াছে। কভদিন কত খুঁটি নাটি লইয়া তাহাদের কত ঝগড়া হইয়াছে, কখন বেণীপ্রসাদ তাহাকে, কখন সে বেণী-প্রসাদকে সাধিয়া কথা কহাইয়াছে। মান অভিমান হাসি কান্না তাহাদের নৈমিত্তিক কার্য্য ছিল কিন্ত কেহ কাহারও প্রতি রাগ করিয়া এক বেলা কাটাইতে পারিত না, একদিন কেহ কাহারও অদর্শন সহিতে পারিত না। কিন্ত এবার একি হইল! একট নিৰ্ম্ভন পাইলেই রামতুলারী বসিয়া ভাবিত এমন কেন इहेल ? "দোহাই মা কল্যাণী আমার অপরাধ নিওনা, দয়া করে তাঁকে ফিরিয়ে এনে দাও। এমন কাজ আর করব না। তেমন কথা আর ৰলব না।"

यामी हिला रात्न, तांश व्यक्तिमार विकास किया विद्रा विद्रा মনে রামতুলারী সমস্ত ভাবিয়া দেখিয়াছিল যে, বলিতে গেলে দোষটি তাহার নিজেরই সম্পূর্ণ। চির ক্ষমাশীল, চির প্রেমময় স্বামী তাহার অনুচিত ব্যবহার এ পর্যান্ত অনেক সহিয়া আদিয়াছেন। অনুতাপে রামদুলারার शास्त्र पक्ष वहेर्ड लागिल। निर्द्धत टार्थिय कल मृहिया দিনের পর দিন গণিতে লাগিল। ভাতার নিকট স্বামীর নিরাপদে পৌছান সংবাদ আসিল, আরও কয়েক খানা পত্র আগিল কিন্ত তাহার নামে কোন পত্র আগিল না। রামগুলারী লেখা পড়া জানেনা, নিজেও কোন পত্র দিতে পারিল না। ভটজি (ভারের স্ত্রা) বেশ লেখাপড়া জানেন, পিত্রালয়ে থাকিতে মিশন স্কুলে পড়িয়াছেন, এখানেও নিবেণীনাবায়ণের নিকট বিশেষ ভাবে শিক্ষা পাইয়াছেন। তিনি অনায়াসেই পত্রাদি লিখিয়া দিতে পারেন, কিন্তু তাঁহাকে সকল কথা জানাইবার সাহস তাহার নাই। জগতের মধ্যে সে ভউজিকে বত ভয় করে এত আর কাগকেও নয়, তাই তাঁহার কাছে অনেক কথাই তাহাকে গোপন রাখিতে হয়। আবার ভউজি ভিন্ন তাহার এমন আপনার লোকই বা কে আছে याशांक विश्वाम कतिया (कान कथा वर्तन वा (कान छथ

# হ্যালির ধূমকেতু

তুঃথের কথা জানাইতে পারে ? তাই মনের তুঃখ মনে রাথিয়া রামত্রলারী দিন কাটাইতে লাগিল।

মে মাসের দিন। কথন ভোর হইয়াছে ! কিন্তু বেলা যেন আর ফুরাইতে চাছিতেছে না, রৌদ্রও কমে না দিনও শেষ হয় না। 'ছরের বাহিরে রৌদু ঝাঁ। ঝাঁ করিতেছে, তু তু শব্দে 'লু' \* চলিতেছে, ঘরের মাঝে পাখার তলে বসিয়াও গর্মে প্রাণ ওষ্ঠাগত হইতেছে।

বাবু ত্রিবেণীনারায়ণের বাড়ীর চাকর বাকর অনেকেই এখনও দিবানিদ্রা ত্যাগ করিয়া কর্মে নিযুক্ত হইতে পারে নাই। পত্নী মোহনী ছেলে মেয়ে কয়টীকে লইয়া ঘরের মধ্যেই শয়ন করিয়া আছেন। মহারাজিন্ শ নীচের ঘরে বৃঢ়িয়ার সহিত গল্প করিতে করিতে পুদিনার চাটনি প্রস্তুত করিতেছে। আর রামত্বলারী নিজের শয়ন গৃহে বসিয়া নির্দিষ্ট সময়ের পূর্বেব জাগরিত পুত্রকে পুনরায় ঘুম পাড়াইবার চেন্টা করিতেছে। শিশুপুত্র স্থখলালকে কোলে লইয়া শিরে মৃত্ করাঘাত করিতে করিতে স্বর করিয়া রামত্বলারী বলিতেছে—

পশ্চিমে গ্রীয়কালের আঞ্চনে হাওয়।

<sup>†</sup> পাচিকা ব্রাহ্মণী।

"আ-জা-রী নিদিয়া তু আ-জা-রী আ !

শৈরে বালে কি আঁথেঁমে ঘুল্ মিল্ যা ।

হাট বাটমে গলি গলি মে, নীদ করে চক্ ফেরে;

সাম কো আওয়ে পুত স্থলাওয়ে উঠ্ যায় বড়ে সবেরে ।
আ জা নিদিয়া আ জা ! তেরী বালা জোহে বাট্,

সোনে কা হাায় পায়ে জিস্কা রূপে কী হায় খাট,

মখ্মল্ কা হায় লোল বিজৌনা, তাকিয়া ঝালরদার,

সওয়া লাখ হাায় মোতি জিস্মে, লটকেঁ লাল হাজার ।

চার বহু আওয়ে বালে কে, দো গোরা দো কালী,

দো ঝলাওয়েঁ দো খিলাওয়েঁ লে সোনে কী থালী।"

এমন সময়ে আপাদমস্তক রৌপ্যালকার-ভৃষিতা ফুললতা-চিত্রিত-রক্সিন-সাড়ী-পরিহিতা পঞ্চাশোর্দ্ধ বর্ষ বয়স্কা বৃদ্ধা পৈরাগিয়া ঘর্মাক্ত কলেবরে রামগুলারীর গৃহে উপস্থিত হইল।

রামতুলারী ঘুম পাড়ানিয়া গীত বন্ধ করিয়া সহর্ষে ভাহার দিকে চাহিয়া বলিল—"আরে! মেরী বৃন্ধা! \*
এত্না রোজ কেঁও ণ নহি আরো বুয়া ?"

- \* পিতার ভগিনী।
- **†** কেন।

# হ্যালির ধুমকেতু

কপালের ঘাম মুছিয়া পৈরাগিয়া তাহার পার্ছে বিদল।
বুড়ীকে ক্লান্ত দেখিয়া রামত্বলারী একটু অপেক্ষা
করিয়া কথাবার্তা আরম্ভ করিল। নানা কথার মাঝে সে
অমুরোধ করিল—"তু এক ভজন শুনায় দেও বুয়া।"

বুয়ার মুখে ভজন শুনিতে রামচুলারীর ভারি ভাল লাগে। কত লোক ভজন গাহে, কিন্তু পৈরাগিয়ার মত এমন ফুন্দর করিয়া খুব অল্প লোকই ভজন গাহিতে পারে, সে জন্ম শুধু রামন্তলারী নহে, অনেকেই তাহার গানের ভক্ত। যে একবার শুনিয়াছে সে বারবার শুনিতে চায়। ভজন গাহিতেও পৈরাগিয়ার আলস্থ নাই। ভোর পাঁচটা হইতে নিশীথ রাত্রি পর্যান্ত –খাইতে, শুইতে কর্ম্ম করিতে, পথ চলিতে, আপন মনে পৈরাগিয়া ভজন গাহিয়া নিজের মনের প্রসন্নতা রক্ষা করে। পূথিবীতে তাহার আপন বলিতে কেহ নাই: সকলি বিসর্জ্জন দিয়া একটি মাত্র পুত্র লইয়া পৈরাগিয়া সংসারে দাঁড়াইয়াছিল; কয়েক বৎসর হইল ভাহাকেও বিসর্জ্জন দিত্তে হইয়াছে! পুত্রবধু পিত্রালয়ে গিয়া আবার বিবাহ করিয়াছে, তাহার সহিতও পৈরাগিয়ার সম্বন্ধ ঘুচিয়াছে। সকলে ভাবিয়াছিল এইবার বুঝি পৈরাগিয়া পাগল হইয়া ঘাইবে, কিন্তু ঈশবের আশীর্কাদে ভাহাকে পাগল হইতে হয় নাই. পাডার লোকের কাহারও বুয়া, কাহার মউসি, কাহারও চাচী অথবা দাদী হইয়া, ভাহাদের বাড়ী বাওয়া আসা করিয়া, কথাবার্তা কহিয়া, ভজন গাহিয়া কোন রক্ষে দিন কাটাইয়া দেয়।

কামতুলারী ভজন শুনিতে চাহিলে অন্তদিনের মত গান আরম্ভ না করিয়া পৈরাগিয়া সবিধাদে কহিল—"ভজন কেয়া শুনোগী বেটী, হাঁস্নে বোল্নে কো দিন বিভা, আব জানু সাম্হাল্নে কি দিন আ গিয়া।"

রামত্বলারী উদ্বিগ্ন হইয়া জিজ্ঞাসা করিল—"কেও বুয়া ? য্যায়সা কেঁও বোলতী হো ? হুয়া কেয়া ?"

পৈরাগিয়া একটু ইতস্ততঃ করিয়া বলিল—"কেয়া 'বতাঁউ বেটি তুমহে ? তুম তো শুনতেহা কাঁপ উঠোগী ?"

রামত্বারী কোলের ছেলে ভূমে নামাইয়া পৈরাগিয়ার হাত ছটি ধরিয়া, সামুনয়ে ব্যাপার কি স্পায় করিয়া বলিতে বলিল। কোন অজানিত বিপদাশকায় তাহার হৃদয় কাঁপিতে লাগিল।

পৈরাগিয়া তখন ধৃমকেতুর উল্লেখ করিয়া বলিল—
"সত্রা তারিখ কো তো সূরজ নারায়ণসে আউর বঢ়ানিসে বড়ি লড়াই হোই; উস্কে পিছে আঠারা তারিখকো
ভূঁইডোল \* আওয়েগা, জিস্মে নীচে পিণী উপর হোগা,

<sup>#</sup> ভূমিকম্প ।

## হালির ধৃমকেতু

উপ্লর পিথী \* নীচে হোগা ৷ মানাই হাঁস্তে রহ্ যায়েগা, শোতে শোতে রহে যায়েগা, বৈঠে বৈঠে রহে যায়েগা'; কেহুকা বোল চাল কো ফুরসং না মিলেগা, যো যাঁহা রহেগা ভাঁহাই জান নিকাল যায়েগা !"

রামত্লারী বিশ্বায়ে চকু বিস্ফারিত করিয়া বলিল— "ইয়ে তো বড়ি ডর কি বাত হায় ব্য়া ? কেয়া, সচ্ য়্যায়সা হোগা ?"

পৈরাগিয়া বলিল— "আবরে! দেখো তামাসা! সচ্
নহে তো কেয়া ঝুঠ্ বাতাওয়েকে রহা! বেটী ইয়ে
তুমহারী হামারী বাত খোড়াই হ্যায়, ইয়ে তো সব পত্রি শ
মে লিক্খে গয়ে হাঁয়। মেরি ক্যা ? যাঁহা রহুক্সী হুঁয়াই
জান নিকল যায়েগা, কোই ডর কে বাত নহি হ্যায়।
ড'র তো বেটী তুহী লোগ কা হায়!"

বুয়ার উপর তো রামছলারীর দৃঢ় বিশ্বাস আছেই, তাহা ভিন্ন পত্রিতে যখন লিখিয়াছে, খোদ পণ্ডিভজীর মুখে বুয়া স্বকর্ণে শুনিয়া আসিয়াছে তখন তো আর ইহাতে সন্দেহ মাত্র ধাকিতে পারে না! রামছলারী তখন বিষধ ভাবে কিছুক্ষণ চিন্তা করিয়া আপন মনে

<sup>•</sup> পৃথিবী।

<sup>†</sup> পঞ্জিকা।

বলিল — উপ্পর পৃথ্বী নীচে আও্যোগা নীচে পৃথ্বী উপ্পর বায়েগা! উৎকৃষ্টিত চিত্তে ব্যাকুল কণ্ঠে রামাত্নলারী জিজ্ঞাসা করিল—"মেরি স্থখলাল ? বুয়া! মেরি স্থুখলালভী না জীয়েগা? মেরি ভাইয়া— আউর" রাম-তুলারী স্পান্ট করিয়া বেণীপ্রসাদের কথা আর জিজ্ঞাসা করিতে পারিল না।

্পৈরাগিয়া বিষধ হাসি হাসিয়া বলিল,—"আরে বওরাহী! \* ইয়ে নেহি সমন্তিহো, পৃখ্যী যব উলট্ পালট্ যায়েগা, তব, কাঁহা রহেগা স্থলাল, আউর কাঁহা তেরী ভাইয়া ?"

রামত্রলারী শিহরিয়া উঠিয়া ক্রোড়স্থিত সন্তানকে বক্ষে চাপিয়া ধরিল। ঝর্ ঝর্ করিয়া চক্ষে অশ্রু ঝরিতে লাগিল।

পৈরাগিয়া ব্যথিত হইয়া আপন অঞ্চলে তাহার অঞ্ মুছাইতে মুছাইতে বলিল—"না রোও বাচনা না রোও। রোয়কে কেয়া করোগী; ইয়ে তো সব নারায়ণকে খেল, ইসমে মানাইকে কিছু হাথ নহি হুগায়। চুপ্চাপ রহে যাও, যউন্ বলা হুগায় ভউন্ হোবেই করি, যউন্ হাল

<sup>\*</sup> পাগ্লী।

# হ্যালির ধূমকেতু

স্বকা হোই সো হাল তুমস্তকা হোই। নাহক রোয়কে কেয়া করোগী ?"

বহুক্ষণ এইরূপ কথাবার্ত্তার পর পেরাগিয়া রামতুলারার নিকট হইতে উঠিয়া গেল।

পৈরাগিয়া গৃহে ফিরিলে রামতুলারী ভৌজির নিকট এই সংবাদ লইয়া উপস্থিত হইল।

মোহনী বুঝিলেন ভাঁছার ক্ষাণ বুদ্ধি ননদটীকে এই আজগুলি সংবাদ শুনাইরা আবার কে পাগল করিয়া
দিয়া গিয়াছে। রঙ্গ দেখিবার জভ্য প্রকাশ্যে বলিলেন—
"সভ্যি নাকি ? ভবে তো মহা বিপদ দেখচি রামত্বলারী!
ভা হলে কি হবে ?"

রামন্তলারা উত্তর করিতে পারিল না, হত্তে মস্তক রক্ষা করিয়া স্তব্ধ হইয়া বসিয়া রহিল।

নোহনা হাস্ত গোপন করিয়া কৃত্রিম বিষণ্ণভার সহিত বলিলেন—"আমার ভো বাহোক এক প্রকার ভাল, সকলে এক ছানে অ হি, কোন ভাবনা নাই; মরি মরব এক সঙ্গে সব শেষ হয়ে যাবে, কিন্তু ভোমারই ভো ভাবনা, স্থলালের বাপ বিদেশে, আহা মরতেই যদি হয়, মরণ কালে একবার স্বামীর সঙ্গে ভোমার দেখা হবে না। কি আপশোষ" ্রামত্লারী নিজের চিন্তায় বিভোর, মোহনীর বিজ্ঞপ কিছুই বুঝিলনা, চক্ষের জল মুছিয়া বলিল—"নসীব! নহিলে এমনই বা হবে কেন ? আরও তো কতবার "ভূঁই-'ডোল" হয়েচে, কিন্তু এমন তো কখন হয় নি, এ সুরজ নারায়ণের সঙ্গে বঢ়ানির বিবাদ কিনা, এতে কি আর স্প্রি থাকতে পারে ?"

মোহনী উচ্ছ্বসিত হাস্থ-বেগ সম্বরণ করিয়া কহিলেন, "তাইত, এয়ে বিষম ব্যাপার !"

ভৌজীর নিকট কোন সান্ত্রনা না পাইয়া রামতুলারী আবার নিজের ম্বরে গেল। বহুক্ষণ চিন্তা করিয়া অবশেষে স্থির করিল, ১৯ তারিথের প্রলয়ের পূর্বেব বেণীপ্রসাদকে কর্ম্মান হইতে গৃহে আসিতে টেলিগ্রাম করাই তাহার স্থামার সহিত শেষ সাক্ষাতের একমাত্র উপায়। কিন্তু টেলিগ্রাম করে কাহার দ্বার। 
 অশ্রুজলে ভাসিয়া রামতুলারী ভাবিল রাগের মাথায় যাহ। বলিয়াছি তাহাই কি সত্য হইবে 
 এ জীবনে আর কি সে হাসিমুখ দেখিতে পাইব না 
 চিন্তাক্রিষ্ট অন্তরে রামাহলারী দেবমান্দরে গিয়া কর্যোড়ে পতির মঙ্গল কামনা করিল। রাত্রে শ্রুন করিতে গিয়া স্থামার সহিত বিচ্ছেদের ঘটনা আমুপ্রবিক স্মরণ করিয়া অশ্রুক্রদ্ধ কঠে সকাতরে কহিল

## হালির ধুমকেতু

হে না কল্যাণী! হে মায়ি! আমার অপরাধ মার্চ্ছন। কর! মহাপ্রলয়ের আগে একবার তাঁছার নিকট আমার অপরাধ স্বীকার করিয়া কমা ভিক্ষা করিবার সময় দাও!

দে দিন সমস্ত রাত্রি রামতুলারীর চিন্তা ও অশ্রুবর্ষণে অতিবাহিত ইইল। গ্রীম্মাধিক্যের জন্ম গৃহের বাহিরে ছাদের উপর স্থুখলালকে লইয়া রামতুলারী শয়ন করিয়া-ছিল। রাত্রি তিনটার সময় পূর্ববিদিকের আকাশে উ**জ্জ্ব**ল ধুমকেতু দেখা দিল; অফাদিনের ক্যায় কৌতুহলী দৃষ্টিতে আর সে তাহা দেখিতে পারিল না, সজল নয়নে কিছক্ষণ তাহার প্রতি চাহিতে চাহিতে তাহার মনে হইল, সেই ঝাঁটাকৃতি রক্তবর্ণ ধূমকেতু যেন তাহার রক্তজিহবা প্রসারণ করিয়া পৃথিবী গ্রাস করিতে আসিতেছে; বেন উজ্জ্বল নয়নে বিশেষ ভাবে তাহারই দিকে চাহিয়া বলিতেছে —"দে রামতলারী তোর স্বথলালকে আমায় দে. একে একে ভোর আপনার লোক গুলিকে আমায় সমর্পণ কর, শেষে তুই নিজেও আমার মুখে এই উচ্ছল আগুনের মাঝে ঝাঁপ দে।" ধূমকেতুর সে আহ্বান ধেন সে স্পষ্ট শুনিতে পাইল, শিহরিয়া রামগুলারী গুইহাতে চোধ ঢাकिল। চকু মৃদ্রিত করিয়াও নিস্তার নাই, মানস-নেত্রে সে সরজনারায়ণের সহিত বঢ়ানির ভাষণ যুদ্ধ দেখিতে

## হ্যালির ধুমকেতু

লাগিল। ছাদে শয়ন করিয়া থাকা তাহার অসাধ্য হইল, স্থলালকে বুকে করিয়া ভীতিবিহ্বল চিত্তে সে গৃহের কোণে আসিয়া নিজাহীন চক্ষে বসিয়া রহিল।

## তৃতীয় পরিচ্ছেদ।

প্রভাতে রামত্বলারী জাতুষ্পুত্র শ্রামলালকে বাইসিকেল কিনিয়া দিবার প্রলোভন দেখাইয়া গোপনে বেণীপ্রসাদকে টেলিগ্রাম করিতে সম্মত্ত করাইল। টেলিগ্রামে লেখা হইল, "পিসীমার সহিত শেষ দেখা করিবার ইচ্ছা থাকে তো অবিলম্বে এলাহাবাদে আসুন," টেলিগ্রামে নিজের নাম সহি করিয়া শ্রামলাল পুরস্কারের লোভে নিজে ভারছরে গিয়া তার করিয়া আসিল।

রামত্বলারী উৎকষ্টিত চিত্তে যুগপৎ স্বামীর আগমন ও অনিবার্য্য মহাপ্রলায়ের প্রতীক্ষা করিতে লাগিল।

টেলি গ্রাম পাইয়াই নেণী প্রসাদের মাথা ঘুরিয়া গেল। রামতুলারীর সঙ্গে শেষ দেখা—সেকি! এই ক'য়দিনের মধ্যে তাহার এমন কি ব্যায়রাম হইল ? সবিষাদে বেণী-প্রসাদ ভাবিল তাহার অনাদরে অভিমানিনী রামতুলারী না জানি কি বিভাট বাধাইয়া বসিয়াছে। নিজের অবিবেচনায় বেণী প্রসাদের মনে দারুণ অমুতাপ উপস্থিত হইল।

নৃতন চাকরী, সহজে ছুটী মিলিল না, কর্মে জবাব

দিয়া বেণীপ্রসাদ গৃহে ফিরিল। দেউড়িতে পা দিতে তাহার পা কাঁপিতে লাগিল, বুঝি বা কি অমঙ্গলের কথা তাহাকে শুনিতে হয়! কাহারও রোদনধ্বনি বুঝি বা তাহার কাণে যায়! উদ্বেগ-ব্যাকুল-চিত্তে বেণীপ্রসাদ অন্তঃপুর অভিমুথে অগ্রসর হইল, কিন্তু কোন দিকে কোন অশুভ চিহ্ন তাহাকে অধিকতর ব্যপিত করিল না। অন্তঃপুরে প্রবেশ করিয়া উপরে উঠিতেই ত্রিবেণানারায়ণ ও মোহনীর সহিত সাক্ষাৎ হইল। তাঁহারা হঠাৎ বেণাপ্রসাদকে দেখিয়া বিশ্বিত হইয়া গেলেন! বেণাপ্রসাদ ত্রিবেণানারায়ণকে টেলিগ্রাম দেখাইয়া রামছলারীর সংবাদ জিজ্ঞাসা করিল। তিনি তাহার স্কৃত্ব সংবাদ দিয়া শ্রামলালকে ডাকিয়া পাঠাইলেন।

শ্যামলাল আসিলে তাহার নিকট হইতে অনেক সংবাদ প্রকাশ পাইল। আগাগোড়া সকল কথা পরিদ্ধার হইলে মোহনী ত হাসিয়া আকুল। চিন্তার আধিক্যে রাম-ছুলারী যে তারিখ ভুলিয়া গিয়াছে, মোহনী ইহাও বুঝিলেন। ঘটনাটা তাহার খুবই আমোদজনক বোধ ছইল। ত্রিবেণীনারায়ণ হাসিয়া বলিলেন "তা বেশ ভালই হয়েছে, বেণীর চাকরী করার সাধটাও খুব অল্পদিনেই মিটে গেল।"

## হ্যালির ধুমকেতু

বেণীপ্রসাদ যখন রামত্লারীর ঘরে আসিল, কয়দিনের দারুণ উদ্বেগর সহিত যুগপৎ হর্ষ ও বিষাদে রামত্লারী মুচ্ছিতা হইয়া স্বামীর পদপ্রান্তে লুটাইয়া পড়িল। যখন জ্ঞান হইল কাঁদিতে কাঁদিতে সামীকে বলিল "এই শেষ, আর তোমায় দেখতে পাব না! কাল ১৮ তারিখ এই রাতটুকু শেষ হইলেই ক্চানির সঙ্গে সূরজনারায়ণের লড়াই বাধ্বে, পৃথিবী উল্টে যাবে, ব্চানির আগুনে তুনিয়া জ্বলে পুড়ে ছাই হয়ে বাবে!"

বেণীপ্রসাদ সাদরে পত্নীর মুখচুম্বন করিয়া হাসিয়া বলিল—"কাল ১৮ তারিখ তোমায় কে বল্লে? এখন যে ১৯ তারিখের রাত্রি! ভয়ের দিন তো কেটে গেছে। ওই দেখ, আকাশে ধৃমকেতু যেমন তেমনি আছে, কেবল তোমার রকম দেখে বাড়ীশুদ্ধ লোক হেসে আকুল হচ্চে!"

#### . . . . .

প্রভাতে বেণীপ্রসাদ মোহনীকে বলিল—"বহুন্তী লোকে বলে ধৃমকেতু অমঙ্গলের চিহ্ন, আমি তো দেখ্চি ধৃমকেতুর উদয়ে আমার স্মঙ্গলেরই সূচনা হ'ল।" \*

সতা ঘটনামূলক।

#### PEMA

## প্রথম পরিচেছদ।

তি ক্রাধ বরে যায় বেলা, শুধু হাসি-খেলা !

একি আর ভাল লাগে ?
অ'াখিতে অ'াখিতে মদির মিলন,
মধুর হুতাশে মধুর দুহন,

নিত নব অমুরাগে !

সপ্তাহব্যাপী বর্ষার পর একটি বিমল রবি-করোজ্জ্বল
নধ্যাক্তে কলেজের সর্ববেশ্রেষ্ঠ প্রতিভাবান্ ছাত্র অনিলকুমার
বর্ষন ছটি নালোৎপল আঁথির ধ্যানে আপন কর্ত্তব্যক্তের্যা
ক্রটি ঘটাইয়া কলেজের রসায়নাধ্যাপকের বিস্ময় উৎপাদন
ক্রিভেছিল, ঠিক সেই সময়ে জমিদার-ভবনের একটী
নিভ্ত কক্ষ প্রতিধ্বনিত করিয়া অবসাদগ্রস্ত হৃদয়ে
সমত্বংশ্বভাগিনী সমবয়কা ভাতৃজায়ার চিত্তে সহাম্মুভ্তি
জাগাইয়া স্বহাসিনী গাহিতেছিল—"শুধু হাসি খেলা একি
আর ভাল লাগে, স্থি! একি আর ভাল লাগে—।"

#### মিলন

তরুণীর মর্ম্মবেদনা যেন গানের স্থায়ে গুমরিয়া গুমরিয়া উঠিতেছিল। তাহার সজল আঁথির ব্যথা-ভরা দৃষ্টির সঙ্গে সজে সজিনীর কমলমুখ বিষাদ-মান করিয়া ধীরে ধীরে বায়ু তরঙ্গে মিশিডেছিল!

ক্রমে গান থামিল; গৃহ নীরব হইল। কণ্ঠস্বর যথন নীরব হইল, ছাদয়ের অভিব্যক্তি তথন নয়নে-নয়নে চলিল! বারিভরা নয়নের সে নীরব দৃষ্টি কভ কগা কভ ভাব ব্যক্ত করিল! ছাদয়ের কভ চিত্র তাহাতে প্রতিফলিত হইল! সরলা আবেশবিহবলা তরুণীকে আলিঙ্গনবদ্ধ করিয়া মনে মনে প্রতিজ্ঞা করিল, প্রাণপণ চেফ্টায় নিরপ্রাধার এ মনোবেদনা দূর করিব। স্বামীর সহিত স্তহাসিনীর মিলন ঘটাইব!

রায় বিশ্বস্তর চৌধুরার তৃতীয়া কল্যা স্থহাসিনীর তখন পূর্ণবোবন, অনুপম সৌন্দর্নো দেহটী ছেরা, অনাবিল হাদর-খানি গভীর প্রেমে পূর্ণ। আশা, আকাজ্জ্বা ও উৎসাহে উত্বল উচ্ছল!

পিতৃ-ভবনে তাহার আদর-যত্ন বিলাস-বিভবের অন্ত নাই। আত্মীয় বন্ধুর ফ্লেহ-প্রীতির অভাব নাই। তথাপি কেন যে হাস্ত-কৌতুকের অন্তরালে তাহার অন্তর ত্নংখের ভারে দিন দিন ভাঙ্গিয়া পড়িতেছিল, তাহা ভাতৃজায়া সরলা ভিন্ন আর কেহই বুঝিও না। সকলেই ভাবে তাহার দিন বড় হথে কাটে। বাহির হইতে সকলে হাস্যোজ্জ্বল মুখখানিই দেখে, কিন্তু অন্তরটি তাহার রাসোজ্জ্বল কি অঞ্চন্নান, হর্ষোৎফুল্ল কি বিষাদ-মধিত দে-খবর কেহ রাখে না।

পাঁচ বৎসর বিবাহ হইয়াছে; কিন্তু অনিলকুমার বা সুহাসিনী কেই আর দিতীয় বার শশুরালয়ে পদার্পণ করিছে পায় নাই। তুই তিনবার কুটুম্ব-গৃহে নিমন্ত্রণরক্ষা করিছে গিয়া দৈবযোগে সুহাসিনীর স্বামীসন্দর্শনের সোভাগ্য ঘটিয়াছিল মাত্র। তাহার পিতার সহিত শশুরের বিবাদ! মনাস্তরের মুলে উভয় পক্ষেরই আভিজ্ঞাত্যের অভিমান। স্কুভরাং কুটুমুল্যের মানের বোঝাপড়ার মাঝে পড়িয়া পরস্পারের সামিধ্যপ্রামী নিরাহ নবদম্পতি জাবনের স্থ-শাস্তি হারাইতে বসিয়াছিল।

শুশার সহায়তায় বহুচেফার ফলে সরলার প্রতিজ্ঞা পূর্ণ হইল। অনিল স্থহাসিনীর সাক্ষাৎলাভে সমর্থ হইল। কিন্তু হায়, কে জানিত এই ক্ষণিকের সাক্ষাৎই তাহাদের মহা অনর্থের কারণ হইবে! মিলনের মর্ক্ষণের মধুরতা অনুভব করিতে না করিতেই বিদায়ের অনা-কাজিকত অভিশপ্ত মুহূর্ত্ত আসিয়া পড়িবে!

#### মিলন

যথেষ্ট সাবধানত। সত্বেও অনিল ধরা পড়িল। আনন্দ-বিহবল মুগ্ধ দম্পতি শিহরিয়া মর্গ্মাহছচিত্তে পরস্পরের নিকট বিদায় লইল। ক্রোধে কোপন-স্বভাব বিশ্বস্তুর চৌধুরীর মুর্ত্তি ভীষণ ছইল। স্বহাসিনী মনে-মনে প্রমাদ্রগণিল। অনিলের সমনপথে নিবদ্ধ দৃষ্টি স্বহাসিনী নীরবে বিশ্বস্তুননীর চরণে পতির মঙ্গল কামনা করিল। অবিবেচক অভিভাবকের অন্যায় শাসনে শাসিত দম্পতির পরিণাম চিন্তা করিয়া সরলা স্তন্তিত হইল। আর এমন সঙ্কটের দিনেও কন্যা-জামাতার প্রতি স্কেগ্ প্রকাশে অসমর্থ উপায়ান্তরবিহীনা জমিদার-গৃহিণীর বক্ষ যেন ত্রুখের ভারে ভাঙ্গিয়া পড়িতে চাহিল।

#### \* \* \* \* \* \*

কোন রকমে কথাটা অতিরঞ্জিতভাবে অনিলের পিতার কর্ণে উঠিল! জমিদার ভূপাল রায় ব্বিলেন, তাঁহার আদেশ উপেক্ষা করিয়া শশুরালয়ে গিয়া অনিল অপমানিত হইয়া গৃহে ফিরিয়াছে। অহঙ্কৃত জমিদার- বয়ের এই সূত্রে বিবাদটা আরও ঘনীভূত হইয়া উঠিল। উভয়েই পিতৃশাসন উল্লেজনকারা পিতৃগর্বব-ধর্বকারী কুলালার পুত্র-কন্তাকে উচিতমত ভর্ৎসনা করিয়া পূর্ববা-পেকা কঠোরশাসন-গণ্ডীর মধ্যে আবদ্ধ করিলেন!

বছদিনের হডাশার পর অনিলের দ্বিতায় পত্র অসম্ভাবিতরপে সুহাসিনীর এস্তগত হইল। সে চিঠিতে আর কিছুই নাই, কেবল পত্রখানির ছত্তে ছত্তে গভীর অতুলনীয় প্রেমের বিকাশ আর আকুল গাহবান!

স্থাস একবার তুইবার বারবার সে পত্রখানি পাঠ করিল। বারবার সরলা তাহ। শ্রবণ করিল। তুটি মাজিমহাদয় বন্ধু স্থির করিতে পারিল না এখন তাহাদের কর্ত্তব্য কি ?

ক্ষণেক চিন্তার পর সরলা বলিল, "তুই একটু বোস ভাই, আমি একবার মা'র ঘরে যাই।"

সরলা চলিয়া গেলে স্থাসিনী লক্ষ্যহীন অবসাদগ্রস্ত মনটাকে স্থির রাখিবার জন্ম তাহার প্রিয়চিন্তা হইতে জ্বোর করিয়া সরাইয়া লইয়া একখানা পুস্তকের পৃষ্ঠার মধ্যে যুৱাইতে লাগিল।

স্থাসিনা বুঝিয়াছিল লোকে যাহাকে "স্থখ" বলে,
জগতের সেই চুল ভ লোজনীয় পদাথটির নিকট হইতে
চিরদিনই তাহাকে দূরে থাকিতে হইবে। পিতৃপ্রদন্ত
কোম্পানীর কাগজের স্থদ আর তালুকের বাৎসরিক আয়ব্যয়ের হিসাব করিতে করিতে, লোক দেখান মৌখিক
হাস্থামোদের তিতর দিয়া গুণটানা নৌকার মত তাহার

#### মিলন

জীবনটাকে কোনোরকমে মরণের দ্বারে পৌছাইয়া দিতে হইবে। ইহাই তাহার নিয়তি, তাহার ভাগ্যফল।

স্থাসিনী মনে করিল—"আছে। জাগ্যফল না কর্মাফল ? এজনা ত কর্মোর অবসরই পাইলাম না। পূর্বকজনা কি কর্মা করিয়াছিলাম যাহার এই ফল পাইলাম ? আমি কি আমার পুত্রবধূকে এমনই ভাবে বঞ্চিত করিয়াছিলাম ? কিন্তু তাহা হইলে যাহারা এজনা ঠিক এই কর্মা করিতেছে তাহারা পরজনা কি ফল পাইবে ?" স্থহাসিনা একট হাসিল।

পুত্রবধূ সরলার মুখে স্থাসিনীর জননী, জামাতার পত্রের কথা শুনিয়া অনেক চিস্তার পর স্থাসকে তাহার শশুরালয়ে পাঠানই স্থির করিলেন।

## দ্বিতীয় পরিচেছদ।

"অনিল !" পিতার জলদগম্ভীর স্বরে চমকিত হইয়া অনিল উঠিয়া দাঁড়াইয়া নতমুখে পিতার আদেশ প্রভাক্ষা করিতে লাগিল।

পিতা ভাবিলেন, "ছেঁ।ড়াটা একেবারে উচ্ছন্ন গেছে, পড়তে বসেছে তাও সেই ছোটলোকের মেয়ের ফটোখানা সামনে রেখে! ধিক্ পিতৃগর্ববর্ষবর্ষারী কুলাধম পুত্র! থাম, শীস্ত্রই এর উপযুক্ত প্রতিবিধান করচি।" তিনি সম্মুখের চেয়ারখানিতে বসিয়া একথানি পত্র পুত্রের হস্তে দিয়া কর্কশকণ্ঠে বলিলেন,—"দেখ দেখি চিঠিখানা কার হাতের লেখা! পাত্রীর পিতাকে আমার কোন্ শক্র এ চিঠি লিখলে ?"

অনিল পত্ৰখানি ঘুরাইয়া ফিরাইয়া দেখিয়া ধীরস্বরে উত্তর করিল, "আমি,—এ চিঠি আমিই লিখেছিলুম।"

. "কেন ? কার বুদ্ধিতে কোন্ সাহসে আমায় সুকিয়ে এমন চিঠি তুমি লিখলে ?

"আমি আর বিবাহ কোরবো না।"

"করবে না ?"

মিলন

"না"। রুদ্রমূর্ত্তি পিতার সমক্ষে অনিলের স্পান্ট উত্তর—"না।"

তুর্বল নিরীহ প্রজার দণ্ডমুণ্ডের কর্তা, শক্রের যম প্রবল-প্রভাগ ভূপালচন্দ্র রায়ের মুখের উপর এমন স্পষ্ট অস-মতি প্রকাশ করা! কি তুঃসাহস! কোধোত্তেজিত স্বরে বলিলেন—"না ? বিয়ে করবে না ? ওঃ স্পর্দ্ধা তো কম নয়! আমার হুকুম —ও ছোটলোকের মেয়ের মায়া ভাগা করে ভোমায় বিবাহ করতেই হবে।"

অনিল পূর্ববং দৃঢ়স্বরে বলিল—"না তা হবে না, আর যা' বলেন পারবো, কিন্তু আপনার এ অভায় আদেশ আমি পালন করতে পারবো না!"

পুত্রের উত্তর দিবার ভঙ্গী দেখিয়া ক্ষণেক স্তম্ভিতভাবে থাকিয়া বলিলেন—"জান, আমার আদেশ অমাশ্য করে আমায় অসম্ভুষ্ট করকে তোমায় আমি ইচ্ছা করি তো আমার বিপুল সম্পত্তি হতে বঞ্চিত করতে পারি ?"

অনিল নিরুত্তর রহিল।

ক্রোখোন্মন্ত জমিদার আবার বলিলেন, "শোন অনিল। যদি আমার অবাধ্য হও তোমায় আমি তাজ্যপুত্র কোরবো, আমার অতুল সম্পত্তি হতে সম্পূর্ণরূপে বঞ্চিত করে ভোমায় সম্বলহীন পথের ভিশারী কোরবো।" তথাপি অনিল নিরুত্তর ! .

ক্তিকণ বহু ভর্জ্জর্ম গর্জ্জনের পরও পুত্রকে নিরুত্তরে নতশিরে থাকিতে দেখিয়া অবশেষে অসুমান করিলেন, পুত্র ভীত হইয়াছে। সভাই তো সাধ করিয়া কে এমন পিতৃ-সম্পত্তি হইতে বঞ্চিত হইতে চাহে ? স্ত্তরাং মৌনই সম্মতির লক্ষণ বুঝিয়া তিনি পুত্রকে তাঁহার আদেশ বুঝাইয়া দিয়া সে গৃহ ত্যাগ করিলেন।

় সন্ধ্যার অন্ধকারে নিঃশব্দে সুহাসিনীর পাল্টা জমিদার ভূপাল রায়ের ভবনের অন্তঃপুরের একটি গুপ্তথারে নামিল। পাল্টা-বেহারা ও সঙ্গের লোকজন সকলেই নীরবে ফিরিয়া গেল।

কম্পিতহৃদয়ে ধার পদক্ষেপে সুহাসিনা ভিতরে প্রনেশ করিল। উচ্ছল দিবালোকে আনন্দের কোলাহলে চৌদিক ধ্বনিত করিয়া যেখানে তাহার রাণার মত গৌরবে দাঁড়াই-বার কথা, সেই স্থেখর স্বামী-গৃহে সে কি না আন্ধ্র সন্ধ্যার আঁধারে নিঃশন্দে চোরের মত গুপু-ঘার দিয়া প্রবেশ করিল! কোন্ পথে প্রবেশের স্থবিধা হইবে তাহাও অনিল পত্রে লিখিয়াছিল; এখানে যে অনিলের অপেক্ষা করিবার কথা; সে পথ দেখাইয়া না লইয়া গেলে স্থাসিনী কোথা যাইবে ? এ ভবনের সর্বস্থান তো তাহার স্থপরিষ্ঠিত নহে ?

#### মিলন

উৎকৃষ্টিভভাবে অবগুঠন স্বাইয়া স্থৃহাসিনী একবার চতুদিকে চাহিল—একি! সহসা সন্ধার গন্তীর শন্ত্যধ্বনি ও
ধূপ ধূনার সৌরভের সহিত মিশ্রকুত্বমের স্থাস ও
নহবতের এমন মধুর ধ্বনি কোথা হইতে আসিল ? প্রতি
পদক্ষেপের সঙ্গে সংক্র স্থ্হাসিনী যেন শুনিতে লাগিল
তঃসাহস! তঃসাহস!

প্রাঙ্গণে পা দিতেই যে সংবাদ স্থহাসিনার কর্ণে পৌছিল, ভাহাতে ভাহার মাথা ঘুরিয়া গেল। সুহাসিনী দেখিল অগণিত দাস দাসী আত্মীয়-কুটুন্থে গৃহ পূর্ণ, সারা-ভবনখানি আনন্দের হাস্তরোলে মুখরিত। শুনিতে পাইল প্রভাতে তাহার স্বামী অনিলকুমারের বিবাহ! মর্ম্মাহত-চিত্তে স্থহাসিনী ভাবিল এমনই যদি মনে ছিল, তবে কেন অমন চিঠি ভাহার স্বামী ভাহাকে লিখিলেন ? স্বহাসিনীর জন্ম যদি চরণে স্থান নাই, তবে কেন বুখা আশা দিয়া ভাহাকে খরের বাহিরে আনিলেন ? সেই চিঠি, যাহা লইয়া সে আজ পিতার অজ্ঞাতসারে জননার অমুমতি ও আশী-র্ববাদ মাত্র পাইয়া দীনবেশে পাগলিনীর মত ছুটিয়া আসি-য়াছে, এখনও যে ভাহা ভাহার নিকটে রহিয়াছে। সে বুঝিল এখানে আর তাহার কোনো অধিকার নাই, সামান্ত একজন দাসীর যে জোর—যে সম্মানটুকু আছে, এ সংসারে

আহার তাহাও নাই। এ গৃহে দীনহানা ভিখারিণীরও স্থান আছে, কিন্তু তাহার নাই। এথানেও সাঞ্রয় নাই, পিতার মর্য্যাদ। কুন্ধ করিয়া আসিয়াছে, সেখানেও সার ফিরিবার ' উপায় নাই! সে মনে মনে বলিল "হায়, কোন্ সাহসে, কি আশায় এ তঃসাহসের কাজ করিলাম।"

স্থাসিনী চক্ষে আঁখার দেখিল, মন্তিকের মধ্যে বিশ্বব্রুলাণ্ড ঘুরিতে লাগিল। আর এক পদও অগ্রসর হইবার
ভাহার সামর্থা রহিল না। আশক্ষা অমুভাপ ও উদ্বেশে
যথন ভাহার রক্ত হিম, দৃষ্টি ব্যাকুল, চরণ গভিশক্তিহীন—
কাহার মৃত্যুস্পর্শে চমকিত হইয়া মুখ তুলিতেই দেখিল
অনিল! রুদ্ধ নিশাদে পাংশু মুখে স্থাসিনী সন্মুখে
হেলিয়া পড়িল, ভাহার পদবয় আর ভাহার ভার বহন
করিতে পারিল না! প্রসারিতহন্তে অনিল আর্দ্ধ মুচ্ছিতাকে
রক্ষা করিল।

বধ্র কপাল ভাঙ্গিয়া বৈবাহিকের গর্বব খর্বন করিবার উৎকট আগ্রহে সুহাসিনীর শুশুরমহাশয় বহু ক্সমুসন্ধানে এক উপাধিধারী রাজার একমাত্র কন্মার সহিত অনিলের বিবাহ সম্বন্ধ স্থির করিয়াছেন।

রাজকন্মালাভের সঙ্গে সঙ্গে অন্ধেক নয়, ভবিষাতে অনিল উত্তারাধিকারসূত্রে শশুরের সমুদ্র সম্পতিই

#### মিলন

লাভ করিতে পারিবে এবং বিশহকারে যৌতুক-শ্বরপ যাহা পাইবে তাহাতে স্বন্ধ জমিদার মহাশারেও ঐশ্চর্যার্কির বিশেষ সহায়তা হইবে; অধিকস্তু বধু আপন অতুলনীয় রূপের দারা অনিলের হৃদয় হইতে স্থহাসিনীর ছবি—এমন কি তাহার শ্বৃভিটুকু পর্যান্ত নিংশেষে মুছিয়া দিতে পারিবে। এই অভাবনায় আনদ্দে জমিদার-দম্পতির হৃদয় পূর্ণ! বিবাহের মাসাধিকবাাপী উৎসব আয়োজনের মাঝে তাহাদের উৎস্ক-চিত্ত কেবল সেই শুভক্ষণের প্রতীক্ষা করিতেছে—যখন রাজপুত্রা কনকলতা বধুরূপে আসিয়া তাঁহাদের গৃহ উক্ষলে ও স্থহাসিনীর জীবন চিরবিষাদে আচহুর করিবে!

পিতার ইচ্ছায় বাধা দিবার পক্ষে অনিল, জননীর
নিকট কিছু সাহায্যের প্রত্যাশা করিয়াছিল; কিন্তু বুঝিল,
সে আশাও তুরাশা মাত্র। বিবাহে নিহান্তই অনিচ্ছা
বুঝিয়া জননী ধখন আগ্রহভরে তাঁহার ভাবী পুত্রবধূর
প্রতিকৃতিখানি তাহার হত্তে দিয়া তাহাকে স্থলররূপে
বুঝাইয়া দিলেন, এমন ছাতের লক্ষ্মী পায়ে ঠেলা তাহার
উচিত নয় এবং তাঁহায়া বর্তমান থাকিতে সে তাহা
পরিবেও না, তাঁহাদের আদেশ ও অভিলাষ অমুসারে
তাহাকে পত্নীভ্যাগ করিয়া দারান্তর গ্রহণ করিতেই

হইবে, সে তথন স্থান অনর্থক বাদানুবাদ অনুনয় বিনয় না করিয়া চিস্তাকুলচিতে নিজ কক্ষে চলিয়া গেল। যাইবার সময় কন্তের ফটোখানি লইয়া গেল।

ছবিখানি, আর ফিরিয়া না পাইয়া মা হাসিয়া ভাবি-লেন, "সুক্ষর মুখের জয় সর্বত্ত।" মত ফিরিতে দেরী লাগিবে না।

নির্জ্জন শয়ন-কক্ষে স্থহাসিনীর সষত্ব-রক্ষিত ফটো-খানির পার্শে কনকলতার প্রতিকৃতিখানি রাথিয়া পলকহীন নেত্রে কিছুক্ষণ নিরীক্ষণ করিয়া অনিল ভাবিল, হা স্বন্দরী বটে! কুমারীর দেহখানি যেন বসন্তের কুস্থম স্ব্যা লইয়া গঠিত। কিন্তু এ অতুলনীয় রূপরাশি কি জীবনব্যাপী অশান্তির ভাপে শুকাইবার জন্মই স্থট হইয়াছে! না কখনই না। যে আধারে তোমার শোভা শতগুণ বৃদ্ধি পাইবে, সৌন্দর্য্যের জীবন্তপ্রতিমা কনকলতা ভোমার আমি সেই আধারে রাধিতে ব্ধাসাধ্য চেন্টা করিব।

# তৃতীয় পরিচেছদ।

সুহাসিনীর যথন বোধশক্তি আবার ফিরিয়া আসিল, সে দেখিল আলোকোচ্ছল পূপ্প-গন্ধময় সুসচ্ছিত ক্লেফে সে তাহার প্রিয়তমের হর্ষোচ্ছল দৃষ্টির নিম্নে কুসুম-শয়নে পুষ্প-উপাধানে শায়িত!

কি আনন্দ। স্থাসিনা চতুর্দ্দিকে চাহিয়া একবার হাসিল। মনে হইল স্বশ্ন! স্বপ্ন ? তা হোক্ তুঃখিনীর ভাগ্যে সত্যকার তুঃখের চেয়ে স্থাপের স্বপ্নও ভাল। তাহাও প্রার্থনীয়, লোভনীয়!

তাহার মনে পড়িল ছয়বৎসর পূর্নেবর সেই ফুলশয্যার দিন। সে আপন মনে বলিয়া উঠিল—"ঠিক সেই দিনের মতই না ?"

স্থামাথা কঠে প্রশন্তমুখে অনিল উত্তর করিল, "হাঁ, স্থাস! ঠিক সেই দিনের মত সবই, কেবল সে দিন ঘরে অনেক লোক ছিল, অনেকের মাঝে তুমি আমায়, আমি তোমায় চিনেছিলাম, আর আজ সব বাধা-বিশ্ব-ভয় ভাবনাকে দূরে সরিয়ে তুমি আমায় আমি তোমায় প্রেছে। অতীতের দুঃখ ভূলে দেখ সুহাস আজ কেবল

আনন্দ উল্লাস, স্থ-শান্তি ৷ কি স্থন্দর জীবন আমাদের— কি স্থাধের মিলন !

\* \* \* \* \*

প্রভাতে কুস্ম-ভ্ষণা উষারাণীর সঙ্গে সঙ্গে এরোগণ সধনার উজ্জ্বল' বেশ-ভ্ষায় স্পাক্তিতা ইইয়া প্রসক্ষমনে মঙ্গলাসুষ্ঠানের জন্ম সন্মিলিত ইইয়া প্রতিক্ষণে অনিলের নিদ্রাভঙ্গের প্রতীক্ষা করিছে লাগিলেন। বধু স্থহাসিনীর আগমন অনিলের কৌশলক্রমে কাহারো গোচর ইইতে পায় নাই, স্তর্বাং সে সম্বন্ধে কাহারো মনে কোনই প্রশ্ন উঠিল না। কিন্তু বহুক্ষণ অতীত ইইল গাত্রহরিদ্রার লগ্ন উত্তীর্ণ ইইতে চলিল তথাপি অনিল বাহিরে আসিয়া শুভ অনুষ্ঠানে যোগ দিল না দেখিয়া পুরস্ত্রীগণ উৎকঠিতা ইইয়া উঠিলেন। আজিকার দিনে অনিলের এই অশিষ্ট আচরণে রুষ্ট জমিদার মহাশয়ের তর্ভ্জন গর্ভনে সারাভ্যনক কম্পিত ও নর-নারীগণ শক্ষিত ইইয়া উঠিল; ভ্তাদের প্রতি অনিলের শ্রনকক্ষের ঘার ভগ্ন করিবার আনদেশ দিয়া তিনি স্বয়ং তথায় উপস্থিত ইইলেন।

দার ভগা করিতে হইল না, অর্গলহীন রুদ্ধদার সামাস্ত আঘাতেই খুলিয়া গেল। প্রভাতের স্লিগ্ধ অরুণালোকে অতিমাত্র বিস্ময়ের সহিত সকলে দেখিলেন গৃহ শৃক্ত।

#### মিলন

অনিল নাই, কেবল সহস্র স্থগদ্ধি পুল্পের স্থবাসামোদিত কক্ষমধ্যে পালক্ষের উপর স্বত্তে রচিত একটি পুল্পাশ্ব্যা মধুনিশি অবসানে হর্ধ-বিহ্বল দম্পতির মিলন-স্মৃতি জাগা-ইয়া অলসভাবে পড়িয়া আছে।

পরদিন বৈকালে যে সময় বরের শোভাষাত্রা, বাহির হইবার শ্বির ছিল—অনুসন্ধানে প্রেরিত লোকজন ভগ্নমনে ফিরিয়া আসিয়া সংবাদ দিল—গতরাত্রে অনিলের সবিশেষ চেফীয় তাহার অভিন্তরদয় বন্ধু, কুমুদরঞ্জন রায়ের সহিত সর্ববসম্মতিক্রমে শুভক্ষণে রাজপুত্রী কনকলতার শুভপরিণয় স্বসম্পন্ন হইয়া গিয়াছে। বন্ধুর বিবাহে অনিল সন্ত্রীক উপস্থিত ছিল, ইহার পর তাহাদের আর কোন সংবাদ কেহ জানে না।

# বীণার বিবাহ।

())

• ৵িতিশোক-সন্তপ্তা সন্তঃ বিধবা প্রভাকে যখন
পাষাণে বুক বাঁধিয়া সংসারের দিকে ফিরিয়া চাহিতে হইল,
তখন তাঁহার দৃষ্টি প্রথমে তাঁহার একমাত্র স্নেহের ধন
কুস্থমকোমলা বালিকা বীণার প্রভিই পভিত হইল !
আজ সেই সংসার-জ্ঞান-বিহীনা আজন্ম স্থ্থ-পালিত।
সরলা বীণাপাণির দশা কি হইবে ? তাহার পিতার
অবর্ত্তমানে তাহাকে কে আশ্রয় দিবে, কে বত্ন করিবে ?

চতুর্দিকে পর্ববত্তমালা বেপ্তিত নানা বৃক্ষ সমাচছাদিত বিচিত্র বর্ণের বিবিধ পুষ্পালত। পরিশোভিত এই ক্ষুদ্র গৃহধানি স্থা দম্পতা স্থধাংশুনাথ ও প্রভার স্থবিমল চরিত্র-মাধুর্য্যে ও প্রফুল্লমুখা বীণাপাণির মধুর হাস্যে একদিন প্রকৃত শাস্তি-নিকেতন ছিল। বে প্রভা একদিন দেবপ্রতিম স্থামীর পবিত্র হৃদয়ের শ্রেষ্ঠ স্থুখ ক্ষমুভ্রব

## বীণার বিবাহ

করিয়াছিলেন, প্রিয়তম পতির সদা প্রফুল মুখখানির দিকে চাহিয়া প্রাণাধিক কতাকে বুকে লইয়া পৃথিবীতে স্বর্গের আজা দেখিয়াছিলেন, হায়! আজি তাঁহার নয়ন সম্মুখ হইতে নিয়তি সে আলোক অপসারিত করিল, তাঁহার সে স্থাধ-স্বর্গ মিলাইয়া গেল!

স্থধাংশুনাথ সচ্চরিত্র ও বহু সদগুণসম্পন্ন হ'ইলেও তাঁহার প্রধান দোষ এই ছিল যে, তিনি অমিতবায়ী ও অপরিণামদর্শী যুবক ছিলেন! অল্প বয়সে পিতৃ-মাতৃহীন ञ्चथाः भारत विश्वविद्याल दात्र विक्र कित-विद्या लहेगा জ্যেষ্ঠ ভাতার বহু নিষেধ সত্তেও গবর্ণমেন্টের চাকরি গ্রহণ করিয়া আত্মায়-সঞ্জন-বিহীন স্কুদুর পার্ববত্য-প্রদেশে আসিয়া তাঁহার কুদ্র সংসার পাতিয়া বসিয়াছিলেন। এখানে তাঁহার প্রিয় বন্ধু স্থারেশচন্দ্রের আন্তরিক যত্নে ও সাধ্বী পত্নী প্রভাবতীর সেবাগুণে জীবনান্ত পর্যান্ত তাঁহাকে প্রবাস বাসের কফ্ট ক**খ**ন **অনুভ**ব করিতে হয় নাই। পত্নী-প্রেম-মুগ্ধ কল্যা-মেছ মোহিত স্থধাংশুনাথের জীব-নের দিনগুলি বড় স্থাৰে কাটিতেছিল। প্রসন্নচিত্ত স্থাংশুর মুখে কখনও বিষাদের চিহ্নমাত্র লক্ষিত হয় নাই: ভবিষ্যতের কোন চিন্তা কথনও তাঁহার মনে স্থান পায় নাই।

জ্যোৎস্নাময়ী রজনাতে স্থানিজ্জত কক্ষে শুল্ল স্থানিজ্বল-শোভিতা হইয়া কুস্থম-স্বাসে গৃহ আমোদিত করিয়া প্রফুলমুখী বাণাপাণি যখন বীণা সংযোগে মধুর কঠে গাহিত—"তোমারি মধুর রূপে ভরেছ ভুবন"—তখন পুলকি তচিত্তে 'স্থাংশুনাথ বলিয়া উঠিতেন "দেখ, দেখ প্রভা! বীণা আমার কত স্থান্দর"! তাঁহার মনে, হইত সতাই বুঝি স্থরলোক-বাসিনা বীণাপাণি দয়া করিয়া কন্যারূপে তাঁহার গৃহ উজ্জ্বল করিতে আসিয়াছেন। প্রান্ত স্থাংশুনাথ একদিনও ভাবেন নাই যে, এ রক্স চিরদিন গৃহে রাখিতে পারিবেন না, একদিন স্থ-ইচ্ছায় অন্যের হাতে তুলিয়া দিয়া পিতার কর্ত্বরা পালন করিতে হইবে।

## ( २ )

বীণার জ্যেষ্ঠতাত হিমাংশুনাথ বীণার পিতৃ বন্ধু স্থরেশ-চন্দ্রের প্রেরিত টেলিগ্রামে ভাতার আকস্মিক মৃত্যু সংবাদে মর্ম্মাহত হইয়া ব্যথিত চিত্তে ভাতৃবধু ও ভাতৃপ্পুত্রীকে নিজ গুহে লইয়া আসিলেন।

শোকের প্রথম উচ্ছ্বাস ক্ষান্ত হইলে ক্রন্সনেম বেগ সম্বরণ করিয়া অঞ্চলে চক্ষ্ মুছিয়া বীণার জ্যেচাইমা কয়েক মুহূর্ত্ত বীণার দিকে চাহিয়া গালে হাত দিয়া বলিলেন—

#### বীণার বিবাহ

"ওমা এ মেরে কত বড় হরে উঠেছে! লোকের কাছে মুখ দেখাব কি করে গো!" বীনার দ্রসম্পর্কীয়া এক বিধবা পিসি প্রভাকে সম্বোধন করিয়া বলিলেন—"বলি হাঁা ছোট বউ, এত বড় আইবুড়ো মেয়ে ঘরে রেখে ভাত মুখে রুচ ছিল কি করে? খুব নিশ্চিক্ত হ'য়ে থাকতে পেরেছিলে যাহোক ত!" প্রভা অশ্রুপূর্ণ নেত্র নত করিয়া নিরুতেরে সকলের কথাই শুনিলেন। তাঁহার বলিবার মতও কিছু ছিল না, কেননা আজন্ম স্থপালিতা ত্রয়েদশ বর্ষীয়া বীণাকে দেখিলে পঞ্চদশ বর্ষীয়া কিশোরী বলিয়া লেম হইত।

কয়েক দিবস মধ্যেই এই কন্মা সম্বন্ধে কত কথাই না তাঁহাকে শুনিতে হইল, তাঁহার পরলোক গত স্বামীর ও তাঁহার এই স্ববিবেচনার জন্ম কত ভর্ৎ সনাই তাঁহাকে সহ্ করিতে হইল।

#### \* \* \* \* \*

দেখিতে দেখিতে নানা স্থুখ চুঃখের মধ্য দিয়া এক বৎসর কাটিয়া গেল। আদ<sup>ি</sup>রণী বীণা ও প্রভা শত নির্য্যাতন সহ্য করিয়া চোখের জল চোখে রাখিয়া বুকের ব্যথা বুকে ধরিয়া নিরবে দিনের পর দিন গণিয়া যাইতে লাগিলেন।

ধন-সম্পত্তিহীনা তুঃথিনী বিধবা কন্যার বিবাহের এখনও

কোন উপায় করিতে পারেন নাই। বীণার কোঠামহাশয় \_\_
ক্রমেই বাণাকে গৃহের আর্বর্জনা স্বরূপ মনে করিতে লাগিলেন। ভাল বা মন্দ যে কোন পাত্রের হন্তে বীণাকে শ্বস্ত করিতে পারিলেই যেন তিনি একটি বৃহৎ দায় হইতে মুক্ত হন। বীণার মায়ের যত হউক আর নাই হউক বীণার জ্যেঠাইমার লোকের কাছে মুখ দেখান ভার হইয়া উঠিয়াছে
"দেশে কি বর নেই গা, না ওর জেঠামহাশয় টাকা খরচ কর্তে নারাজ ? কিন্তু মেয়ে এমনি অপয়া যে ওর বর আর মিলচে না!"

#### (0)

দেখিয়া শুনিয়া প্রভা দিন দিন হতাশ হইতে লাগিলেন।
বীণার বিবাহের ভাবনা ভাবিতে ভাবিতে হিনাংশু বাবু
লেষে এক ছাপ্পান্ন বর্ধ বয়স্ক রন্ধের সহিত বীণার বিবাহের
সম্বন্ধ করিলেন। জ্যেঠাইমা বলিলেন—"যাহোক এতদিনে
ত বীণার আইবুড়ো নামটি ঘুচ্বে ?" প্রভা বড় যায়ের
চরণ অশ্রুসিক্ত করিয়া এ সম্বন্ধ ভক্ত করিবার ক্ষন্ত কাতরে
অমুনয় করিতে লাগিলেন। অবশেষে গর্বিতা যায়ের
কঠোর বাক্যে মন্মাহত হইয়া প্রভা তাঁহাকে দৃঢ়সক্ষে বলিলেন বীণার হাত ধরিয়া ভিক্তা করিয়া খাবেন তবুগু বুড়ার

#### বীণার বিবাহ

ুসঙ্গে বিবাহ দিবেন না। প্রভার বা একেই প্রভা ও বীণাকে ভার স্বরূপ মনে করিতেচিলেন, তাহার উপর আবার প্রভার প্রতিবাদে ক্রুদ্ধ হইয়া তিনি বলিলেন, "ঘোর কলি কিনা, ভাল কর্তে চাইলে মন্দ হয়! তা বাপু তোমার শক্তি থাকে বীণাকে ভাল বরে দাও না, আমাদের বা সাধ্যি আমরা তা করেছি। কিন্তু এও বলে রাখছি ছোট বৌ, ঐ আইবুড়ো মেয়ে নিয়ে আমার বাড়ীতে আর থাকা চল্বে না। তোমার জন্মে লোকের কাছে আমার মাথা হেঁট হচ্ছে, তোমার ভাস্থ্রের মুখ দেখান ভার হচ্ছে।"

প্রভা আপনার অবস্থা স্মরণ করিয়া চুপ করিয়া রহিলেন। আহার নিদ্রা ত্যাগ করিয়া কাঁদিয়াই তাঁহার দিন
অতিবাহিত হইতে লাগিল। ক্রমে তিনি পীড়িতা হইলেন।
একে আগ্রিতা, তাহার উপর আবার পীড়া! তাঁহার যা
ও ভাত্মর তাঁহার উপর নিতান্ত অসম্ভই হইলেন। বীণা
আর নিতান্ত ছেলে মামুষ নয়, এখন সকলি বুঝে; তাহারই
জন্ম যে তাহার মায়ের এই কট্ট ইহা বুঝিয়া সেও নির্জ্জনে
কাঁদিতে কাঁদিতে বলিত—"হে ঠাকুর, তুমি আমায় ডেকে
নাও, আমার বাবা যেখানে গেছেন সেই খানে আমায় নিয়ে
যাও, আমি আর মায়ের কট্ট দেখতে পারি না।"

## (8).

প্রভা আপনার অবস্থা স্বামীর বন্ধু স্থারেশচন্দ্রকে লিখিলেন।

ইহার কিছুদিন পরে স্থরেশচন্দ্র একদিন এই অনাথা বিধঝর গল্প করিয়া পরিচিত সমাজে ছঃখ করিতেছিলেন। সেখানে এম, এস, সি, পাস করা কান্দ্রিচন্দ্র উপস্থিত ছিলেন। কান্তি সব্জজের পুত্র। পর্ববভ্রাস কালে তিনি বীণাকে দেখিয়াছিলেন। তিনি বলিলেন—"আমি বিনা পণে বাণাকে বিবাহ করিব।"

উপস্থিত বন্ধুবর্গের সহিত সবিস্ময়ে স্থরেশচন্দ্র ইহা শুনিলেন। কাস্কিচন্দ্রকে তিনি বিশেষরূপ জানিতেন, তাহার কথায় তাঁহার বিশ্বাস জন্মিল। আশাতাত আনন্দে তাহার স্থায় তাঁহার বিশ্বাস জন্মিল। আশাতাত আনন্দে তাহার স্থায় পূর্ণ হইল। কিন্তু পরক্ষণেই তাঁহার মনে প্রশ্ম উঠিল, কান্তিচন্দ্রের পিতা ইহাতে সম্মত হইবেন কি ? ধনবান পিতা কি বিনা পণে এই সহায়সম্পত্তিহীনা বিধবার কল্যার সহিত তাঁহার একমাত্র শিক্ষিত পুত্রের বিবাহ দিতে স্থাক্তত হইবেন ?

স্থরেশচন্দ্রের অনুমানই প্রথমে সত্য হইল। কান্তি-

#### বীণার বিবাহ

ন্দক্রের পিতার নিকট যথন এ প্রস্তাব উপাপিত হইল তখন ইহাতে তাঁহার অসম্মতিই প্রকাশ পাইল। অবশেষে অনেক যুক্তি তর্ক, অমুরোধ উপরোধের পর বীণাকে পূত্রবধু করিতে তিনি স্বীকৃত হইলেন।

দেবতার শুভ আশীর্বাদের মত ধ্র্মন এ স্কুসংবাদ প্রভার কর্ণগোচর হইল, পীড়িতা প্রভা তথন আনন্দার্ভাতে বুক ভাসাইয়া পরিপূর্ণ প্রাণে যুক্ত করে পরমেশ্বের চরণে আপনার হৃদয়ের কৃতজ্ঞতা জ্ঞাপন করিলেন। তাঁহার মনে হইল দয়াময় হরি তবে বুঝি এতদিনে তুঃখিনীর কাতর প্রার্থন। শুনিলেন। প্রভার যা মৌখিক আনন্দ প্রকাশ कतिया वीगारक अञ्जल आगीर्वराष कतिरान वरहे. किन्न বীণার এ সৌভাগ্য সূচনায় তিনি মরমে মরিয়া গেলেন; **य्यारक् इंग्रेट कि कि मर्थ** हुन **इंग्रेस ना । जा हाफ़ा य्य** বীণাকে তিনি গলগ্ৰহ ভাবিয়া ও কেবলমাত্ৰ তাহার আইবুড় নাম ঘুচাইবার জন্মই নিভান্ত অযোগ্য পাত্রে অর্পণ করিতে কিছুমাত্র সঙ্কোচ করিতেছিলেন না সেই বীণাই কি না শেষে তাঁহার ক্যাদের অপেকাও অধিক সুখা হইতে চলিল! একি কম আপশোষের কথা । বীণার জ্যেঠাইমা দীর্ঘ-नियाम (कलिया ভाবিলেন, हाँ। अपमधिष्ठे। ভाल वर्षि ! একেই বলে পাতা চাপ। ৰূপাল।

কাল বীণার বিবাহ। অগ্রহায়ণ মাসের আর দিন
নাই; কাল একদিনেই গায়ে হলুদ বিবাহ সব হইবে।
উৎকণ্ঠিত চিত্তে বিনিদ্র নয়নে প্রভা প্রভাতের অপেক্ষায়
বসিয়া রহিলেন; শত সহস্র স্মৃতির তাড়নায় আজ তিনি
শ্যা গ্রহণ কবিতে পাবিলেন না।

প্রভাতে বরের পিতা সংবাদ পাঠাইলেন যে তাঁহার পুত্রের অন্য স্থানে সম্বন্ধ স্থির হইয়াছে; পাত্রী হিমাংশ্র বাবুরই প্রতিবাসী রমেশচন্দ্র চৌধুরীর পঞ্চদশ বর্ষীয়া কন্সালতিকা। কন্মার পিতা চার হাজার নগদ ও তুই হাজার টাকার অলকার দিতে প্রতিশ্রুত হইয়াছেন। বাণার জ্যোঠা মহাশয় যদি ইহা দিতে পারেন তবে তিনি বাণার সহিত পুত্রের বিবাহ দিতে সম্মত আছেন। পত্রের শেষ পংক্তিবাদ দিয়া বাণার জ্যোঠা মহাশয় সকলকে পত্র শুনাইলেন। বাণার জ্যোঠাইমা ও পিসিমা এককালে সমস্বরে বলিয়া উঠিলেন "কি অপয়া মেয়ে গো"! দগুায়মানা প্রভার বক্ষেকি একটা বজ্র বেদনা বোধ হওয়ায় তিনি হঠাৎ পড়িয়া গেলেন।

#### বীণার বিবাহ

শা পিতার বহু চেফা সন্তেও এ সকল সংবাদ কান্তিচন্দ্রের কর্ণগোচর হইতে বিলম্ব হইল না! পিতার বর্বরতায় পুত্র বিজ্ঞোহী হইয়া উঠিলেন। কিন্তু বহু আরাসে ক্রোধ দমন করিয়া কান্তি তাঁহার সংকল্পকে দৃঢ়তর করিয়া তুলিলেন।

সন্ধ্যার পর নানা বাভ বাজাইয়া চতুর্দ্দিক 'আলোকাকীর্ণ করিয়া মহা সমারোহে চৌধুরী বাড়ীতে লতিকার বরের শোভাষাত্র। আসিতেছে দেখা গেল। বীণাদের বাড়ীর রমণীগণ কোলাহল করিয়া ছাদ হইতে বর দেখিতে গেলের'। প্রভা দীর্ঘ নিশ্বাসের সহিত শয্যায় লুষ্টিত হইতে লাগিলেন ৷ বীণা মা'র বুকে মাথা রাখিয়া মৃত্রুরে বলিল "মা, আমার একটা কথা রাখবে ?" প্রভা কম্পিত কঠে বলিলেন "কি কথা মা ?" "বল আর তৃমি কাঁদবে না ? মা আমাকে निए कि जूमि सूथी इछ ना ? आमात विए नारे वा र'न ? সত্য করে বলছি মা আমি কখন বিরে করব না। আমি ত কত বইতে পড়েছি কত লোকে আজন্ম কুমারী থেকে দেশের সেবা করে: মা আমিও তাই করব, আর কিছু যদি না পারি শুধু তোমার সেবা ও দেশের অসহায় রোগীর সেবা করে জীবন কাটাব। তা দেখে কি তোমার আনন্দ इटव ना मा ? वल मा वल, आंत्र जूमि कॅाफ्टव ना ?"

প্রভা উচ্ছুসিত অশ্রুবেগ সম্বরণ করিয়া মৃতু হাসিয়া

বলিলেন "আচছা মা জাই হবে; অনেক কেঁদেছি অবি কাঁদৰ না, তাহলেই ওঁ তুই সুখী হবি বীণা ?"

বীণা মায়ের কথার উত্তর বাক্যে না দিয়া সানন্দে মারের

• গলা ধরিয়া মা'র মুখে চুম্বনের উপর চুম্বন করিয়া স্থির

দৃষ্টিতে মা'র মুখপানে চাহিয়া রহিল। তাহার নীল তারকা

বিশিষ্ট উজ্জ্বল চক্ষু ডুটী হইতে আনন্দধারা প্রবাহিত হইয়া

• মায়ের সম্ভপ্ত প্রাণ শীতল করিতে লাগিল।

বিনাহ বাড়ীর আনন্দ রোল মধ্যে মধ্যে উন্মুক্ত জানালা
দিয়া প্রভার কর্লে ধ্বনিত হইতেছিল। বরের সমারোহ,
যাত্রার কলরব নিকটতর হইতেছিল। প্রভা বাণাকে বলিলেন—"বীণা, আমি ত ভোমার কথা রাখিলাম আজ
তুমিও আমার একটি সাধ পূর্ণ কর।" বীণা সানন্দে জননীর
আদেশ পালন করিতে চাহিল। বীণার বিনাহের সকল
আয়োজনই হইয়াছিল। রোগক্লিফী শীর্ণদেহা প্রভা পূর্ণ
উৎসাহে সম্বত্বে বীণাকে বধ্বেশে সজ্জিত করিতে আরস্ত করিলেন। আলুলায়িত-কুন্তলার কেশ রচনা করিয়া
দিলেন। স্বত্বে মুখ্খানি মুছাইয়া ফুন্দর ক্রযুগলের মধ্যে
টিপ দিয়া স্থাসিত মনোহর নীল রেশমী পরিচছদ পরাইলেন তারপর গলায় একগাছি প্রফুল কুন্তুমের মালা
পরাইয়া উজ্জ্বল আলোকের সম্মুখে অনিমেষ অতৃপ্ত নয়নে

#### বীণার বিবাহ

কিছুক্রণ তাঁহার স্বর্ণপ্রতিমা ক্রণাপাণির মুখখানি দেখিয়া সম্মেহে চুম্বন করিলেন। অশ্রুখারা গণ্ড বহিয়া মাটাতে পড়িল। বাণা অভিমানের স্করে বলিল—"মা আবার!" সজল চক্ষে মৃত্ হাসিরা প্রভা বলিলেন—"না মা, আর না। তুই কাছে আরো সরে আয় বাণা, একবার প্রাণ্ডরে ভোকে দেখি।"

বিবাহ বাড়ীতে নহবৎ বড় মধুর বাজিতেছিল, পূর্ণিমার চাঁদ চারিদিকে জ্যোৎসা ছড়াইয়া হাসিতেছিল; সেঁই জ্যোৎসারাশির মাঝে মারের মুখপানে চাহিয়া বীণা বসিয়া রহিল।

"আর পারিনা বাঁণা, আলোটা নিবিয়ে দে" বলিয়া
দারণ বক্ষ বেদনা অসহ্য হওয়ায় প্রভা অবসয়ভাবে শব্যা
গ্রহণ করিলেন। বাঁণা ভাঁত ও ব্যথিত চিত্তে বলিয়া উঠিল
—"ওকি মা অমন কচ্চ কেন ? তোমার কি বড় বেশী
কফ্ট হচ্চে ?" প্রভা বলিলেন "কফ্ট কি মা! আমার
কফ্টের শীঘ্রই অবসান হবে।" এমন সময়ে বাহিরে কিসের
কোলাহল শুনা গেল। বরের বাপের ভর্ক্তন, চৌধুরী
মহাশয়ের অতুনয় অগ্রাহ্য করিয়া বরবেশী কান্তিচন্দ্র
হিমাংশুনাথের বাড়ীর দিকে অগ্রসর হইতেছিলেন। বরকে
নিজেদের বাড়ীতে আসিতে দেখিয়া হিমাংশুনাথের পুরস্ত্রীগণ

বিশ্বয়ে কলরব করিতে করিতে স্থাদ হইতে নামিয়া আসির্ল। কান্ডিচন্দ্র তাঁহাদের সম্মুখে উপস্থিত হইয়া বলিলেন—
"বীণার মা কই ? আমি বীণাকে বিবাহ কর্তে এসেছি।"
অমনি হুলুধ্বনির সহিত বিবাহের মঙ্গল শখ্ড উচ্চ নিনাদে
বাজিয়া উঠিল, শ্যাশায়িতা প্রভা একবার শিহরিয়।
উঠিলেন।

বীণার জ্যেঠাইমা ছুটিয়া ঘরে গিয়া রুদ্ধখাসে হাঁপাইতে হা শাইতে বলিলেন "ছোট বৌ, ছোট বৌ, ও ছোট বৌ ! বীণার বর এসেছেরে শিগ্গির আয় !" তিনি ব্যস্ততাপ্রযুক্ত আর অপেকা করিতে না পারিয়া ঘর হইতে ছুটিয়া বাহিরে বাইবার সময় বলিয়া গেলেন "বীণা, তোর মাকে জাগিয়ে দে কান্তি ভোকে বিয়ে করতে এসেছে!"

বীণা হতবুদ্ধি হইয়া উদ্বেল ব্যাকুল কণ্ঠে ডাকিল "মা! ওমা! মাগো!" প্রভার আর উত্তর পাওয়া গেল না।